




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর








অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 26 August 2021 ■ আগরতলা ২৬ আগস্ট, ২০২১ ইং ■ ৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# ভারী বর্ষণে বন্যা পরিস্থিতি বিলোনিয়ায় ধস পড়ে মৃত এক, গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৫ আগস্ট।।** ভারী বর্ষণে দক্ষিণ ত্রিপুরা জেলায় বন্যা পরিস্থিতি দেখা দিয়েছিল। বিলোনিয়া শহর জলমগ্ন হয়ে পড়েছিল। ধানের জমি, রাস্তাঘাট, বাড়িঘর, সরকারী অফিস, বিদ্যালয়ে জল জমে ভয়াবহ পরিস্থিতি দেখা দিয়েছিল। কিন্তু, বেলা গড়াতেই জল নামতে শুরু করেছে। বৃষ্টি থেমে যাওয়ায় নতুন করে জল জমতে পারেনি। তবে, ধস পরে এক যুবকের মৃত্যু হয়েছে। আরও দুই নাবালক অল্পেতে প্রাণে বেচেছে। পরিস্থিতি পর্যালোচনা করে প্রশাসনের তরফে তিনটি ত্রাণ শিবির খোলা হয়েছে। কিন্তু, একটি ত্রাণ শিবিরে একটি পরিবারের ৪ জন সদস্য আশ্রয় নিয়েছেন। এদিকে, মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার ধস পরে মৃতের পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণের ঘোষণা দিয়েছেন। এছাড়া, বন্যা পরিস্থিতির কারণে ক্ষতিগ্রস্তদের সমস্ত রকম সহায়তার আশ্বাস দিয়েছেন।

মঙ্গলবার রাত থেকে দক্ষিণ জেলায় বিভিন্ন এলাকায় অবিরাম বর্ষণ হয়েছে। তাতে, রাস্তাঘাট, ধানের জমি সমস্ত কিছুই জলের তলায় চলে গেছে। সকালে রাস্তায় হাটু জল ছিল। বিলোনিয়া শহরবাসীর দাবি, বহু বছর পর বিলোনিয়ায় এমন বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে। সকালে মুহুরী নদীর জল বিপদসীমার খুব কাছাকাছি বইতে দেখা গেছে। তাছাড়া, ভারী বর্ষণ এবং ধস পরার কারণে বহু বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে বলে প্রশাসনের তরফে জানা গিয়েছে।

এদিকে, পৃথক দুইটি স্থানে ধস পরে এক যুবকের




মৃত্যু এবং দুই নাবালক গুরুতর আহত হয়েছেন। আজ সকালে বিলোনিয়া উত্তর সোনাইছড়ি দাস পাড়া এলাকায় বসতঘরে ধস পরে নারায়ণ ভৌমিকের ঘুমন্ত অবস্থায় মর্মান্তিক মৃত্যু হয়েছে। খবর পেয়ে দমকল কর্মীরা ঘটনাস্থলে ছুটে যান এবং স্থানীয় যুবকদের সহায়তায় প্রায় দুই ঘন্টার চেষ্টায় মৃতদেহ উদ্ধারে সক্ষম হন। দমকল কর্মীরা তাঁর মৃতদেহ ময়না তদন্তের জন্য বিলোনিয়া হাসপাতালে নিয়ে যান। ময়না তদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। বিলোনিয়া মহকুমা শাসক মানিক লাল দাস জানান, মৃতের পরিবারকে সহায়তা বাবদ ততক্ষনাত ১০ হাজার নগদে এবং ১০ হাজার টাকা অনলাইনে দেওয়া হয়েছে।

অন্যদিকে, বিলোনিয়া ঝড়ঝরি এলাকায় তিনটি বসতঘর ধস পরার কারণে মাটির নিচে চাপা পরে যায়। তাতে, রফিক মিয়ার দুই ছেলে রাসেল মিয়া(১২) এবং রহিম মিয়া(১১) ঘরের ভেতরে মাটি চাপা পরে যায়। স্থানীয় মানুষের সহায়তায় তাদেরকে উদ্ধার করা সম্ভব হয়েছে। খবর পেয়ে দমকল ছুটে আসেন। কিন্তু, দমকল কর্মীরা আসার আগেই ওই দুই নাবালককে উদ্ধার করতে সক্ষম হন স্থানীয় মানুষ। তাদের চিকিতার জন্য বিলোনিয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। আপাতত, তারা বিপদমুক্ত বলে চিকিতকরা জানিয়েছেন। বিলোনিয়া মহকুমা শাসক বলেন, ওই দুই নাবালকের চিকিতা বাবদ ৫০০০ টাকা তাদের বাবাকে দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এক টুইট বার্তায় বলেন, দক্ষিণ ত্রিপুরা জেলায় গতকাল মধ্য রাত থেকে মুষলধারে বৃষ্টিপাত হয়েছে। তাতে, পরিস্থিতি নিয়ে স্থানীয় প্রশাসনের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রাখা হচ্ছে এবং নজরদারি ☛ ৬ এর পাতায় দেখুন

# কোভিড বিধি মেনে রাজ্যে খুলেছে স্কুল ও কলেজ, শুরু পঠন-পাঠন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** দীর্ঘদিন বন্ধ থাকার পর কোভিড বিধি মেনে আজ থেকে ত্রিপুরায় মহাবিদ্যালয় এবং বিদ্যালয়গুলিতে পঠন-পাঠন শুরু হয়েছে। শুরুর দিনেই ছাত্রছাত্রীদের মধ্যে বিপুল উতাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে। আপাতত, বিদ্যালয়গুলিতে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পঠন-পাঠন শুরু হয়েছে। করোনার প্রকোপে দেড় বছর ধরে প্রায় বাড়িতেই কেটেছে পড়ুয়াদের জীবন। আজ তাদের দেখে মনে হচ্ছিল, এতদিনে প্রাণ খুলে শ্বাস নিতে পারছে।

সম্প্রতি ত্রিপুরায় করোনার দাপট অনেকটাই কমেছে। দৈনিক সংক্রমণের হার কমেছে সাথে কমেছে সক্রিয় রোগীর সংখ্যাও। তাই, ত্রিপুরা সরকার ছাত্রছাত্রীদের ভবিষ্যতের চিন্তায় মহাবিদ্যালয় ও বিদ্যালয়গুলিতে পঠন-পাঠন শুরু করে দিয়েছে। তবে, অবশ্যই মানতে হবে কোভিড বিধি। এক্ষেত্রে প্রতিটি বিদ্যালয়ের শ্রেণীকক্ষ স্যানিটাইজ করা হয়েছে। সামাজিক দুরত্ব বজায় রাখার পাশাপাশি মাস্ক পরিধান এবং স্যানিটাইজার ব্যবহার করা হয়েছে নিয়ম মেনে। শিক্ষক-শিক্ষিকারাও আজ মন খুলে ছাত্রছাত্রীদের পড়িয়েছেন।

বিদ্যালয়ে ফেরত জনৈক ছাত্রের কথায়, বাড়িতে থেকে হাপিয়ে উঠেছিলাম। আজ বন্ধুদের কাছে পেয়ে ভীষণ আনন্দ হচ্ছে। তার মতে অনলাইনে তেমন মজা নেই। নেহাত বাধ্য হয়ে পড়াশুনা করতে হয়েছে। জনৈক শিক্ষিকার দাবি, প্রায়ই অনলাইনে পড়াশুনা শুরু করার পর ইন্টারনেট সমস্যায় ভুগতে হয়েছে। ফলে, সঠিকভাবে মনোনিবেশে ব্যাঘাত ঘটেছে। তাঁর বক্তব্য, প্রত্যন্ত এলাকায় অনলাইনে পঠন-পাঠনে শিক্ষক-শিক্ষিকাদের প্রতিদিন ইন্টারনেটের সমস্যায় পড়তে হয়েছে। তাছাড়া, অনেক গরীব ছেলে-মেয়েদের কাছে স্মার্টফোন না থাকায় তারা সেই সুযোগ নিতে পারেনি। তবে, এখন পুণরায় বিদ্যালয়ে পঠন-পাঠন শুরু হওয়ায় ছাত্রছাত্রীরা উপকৃত হবে।

আজ সারা রাজ্যেই মহাবিদ্যালয় এবং বিদ্যালয়গুলিতে পঠন-পাঠন শুরু হয়েছে। একাংশ অভিভাবক কিছুটা ভয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

# ২৭-২৮ আগস্ট দুই দিনের রাজ্য সফরে আসছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** আফগানিস্তান নিয়ে কেন্দ্রীয় মন্ত্রিসভার জরুরি বৈঠকের কারণে মহারাজা বীর বিক্রমের জন্মশতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে যোগ দিতে আসতে পারেননি কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সিতারমণ। কিন্তু, এবার তিনি নিশ্চিত আসছেন। আগামী ২৭ আগস্ট দুই দিনের ত্রিপুরা সফরে আসছেন কেন্দ্রীয় অর্থ মন্ত্রী। তিনি ত্রিপুরা সফরকালীন ১১টি প্রকল্পের উদ্বোধন করবেন। ২৮ আগস্ট তিনি দিল্লি ফিরে যাবেন।

বিজেপি-আইপিএফটি সরকার গঠন হওয়ার পর এই প্রথম ত্রিপুরা সফরে আসছেন কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সিতারমণ। মহাকরণ সুত্রে খবর, ২৭ আগস্ট সকাল ১০ টায় আগরতলায় মহারাজা বীর বিক্রম বিমান বন্দরে নামবেন কেন্দ্রীয় অর্থ মন্ত্রী। ত্রিপুরায় এসেই তিনি রাজ্য অতিথিশালায় প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সাথে বৈঠক করবেন। বৈঠক শেষে তিনি সোজা মোহনপুর ছুটে যাবেন। পথে গান্ধিগ্রামে কোভিড টিকাকরণ কেন্দ্র পরিদর্শন করবেন তিনি। সূত্রের দাবি, মোহনপুরে কেন্দ্রীয় প্রকল্পের কাজ পরিদর্শন শেষে তিনি ১৫১ কোটি টাকা ব্যয়ে ১১টি প্রকল্পের উদ্বোধন করবেন। রাতে মুখ্যমন্ত্রী আমন্ত্রণে তাঁর সরকারী বাসভবনে কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নৈশ ভোজে মিলিত হবেন।

সচিবালয় সুত্রে খবর, ত্রিপুরা সফরের দ্বিতীয় দিন কেন্দ্রীয় অর্থ মন্ত্রী মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে পূজা দিয়ে শুরু করবেন। উদয়পুর থেকে আগরতলা ফেরার পথে গোমতি জেলায় কিল্লায় প্রবীণ জনজাতি নেতাদের সাথে তিনি মত বিনিময় করবেন। ☛ ৬ এর পাতায় দেখুন

# বিশালগড়ে পথ দূর্ঘটনায় আহত যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** বিশালগড়ের ইন্দিরা চৌমুহনী এলাকায় বুধবার পথ দুর্ঘটনায় এক যুবক আহত হয়েছে। আহত যুবকের নাম বিকাশ দেবনাথ।

দুর্ঘটনা পিছু ছাড়ছে না। প্রতিদিন রাজ্যের কোন না কোন স্থানে পথ দুর্ঘটনায় প্রাণহানির ঘটনা ঘটে চলেছে। ট্রাফিক পুলিশ ও প্রশাসন দুর্ঘটনা এড়াতে নানা পদক্ষেপ গ্রহণ করলেও তা তেমন কোনো কাজে আসে না। দ্রুতগামী তা-ও অসচেতনতার কারণে বেশিরভাগ ক্ষেত্রে দুর্ঘটনা ঘটে চলেছে। ঘটনার বিবরণে জানা যায়, সকাল দশটা নাগাদ বিশালগড় থানাধীন ইন্দিরা চৌমুহনী এলাকায় বাইক নিয়ে বিশালগড়ের উদ্দেশ্যে আসার পথে পেছন দিক থেকে আসা গাড়ি সজোরে ধাক্কা মারে।সঙ্গে সঙ্গে বাইক থেকে ছিটকে পড়ে যায় বয়স ☛ ৬ এর পাতায় দেখুন

# রাজ্যে করোনার দৈনিক সংক্রমণ ফের ওঠা-নামা করছে, বেড়েছে মৃত্যু ও সক্রিয় রোগীর সংখ্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** ত্রিপুরায় করোনায় দৈনিক সংক্রমণ ফের ওঠা-নামা করছে। কিন্তু দৈনিক মৃত্যু বেড়েছে। গত ২৪ ঘণ্টায় নতুন করে ১২৪ জন করোনায় আক্রান্ত হয়েছেন। পাশাপাশি, ৬১ জন সুস্থ হয়েছেন। সংক্রমণের হার কমে দাড়িয়েছে ২.০৩ শতাংশে। মৃত্যু হয়েছে দুইজনের। তাতে বর্তমানে সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে দাড়িয়েছে ১০৫০ জন।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে, গত ২৪ ঘণ্টায় আরটি-পিসিআরে ৬৯৬ এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৫৪০০ জনকে নিয়ে মোট ৬০৯৬ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, আরটি-পিসিআরে ১৭ জন এবং রেপিড অ্যান্টিজেনে ১০৭ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। সব মিলে গত ২৪ ঘণ্টায় মোট ১২৪ জনের শরীরে নতুন করে করোনা সংক্রমণের খোঁজ পাওয়া গেছে। সংক্রমণের হার কমে দাড়িয়েছে ২.০৩ শতাংশ।

এদিকে, সুস্থতা স্বস্তি দিয়েই চলেছে। গত ২৪ ঘণ্টায় ৬১ জন করোনা সংক্রমণ থেকে মুক্তি পেয়েছেন। তাতে বর্তমানে করোনায় আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ১০৫০ জন। প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ৮২৩৮৪ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ৮০৪৭৮ জন সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। রাজ্যে বর্তমানে করোনা-আক্রান্তের হার হয়েছে ৪.৭৮ শতাংশ। তেমনি, সুস্থতার হার হয়েছে ৯৭.৭৬ শতাংশ। এদিকে ০.৯৬ শতাংশ হয়েছে মৃত্যুর হার। গত ২৪ ঘণ্টায় দুইজনের মৃত্যু হওয়ায় এখন পর্যন্ত ত্রিপুরায় ৭৯০ জন করোনায় আক্রান্ত ☛ ৬ এর পাতায় দেখুন

# ছাব্বিশ দিন পর বাংলাদেশ থেকে ফিরল অপহৃত কিশোর

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২৫ আগস্ট।।** বক্সনগর নজুরপুরা সোনা পাচার ঘটনায় ,অপহৃত ফয়সাল প্রশাসনিক সহযোগিতা নিজ বাড়িতে ফিরে এসেছে। সীমান্ত বর্তী গ্রাম নজুরপুরা বক্সনগর আর ডি ব্লকের অধিনে,বাগবের গ্রাম পঞ্চায়েতে অবস্থিত। পাচাঁর বানিজ্যের মৃগয়া ক্ষেএ।সীমান্তে শতকরা আশি শতাংশ অন্যায় ও অপরাধ ঘটনার পেছনে রয়েছে পাঁচার বানিজ্যের হাত। এমনি একটি ঘটনা হয়েছিল , বিগত ৩১/৭/২০২১ইং সকাল ৯টা৩০ মিনিটের সময় নজুর পুরা সীমান্তে তারঁ কাটা বেড়ার ওপারে ,সোনা পাঁচার বানিজ্যের ঘটনা কে ঘিরে আবু কালামের নাবালক ছেলে ফয়সাল আহমেদ কে অপহরণ করে বাংলাদেশ নিয়ে গেছে।অপহরন কারি মাষ্টার মাইন হচ্ছে নাছির মিয়া ও তার শ্যালক।সীমান্তে অতনদ্র প্রহরীর ভূমিকা ছিল সীমা সুরক্ষা বল,ব্যাটিলিয়ান ১৮৩,আর গেইট নং১৯০.।মূল ঘটনার কেন্দ্র বিন্দু ছিল এক কোটি ☛ ৬ এর পাতায় দেখুন

# হাওয়াইবাড়িতে বিস্তর পরিমাণে নেশা সামগ্রী বাজেয়াপ্ত

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৫ আগস্ট।।** তেলিয়ামুড়া হাওয়াইবাড়ি চেক পোস্ট এলাকায় বুধবার সকালে একটি লরি আটক করে তল্লাশি চালিয়ে প্রচুর পরিমাণ শুকনো গাঁজা উদ্ধার করা হয়েছে। লরির চালককেও উদ্ধার করেছে পুলিশ।

রুটিন চেকিং করার সময় তেলিয়ামুড়া ট্রাফিক ইউনিট এবং তেলিয়ামুড়া থানার পুলিশের যৌথ উদ্যোগে প্রায় পাঁচ লক্ষাধিক টাকার শুকনো গাঁজা উদ্ধারকরা হয়। আটক করা হয় গাড়ি চালককে। ঘটনা তেলিয়ামুড়া থানাধীন হাওয়াই বাড়ি নাকা পয়েন্ট এলাকায় বুধবার সকালে। প্রতিদিনের মত তেলিয়ামুড়া ট্রাফিক ইউনিটের কর্তব্যরত এসআই ☛ ৬ এর পাতায় দেখুন



বুধবার থেকে রাজ্যের স্কুলগুলিতে শুরু হয়েছে পঠন-পাঠন। তুলসীবতি স্কুল থেকে তোলা নিজস্ব ছবি।

# মুঙ্গিয়াকামীতে ম্যালেরিয়ার থাবা, আক্রান্ত হচ্ছে গণহারে

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৫ আগস্ট।।** মারণব্যাধি ম্যালেরিয়া রোগের থাবা বসাল প্রত্যন্ত এলাকার উপজাতি বসতি গ্রামে। এই রোগে আক্রান্ত হয়ে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন উপজাতি বৃদ্ধা। ঘটনা মুঙ্গিয়াকামী ব্লকের নুনাছড়া এডিসি ভিলেজের প্রজা বাহাদুর মলসম পাড়া এলাকায়। ঘটনার বিবরণে জানা যায় নোনাছড়া এডিসি ভিলেজের প্রজা বাহাদুর মলসম পাড়ার জনজাতি দের ঘরে ঘরে জ্বরের প্রাদুর্ভাব। জ্বরে আক্রান্ত হয়ে পুষ্প রানী মলসম( ৫০) বিনা



চিকিৎসায় কাতরাচ্ছিল।

কিন্তু পুষ্প রানী শারীরিক অবস্থার অবনতি প্রত্যক্ষ করে পরিবারের লোকজন তাকে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

# সাতডুবিয়া গ্রামে উদ্ধার এক ব্যক্তির মৃতদেহ, হত্যার অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** সাত সকালে মোহনপুরের সাতডুবিয়া গ্রামের হরিনাখলা বিদ্যালয় মাঠ থেকে মাঝ বয়সী এক ব্যাক্তির মৃতদেহ উদ্ধার করা হয়েছে।মৃত ব্যাক্তির নাম নিতাই সরকার। সিধাই থানা এলাকার সাতডুবিয়া গ্রামের হরিনাখলা বিদ্যালয় মাঠ থেকে মাঝ বয়সী এক ব্যাক্তির মৃতদেহ উদ্ধার হয়েছে। মৃত ব্যক্তির নাম নিতাই সরকার। বাড়ি ওই এলাকাতেই।

মঙ্গলবার সন্ধ্যা নাগাদ নিতাই সরকার নামে ওই ব্যক্তির বাড়ি থেকে বের হয়ে গিয়েছিল। তারপর থেকে খোঁজাখুঁজি করেও তার কোন হদিস পাওয়া যাচ্ছিল না। বুধবার সকালে স্থানীয় স্কুল মাঠে তার মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। স্থানীয় লোকজনরা মৃতদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেন। খবর পেয়ে পুলিশ এসে ঘটনাস্থল থেকে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠিয়েছে। কিভাবে তার মৃত্যু হয়েছে সে বিষয়ে অবশ্য বিস্তারিত কোনো তথ্য জানা যায়নি। এটি অস্বাভাবিক মৃত্যু নাকি পরিকল্পিত হত্যাকাণ্ড তা নিয়ে এলাকার জনমনে গুঞ্জন শুরু হয়েছে।

পুলিশ জানিয়েছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে অস্বাভাবিক মৃত্যু জনিত মামলা গ্রহণ করেছে পুলিশ। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পরই জানা যাবে এটি অস্বাভাবিক মৃত্যু কিনা।সে এই গ্রামেরই বাসিন্দা।জানা যায় গতকাল তথা মঙ্গলবার সন্ধ্যায় নিতাই সরকার তার বাড়ি থেকে বের হয়ে গেলে আর ফিরে আসেনি।অনেক অনেক খুঁজাখুঁজি করে তাকে না পাওয়া গেলে অবশেষে আজ সাত সকালে হরিনাখলা বিদ্যালয় ☛ ৬ এর পাতায় দেখুন

# 'আজাদি কা অমৃত মহোৎসব' ও ত্রিপুরার পূর্ণরাজ্য প্রাপ্তির ৫০তম বর্ষ উদযাপন, সচিবালয়ে সভা সম্পন্ন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** 'আজাদি কা অমৃত মহোৎসব' ও ত্রিপুরার পূর্ণরাজ্য প্রাপ্তির ৫০তম বর্ষ উদযাপন নিয়ে আজ সচিবালয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় রাজ্যে আজাদি কা অমৃত মহোৎসব পালনে দু''বছরব্যাপী কর্মসূচিতে রাজ্যের উন্নয়নকে প্রাধান্য দেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন মুখ্যসচিব কুমার অলক। তিনি উন্নয়নের তুলনামূলক চিত্র তুলে ধরে স্বাধীনতার ৭৫তম বর্ষপূর্তিতে 'আজাদি কা অমৃত মহোৎসব' এবং ত্রিপুরা পূর্ণরাজ্য প্রাপ্তির ৫০তম বর্ষ উদযাপনের রূপরেখা প্রণয়ন করার উপর গুরুত্ব আরোপ করেছেন। মুখ্যসচিব কুমার অলকের পৌরোহিত্যে অনুষ্ঠিত এই সভায় রাজ্য পুলিশের মহানির্দেশক ভি এস যাদব, বন দপ্তরের প্রধান মুখ্য বন সংরক্ষক ড় ডি কে শর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ডা. পি কে গোয়েল সহ বিভিন্ন দপ্তরের প্রধান সচিব ও সচিবগণ এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস উপস্থিত ছিলেন। সভায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে স্বাধীনতার ৭৫তম বর্ষপূর্তিতে 'আজাদি কা অমৃত মহোৎসব' উদযাপনের প্রস্তাবিত রূপরেখা তুলে ধরা হয়। সভায় প্রস্তাবিত রূপরেখা নিয়ে আলোচনায় মুখ্যসচিব আজাদি কা অমৃত মহোৎসবের অনুষ্ঠানমালায় 'ক্রমবর্ধমান প্রগতির পথে ত্রিপুরাকে' তুলে ধরার কথা বলেন।

এদিন মুখ্যসচিব বলেন, সারা দেশের সাথে ত্রিপুরায়ও 'আজাদি কা অমৃত মহোৎসব'' উদযাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এরই অঙ্গ হিসেবে নির্দিষ্ট কর্মসূচির পাশাপাশি বিভিন্ন বড় আকারের কর্মসূচির উদ্যোগ নেওয়া প্রয়োজন। তিনি বলেন, 'আজাদি কা অমৃত মহোৎসব' পালনে ৫টি মূল থীম যথাক্রমে স্বাধীনতা সংগ্রাম, ৭৫ বর্ষে সাফল্য, ৭৫ বর্ষে সংকল্প, ৭৫ বর্ষে ধারণা, ৭৫ বর্ষে কার্যক্রম নির্ধারিত রয়েছে। এর উপর ভিত্তি করেই কর্মসূচি গ্রহণ করা আবশ্যক। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কর্মসূচিগুলিকে 'আজাদি কা অমৃত মহোৎসব'' উদযাপনের একই ছাদের আওতায় নিয়ে আসতে তিনি পরামর্শ দেন।

মুখ্যসচিব বলেন, আজাদি কা অমৃত মহোৎসব পালনে গৃহিত বিভিন্ন কর্মসূচির সফল বাস্তবায়নে সমস্ত দপ্তরকেও তাদের নিজস্ব উন্নয়নশীল ভাবনা নিয়ে এগিয়ে আসা দরকার। উপরোক্ত ভাবনাগুলির উপর ভিত্তি করেই কর্মসূচি গ্রহণে তিনি মতামত ব্যক্ত করেন। উজ্জয়ন্ত প্রাসাদের মিউজিয়ামে স্বাধীনতা সংগ্রামের থীমের উপর ভিত্তি করে রাজ্যের স্বাধীনতা সংগ্রামীদের একটি গ্যালারী তৈরি সহ প্রদর্শনী আয়োজনের পরামর্শ দেন তিনি। সাথে স্বাধীনতা সংগ্রামীদের জীবনীর উপর পুস্তিকা প্রকাশের উপরও গুরুত্ব আরোপ করেছেন তিনি। পাশাপাশি স্বাধীনতা সংগ্রামের সাথে জড়িত রাজ্যের স্বাধীনতা সংগ্রামীদের ইতিহাস জানার জন্য তিনি রাজ্যের ইতিহাসবিদদের সাহায্য নেওয়ারও পরামর্শ দিয়েছেন সংশ্লিষ্ট দপ্তরকে। এছাড়াও বিভিন্ন উল্লেখযোগ্য স্থানে স্বাধীনতা সংগ্রামীদের মূর্তি বসানো সহ ত্রিপুরার ইতিহাসের সঙ্গে জড়িত এমন প্রখ্যাত ব্যক্তিদের নামে বিদ্যালয়ের নামাকরণ প্রভৃতি বিষয়গুলিও সভায় আলোচনাকালে প্রাধান্য পেয়েছে।

এদিন মুখ্যসচিব ত্রিপুরার বিখ্যাত সুরকার, কালজয়ী শিল্পী শচীন ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৭ ▫ সংখ্যা ৩০৬ ▫ ২৬ আগস্ট ২০২১ ইং▫ ৯ ভাদ্র ▫ বৃহস্পতিবার ▫১৪২৮ বঙ্গাব্দ২

## মুখ খুলিলেন বিপিন রাওয়াত

আফগানিস্তান তালেবানদের দখলে চলিয়া যাওয়ার পর ভারতের গোয়েন্দা ব্যর্থতার নানা অভিযোগ উঠিতে শুরু করিলেও চীফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল বিপিন রাওয়াত ভারতের মজবুত অবস্থানের উল্লেখ করিয়াছেন।প্রথমবার তালিবানিদের নিয়া মুখ খুলিয়া বড় বয়ান দিলেন তিন সেনার প্রধান বিপিন রাওয়াত।চীফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল বিপিন রাওয়াত আফগানিস্তানের পরিস্থিতি আর সেখানকার তালিবান শাসন নিয়া প্রথমবার মুখ খুলিলেন। তিনি বলেন, ‘আফগানিস্তানের কথা বলিলে আমারা সবার আগে এটা সুনিশ্চিত করিব যে, সেখান থেকে আসা কোনও সমস্যার মোকাবিলা আমরা তেমন ভাবেই করিব, যেমন ভারতে সন্ত্রাসবাদের সঙ্গে মোকাবিলা করি।জেনারেল বিপিন রাওয়াত ভারত-প্রশান্ত মহাসগরের সমস্যাকে আলাদা-আলাদা বলে আখ্যা দেন। তিনি বলেন, এই দুটি সমস্যাকে এক চশমায় দেখা ঠিক নয়। বিপিন রাওয়াত বলেন, ‘দুটি ক্ষেত্রই এই অঞ্চলের নিরাপত্তার জন্য একটি চ্যালেঞ্জ উপস্থাপন করিয়াছে। কিন্তু এগুলি বিভিন্ন পৃষ্ঠে রহিয়াছে। এই দুটি সমান্তরাল রেখা যা খুব কমই দেখা যায়।

বিপিন রাওয়াত আরও বলিলেন, ‘আমার হিসেবে সহযোগিতায় জঙ্গিদের সনাক্ত বা জঙ্গিদের বিরুদ্ধে লড়াইয়ে কোনও গোপন তথ্য পাওয়া যায়, তাহা হইলে স্বাগত জানানো হইবে।

জেনারেল বিপিন রাওয়াত বলেন, ‘যখনই কোনও সমস্যা হয়, তখন আমাদের চিন্তা বাড়িয়া যায়। শুধু আমাদের উত্তরে থাকা প্রতিবেশীই নয়, পশ্চিমে থাকা প্রতিবেশীদের কাছে পরমাণু হাতিয়ার রহিয়াছে। আমরা এমন দুই প্রতিবেশী দিয়া ঘিরিয়ি রহিয়াছি, যাহাদের কাছে কূটনৈতিক হাতিয়ার রহিয়াছে।

তিনি বলেন, ‘এরজন্য আমরা লাগাতার আমাদের নীতি উন্নত করিতেছি। আমরা আমাদের প্রতিবেশীদের অ্যাজেন্ডা বুঝিবার চেষ্টা করিয়াছি। সেই হিসেবেই আমরা আমাদের ক্ষমতাও বিকশিত করিয়াছি। আমরা অনেকটাই মজবুত। যেকোনও শত্রুকে আমাদের সেনার মাধ্যমে কড়া জবাব দিতে সক্ষম। ভারতের তিন সেনাবাহিনীর প্রধান চিপ অফ ডিফেন্স বিপিন রাওয়াত যেভাবে ভারতের নিরাপত্তা ব্যবস্থাকে যেভাবে ব্যাখ্যা করিতে চাহিয়াছেন

তাহা অদূর ভবিষ্যতে দেশের সেনাবাহিনী এবং দেশবাসীর মনোবল চাঙ্গা করিতে যথেষ্ট সহায়ক ভূমিকা পালন করিবে। চিপ অফ ডিফেন্স বিপিন রাওয়াত যে বার্তা দিয়াছেন তাহা দেশবাসীর কাছে খুবই তাৎপর্যপূর্ণ। আফগানিস্তান ইস্যুতে ভারতের অবস্থান যাতে কোনোভাবেই নড়বড়ে হইয়া না পড়ে সেজন্য তিনি বলিষ্ঠ ভূমিকা পালন করিয়াছেন বলা যাইতেই পারে। দেশপ্রেমিক সেনাবাহিনী এবং দেশবাসীর মনোবল চাঙ্গা রাখতে এ ধরনের বক্তব্য সময়োপযোগী পদক্ষেপ বলিয়াই দেশবাসী মনে করেন।

## শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অবিলম্বে পদত্যাগ করুন, বিতর্ক উস্কে মন্তব্য সায়ন্তন বসুর

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : বিকাশ ভবনের সামনে শিক্ষিকাদের আত্মহত্যার চেষ্টার ঘটনাকে ঘিরে উত্তাল হয়েছে বঙ্গ রাজনীতি। রাজ্যের বিরোধী পক্ষের রাজনীতিবিদরা রাজ্য সরকারকে তুলোধনা করছেন। এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী আন্দোলনকারীদের ”বিজেপির ক্যাডার” হিসেবে সম্বোধন করেছেন। বুধবার বিজেপি নেতা সায়ন্তন বসু এনআরএসে অসুস্থ আন্দোলনকারীদের দেখতে যান। বেরিয়ে এসে তিনি বলেন, ’আমি ওঁদের খোঁজখবর নিতে এসেছিলাম। তবে ৭২ ঘন্টার আগে কিছু জানানো যাবে না বলে চিকিতসকেরা জানিয়েছেন। এমনি জানা গেছে তাঁরা স্টেবেল আছেন। চিকিতসার কোনো ত্রুটি হবে না।’ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু প্রসঙ্গে তিনি বলেন, ’ব্রাত্যবাবুর ত্রিপুরা যাওয়ার সময় আছে, সাংবাদিক সম্মেলনের সময় আছে, বিজেপি নেতা-কর্মী-কার্যকর্তাদের গালাগালি করার সময় আছে শুধু যারা সমাজের মেরুদন্ড সেই শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে দেখা করার সময় নেই। এর থেকে দুর্ভাগ্য বোধহয় বাংলায় কখনও হয়নি। শিক্ষামন্ত্রী আগে শিক্ষক-শিক্ষিকাদের সাথে দেখা করে কথা বলুন। তাঁরা যদি আত্মহত্যা করেন তবে সমাজকে আত্মহত্যা করতে হবে। শিক্ষামন্ত্রীর পদত্যাগ করা উচিত। ভারতের কোথাও এই ঘটনা ঘটে না।’

## বাড়ল বাজেট, চাকরিতে সংরক্ষণ, তফসিলি জাতির উন্নয়নে বড় ঘোষণা মুখ্যমন্ত্রীর

কলকাতা, ২৫ আগস্ট (হি. স.) : অনগ্রসর শ্রেণি কল্যাণে আরও বড় পদক্ষেপ নিল রাজ্য সরকার। তফসিলি জাতির জন্য বাজেট বাড়ানো হল। বুধবার নবান্নে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। চাকরিক্ষেত্রেও তাঁদের জন্য সংরক্ষণ বাড়ল। এখন থেকে ২২ শতাংশ সংরক্ষিত করা হল পিছিয়ে পড়া সম্প্রদায়ের জন্য। এদিনই প্রথম রাজ্যে নবগঠিত তফসিলি জাতি উন্নয়ন কাউন্সিলের বৈঠক হল। সব সদস্যকে নিয়ে আলোচনা করলেন মুখ্যমন্ত্রী। সেখানেই এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি তফসিলি জাতির উন্নয়নে আরও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়।তৃতীয়বার রাজ্যের ক্ষমতায় আসার পরই তফসিলি জাতি, উপজাতির উন্নয়নের পৃথকভাবে পরামর্শদান পর্ষদ তৈরি করেন মুখ্যমন্ত্রী। আর বুধবারই সেই পর্ষদের প্রথম বৈঠক ছিল। সেখানে উপস্থিত ছিলেন অনগ্রসর শ্রেণির জনপ্রতিনিধি তথা বলাগড়ের তৃণমূল বিধায়ক মনোরঞ্জন ব্যাপারী-সহ পর্ষদের অন্যান্য সদস্য। তাঁরা একাধিক সুবিধা-অসুবিধার কথা তোলেন। তার চটজলদি সমাধানও করে দেন মুখ্যমন্ত্রী। হিন্দুস্থান সমাচার/ অশোক

## পুলিশ হেফাজতে থাকা শ্যামাপ্রসাদের সঙ্গে দেখা করলেন সাংসদ সৌমিত্র

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : পুলিশ হেফাজতে থাকা রাজ্যের প্রাক্তন মন্ত্রী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গে দেখা করলেন বিষ্ণুপুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ। বুধবার দুপুর পৌনে ১টা নাগাদ বিষ্ণুপুর থানায় হাজির হন সৌমিত্র। প্রায় ২০ মিনিট তিনি থানায় ছিলেন। কথা বলেন শ্যামাপ্রসাদের সঙ্গেও। বিষয়টিকে নেহাতই ‘সৌজন্য সাক্ষাৎ’ বলে সৌমিত্র দাবি করলেও, এ নিয়ে রাজনৈতিক আলোচনা শুরু হয়েছে। শ্যামাপ্রসাদ-সৌমিত্রর এই সাক্ষাৎকে কটাক্ষ করতে ছাড়েনি তৃণমূলও। তৃণমূলের বিষ্ণুপুর সাংগঠনিক জেলার সভাপতি আলোক মুখোপাধ্যায় এই ‘সৌজন্য সাক্ষাৎ’ প্রসঙ্গে বলেন, “কেন্দ্রীয় সরকারের প্রভাব খাটাতেই থানায় গিয়েছিলেন সাংসদ। বিজেপি আপাদমস্তক দুর্নীতিতে ভরা। ইতিমধ্যেই শ্যামাপ্রসাদ দুর্নীতিতে জড়িত কয়েক জনের নাম পুলিশের কাছে বলেছেন বলে শুনেছি। তাঁদের নাম যাতে জড়িয়ে না যায় সে জন্যই থানায় গিয়েছিলেন সাংসদ।”

সৌমিত্রর দাবি, শ্যামাপ্রসাদের শারীরিক অবস্থার খোঁজখবর নিয়েছেন। পাশাপাশি তাঁকে ব্যক্তিগত ভাবে আইনি সহায়তা দেওয়ার আশ্বাসও দিয়েছেন। পরে তিনি বলেন, “আমি শ্যামাপ্রসাদবাবুর নেতৃত্বে দীর্ঘ দিন ধরে রাজনীতি করেছি। ২০১১ সালে তাঁর সহযোগিতায় বিধায়ক হয়েছিলাম। ব্যক্তিগত ভাবে শ্যামাপ্রসাদবাবুর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। এর সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই।” সৌমিত্র আরও বলেন, “শুনলাম শ্যামাপ্রসাদবাবুকে রাজনৈতিক ভাবে হেনস্থা করা হয়েছে। দুর্নীতি হয়েছে বা হয়নি তা আমি বলতে পারব না। তবে তাঁর বয়স ও শারীরিক অবস্থার কথা চিন্তা করে আইনি নোটিস পাঠিয়ে ঘটনার তদন্ত করলে ভাল হত।” তাঁর অভিযোগ, “এক জন বয়স্ক মানুষকে রাজ্য সরকার ও প্রশাসন যে ভাবে নির্যাতন করছে, তা মেনে নেওয়া যায় না।” অন্য দিকে, পুরসভার টেন্ডার দুর্নীতি-কাণ্ডে মঙ্গলবার রাতে দিলীপ গড়াই নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে বিষ্ণুপুর থানার পুলিশ। দিলীপ বিষ্ণুপুর পুরসভার প্রাক্তন ওভারশিয়ার বলে জানা গিয়েছে।

# দেশে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় ও ধন্দ কেশব কার্ভে

ড. বিমলকুমার শীট

উনিশ শতকে বাংলায় সমাজ সংস্কার ও সাংস্কৃতিক আন্দোলনের মতো মহারাষ্ট্রে ব্যাপক সমাজ সংস্কার আন্দোলনের উদ্যোগে দেখা দেয়। এতে অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিলেন লোকহিতবাদী গোপালহরি দেশমুখ, আত্মারাম পান্ডুরঙ্গ, মহাদেব গোবিন্দ রানাডে, আগরকার, জ্যোতিবা ফুলে, ড. বি. আর. আম্বেদকর, বিনোবা ভাবে, নানাজী দেশমুখ প্রমুখ ব্যক্তি। ধন্দ কেশব কার্ভেও মহারাষ্ট্রে সমাজ সংস্কারে নারী শিক্ষার বিস্তারে এবং বিধবা বিবাহ সমর্থনে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিলেন। তার মধ্যে তাঁর গুরুত্বপূর্ণ কাজটি হল ভারতে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা।

১৮৫৮ সালে ১৮ এপ্রিল মহারাষ্ট্রে রত্নগিরি জেলায় খেড় তালুকের ওয়ালি গ্রামে এক নিম্ন মধ্যবিত্ত চিৎপাবন ব্রাহ্মণ পরিবারে ধন্দ কেশব কার্ভে জন্মগ্রহণ করেন। ২৩ বছর বয়সে ম্যাট্রিক পাশ করার পর ১৮৮৪ সালে এলফিনস্টোন কলেজ থেকে বি. এ. পাশ করেন। এই পরীক্ষায় তিনি অঙ্কে প্রথম স্থান লা করেন। রসায়ন বিদ্যায় পড়াশুনা করলেও তাতে তিনি অনুত্তীর্ণ হন (১৮৮৭)। ১৮৮৮ থেকে ১৮৮৯ সাল পর্যন্ত তিনি ক্যাথিড্রাল বালিকা উচ্চবিদ্যালয়, আলেকজান্ডার বালিকা বিদ্যালয়, মারাঠা উচ্চবিদ্যালয় এবং বম্বেতে অঙ্ক বিষয়ে শিক্ষকতা করেন। আর্থিক অবস্থা খারাপ হওয়ার কারণে একই সঙ্গে একাধিক প্রতিষ্ঠানে কার্ভেকে কাজ করে উপার্জন করতে হত। অবশেষে গোপালকৃষ্ণ গোখলে ১৮৯১ সালে ফার্গুসন কলেজে অঙ্কের অধ্যাপক পদে যোগ দেওয়ার জন্য কেশব কার্ভেকে আমন্ত্রণ জানালে কার্ভে তা গ্রহণ করেন। দীর্ঘ ২৩ বছর কাজ করার পর ১৯১৪ সালে কেশব কার্ভে অবসর গ্রহণ করেন।

দেশে তখন নারীদের উন্নতি বিষয়ে চর্চা চলছে। বিশেষ করে নারীশিক্ষা ও বিধবা বিবাহ প্রবর্তন প্রসঙ্গে। পণ্ডিত বিষ্ণু শাস্ত্রীও পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কেশব কার্ভেকে বিধবাদের উন্নতিও কাজে আত্মনিয়োগের অনুপ্রেরণা দেন। পণ্ডিতা রমাবাঈও তাঁকে নারী শিক্ষার উন্নতির দিকে কাজ করার কথা বলেন। হার্বাট স্পেনসারের লেখা দ্বারা ও তিনি প্রভাবিত হন। তাই কেশব কার্বে বিধবাদের উন্নতি ও নারী শিক্ষার প্রসারে তাঁর জীবন উৎসর্গ করতে মনস্থির করেন। ১৮৯৩ সালের মধ্যে তিনি ‘বিধবা বিবাহোস্টেজ মণ্ডলী প্রতিষ্ঠা করেন। এর কাজ ছিল গরিব বিধবা মহিলাদের বাচ্চাদের সাহায্য করা এবং তাঁদের শিক্ষা বিষয়ে দেখাশোনা করা। ১৮৯৫ সালে প্রতিষ্ঠানটির



নাম পরিবর্তন করে রাখা হয় ‘বিধবা বিবাহ প্রতিবন্ধ নিবারক মণ্ডলী। ১৮৯৮ সালে তিনি পুনাতে বিধবা আশ্রম প্রতিষ্ঠা করেন, ১৯০০ সালে তা হিঙ্গেতে স্থানান্তরিত করা হয়। প্রথমা স্ত্রীর মৃত্যুর পর কেশব কার্ভে নিজে দ্বিতীয়বার এক বিধবা মহিলাকে বিবাহ করেন। এই কাজের জন্য সমাজ তাঁকে বহিস্কার করে। তাতে তিনি দমে যাননি। নারীদের শিক্ষার জন্য ১৯০৭ সালে গড়ে তোলেন মহিলা বিদ্যালয়। পরের বছর মহিলা বিদ্যালয়ের কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রতিষ্ঠা করেন নিস্কাম কর্মঠ নামক এক স্ব-আত্মনিয়োগ প্রতিষ্ঠান।

অধ্যাপক কার্ভে নিজ প্রতিষ্ঠানগুলির জন্য সানন্দে দৈহিক পরিশ্রম পর্যন্ত করতেন। যখন পুনা শহর হতে চার মাইল দূরে একটি গ্রামে হিন্দু বিধবা নিবাস স্থাপিত হয় তখন পুনা হতে সেই গ্রামে যাবার রাস্তা ছিল না, যানবাহন ছিল না, বাজার ছিল না, প্রতিষ্ঠানটির কোনও অর্থবলও ছিল না। তখন কার্ভে পুনার ফার্গুসন কলেজে অধ্যাপনা করে প্রতিদিন বিকালে হেঁটে সেই গ্রামে যেতেন ও রাত্রে সেখানে থাকতেন। কারণ, জনবিরল স্থানে বিধবাগুলির রক্ষণাবেক্ষণের জন্য লোক রাখবার টাকা ছিল না। গ্রামে খাদ্যদ্রব্য কিনতে পাওয়া যেত না। সেই জন্য অদ্যাপক কার্ভে খাদ্যশস্য ও তরি-তরকারি প্রত্যত পুনার বাজার হতে কিনে নিজে মাথায় ও কাঁধে করে বয়ে নিয়ে যেতেন। সন্ধ্যার পর ও পরদিন সকালে বিধবাদেরকে পড়াতেন। তারপর চার মাইল হেঁটে পুনায় কলেজে যেতেন। এরকম একটি মানুষ ভারতবর্ষে ও পৃথিবীতে দুর্লভ। ১৮ এপ্রিল কেশভ কার্ভের ৮০ তম জন্মদিবস উপলক্ষে দেশের বিভিন্ন প্রান্তে নানা সভা অনুষ্ঠিত হয়। কলকাতায়ও একাধিক সভ্য হয়। তাছাড়া অল ইন্ডিয়া রেডিওর কর্তৃপক্ষের অনুরোধে প্রবাসীর সম্পাদক রেডিওতে কেশব কার্ভে সম্পর্কে বলেছিলেন। এই ভাষণ মে মাসের মডার্ন রিভিউতে চিত্রসহ প্রকাসিত হয়।

এবার বিশ্ববিদ্যালয় কথায় আসা যাক। ১৯১৫ সালে কাশীর বাবু শিবপ্রসাদ গুপ্ত জাপানে গেলে তিনি সেখানে জাপানি মহিলা বিশ্ববিদ্যালয় দেখে প্রভাবিত হন। এবং ফেরার সময় ওই বিশ্ববিদ্যালয়ের একটি পুস্তিকা সঙ্গে নিয়ে আসেন। তারপর ওই পুস্তিকাখানি কেশব কার্ভের কাছে প্রেরণ করেন। ১৯১৫ সালে বোম্বেতে জাতীয় কংগ্রেসের অধিবেশনের পাশাপাশি ন্যাশনাল শোস্যাল কনপারেন্সের কাজ হচ্ছিল। কেশব কার্ভেকে শেযোক্ত প্রতিষ্ঠানের সভাপতি করা হয়। সভাপতি হিসাবে কার্ভে মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা বলেন। তারই পরিণতি স্বরূপ শুধু ভারত নয় দক্ষিণ -পূর্ব এশিয়ার মধ্যে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় ১৯১৬ সালে প্রতিষ্ঠিত হয়। চার বছরে কার্ভে বিশ্ববিদ্যালয়ের জন্য ২ লক্ষ ১৬ হাজার টাকা অর্থ সংগ্রহ করেন। বোম্বাইয়ের প্রসিদ্ধ উদ্যোগপতি বিঠলদাস দামোদর ঠাকুরসী বিশ্ববিদ্যালয়ের নামে ১৫ লক্ষ টাকা দান করেন। এই উদ্যোগপতির মা শ্রীমতি নত্নীবঙ্গ দামোদর ঠাকুরসীর নামে মহিলা বিশ্ববিদ্যালয়ের নামকরণ করা হয়। মাহাত্ম গান্ধি এই নবগঠিত বিশ্ববিদ্যালয়কে স্বাগত জানান এবং মাতৃভাষায় শিক্ষা প্রদানের কথা বলেন।

১৯১৭ সালে কেশব কার্বে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় এবং পরের বছর কন্যাশালা প্রতিষ্ঠা করেন। যোখানে জেলা স্থানীয় বোর্ডস দ্বারা পরিচালিত কোনও বিদ্যালয় ছিল না সেখানে কেশব কার্ভে ১৯৩৬ সালে মহারাষ্ট্রে গ্রামীণ প্রাথমিক শিক্ষা সমাজ প্রতিষ্ঠা করেন। ১৯৪৪ সালে তিনি ‘সমতা সঙ্গ’ প্রতিষ্ঠা করেন। ধীরে ধীরে ৪০টি প্রাথমিক বিদ্যালয় খোলা হয়। স্বাধীনতার পর রাজা সরকারের দায়িত্ব নেন।

শুধু দেশে নয় বিদেশেও কেশব কার্ভে নারী শিক্ষার ওপর বক্তব্য রাখেন এবং তাঁর মহিলা বিশ্ববিদ্যালয়ের জন্য অর্থ সংগ্রহ করেন। ১৯২৯ সালে তিনি ইংল্যান্ডে যান। মালবার্ন প্রাথমিক শিক্ষক সমাবেশে যোগদান করেন এবং ভারতে নারীশিক্ষার উপর লন্ডনের ক্যাবটেন হল এর একটি সমাবেশে বক্তব্য রাখেন। ১৯২৯ সালে কেশব কার্ভে জেনেভাতে এক শিক্ষা সমাবেশে যোগ দেন এবং নারীদের উচ্চশিক্ষার উপর ভারতীয় পরীক্ষা-নিরীক্ষা’ উপর বক্তৃতা রাখেন। আগষ্টে যোগ দেন এলসিনর আন্তর্জাতিক শিক্ষাশিবিরে আমেরিকায় ভ্রমণকালে তিনি ভারতে নারীশিক্ষা ও সমাজ বিষয়ে বিভিন্ন জায়গায় বক্তব্য রাখেন। বিশ্বভ্রমণকালে তিনি ২৭০০০ টাকা তাঁর নারী বিশ্ববিদ্যালয়ের জন্য সংগ্রহ করেন। ১৯৩০ সালে এপ্রিলে তিনি ভারতে প্রত্যাবর্তন করেন। ওই বছর ডিসেম্বরে কেশব কার্ভে আফ্রিকার মোম্বাসা, কেনিয়া, উগান্ডা, ট্যাঙ্গানায়িকা, জিঞ্জিবার, পূর্ব ও দক্ষিণ আফ্রিকা পরিদর্শন করেন। এখানে ভ্রমণকালে তিনি, ৪,০০০ টাকা সংগ্রহ করেন। ১৯৩২ সালে মার্চে তিনি বারত প্রত্যাবর্তন করেন।

কেশব কার্ভে জাতিভেদ প্রথম এবং অস্পৃশ্যতার বিরুদ্ধে রুখে। দাঁড়ান। তিনি বিধবা বিবাহ এবং নারীদের শিক্ষা প্রদানের মাধ্যমে তাঁদের সামাজিক মানোন্নয়নের চেষ্টা করেন। ধর্মের ব্যাপারে তাঁর উদার দৃষ্টিভঙ্গি ছিল। তিনি বিশ্বাস করতেন সর্বশক্তিমান বা পরমাত্মা বিশ্বব্যাপী ছড়িয়ে আছে। তিনি জাতীয় শিক্ষার পক্ষে ছিলেন। তাঁর মতে কেবলমাত্র স্বাধীনতাই যথেষ্ট নয়। সামাজিক সমতা ও জাতিহীন সমাজ অবশ্যই কাম্য। কেশব কার্বে ছিলেন একজন মহান সমাজকর্মী ও শিক্ষাবিদ। তিনি সাধারণ ও বিলাস বর্জিত জীবন যাপন করতেন। তাঁর ৭১ বছরের জন্মদিনে পুনা মিউনিসিপ্যালিটি এরানধাচনে রোডের নাম রাখেন ‘কার্ভে রোড’। কেশব কার্ভেণ কাজকে সম্মান জানিয়ে ভারত সরকার তাঁকে ১৯৫৫ সালে পদ্মবিভূষণ এবং ১৯৫৮ সালে ১০০ তম জন্মদিবসে ‘ভারতরত্ন’ সম্মানে ভূষিত করে। ১০৪ বছর বয়সে ১৯৬২ সালে তিনি প্রয়াত হন। ভারত হারাল তার মহান সন্তানকে। (সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# শান্তির জন্য একজোট হতে হেবে

বোরিয়া মজুমদার

আফগান ক্রিকেটার রাশিদ খানকে যাঁরা চেনেন, তাঁরা একবাক্যে স্বীকার করবেন যে, ক্রিকেট-দুনিয়ার তিনি অন্যতম প্রাণোচ্ছল এবং দিখখোলা মানুষ। আশাবাদে পরিপূর্ণ। তাঁর মতো সফলতার আখ্যান আফগানিস্তানে আর কারও নেই। গর্বিত আফগান রাশিদ দীর্ঘদিন যাবৎ মানবতাবাজী কার্যকলাপের সঙ্গে যুক্ত। একটি প্রতিষ্ঠান চালান রাশিদ, যার লক্ষ্য তাঁর সহ-নাগরিকদের কাছে জীবনের মৌলিসক সুবিধাটুকু পৌঁছে দেওয়া এবং তাঁদের সামনে এক উন্নত ভবিষ্যৎ তুলে ধরা।

রবিবার সন্ধেবেলা যখন আমি রাশিদের সঙ্গে যোগাযোগ করি, প্রথমেই আমার মনে হয়, ঠিক কতটা উদ্বেগের মধ্যে রয়েছেন রাশিদ। আফগানিস্তানে যা চলছে, তাতে সেটাই হয়তো স্বাভাবিক ছিল। কিন্তু যতক্ষণ না স্থানীয় কারও সঙ্গে সেখানকার পরিস্থিতি নিয়ে কথা হচ্ছে, ততক্ষণ বাস্তব অবস্থাটা বোধগম্য হয় না। দ্বিতীয় যে বিষয়টা আমার মাথায় এল, তা হল, রাশিদ, যিনি কিনা কথা বলতে এত ভালবাসেন, সেই রাশিদ কীভাবে যে আশঙ্কিত হয়ে রইলেন কথোপকথন-জুড়ে। কেমন একটা খোলসের মধ্যে ঢুকে রইলেন যেন। বর্তমান পরিস্থিতির যে মানসিক অভিঘাত তাঁর এবং প্রত্যেক সহ-আফগানের উপর পড়ছে, তা বারবার আমাদের মনে করিয়ে দিচ্ছে যে, বাকি বিশ্ব তাঁদের পাশে দাঁড়াতে ব্যর্থ হয়েছে। এর ফলে আমাদের সময়ের সবচেয়ে খারাপ মানবতার সংকটের সূত্রপাত ঘটল।

বোরিয়া প্রথম প্রশ্ন, আপনার পরিবারেরসকলে কেমন আছেন? যা চলছে তা নিয়ে আমরা প্রত্যেকেই উদ্বিগ্ন। সেই কারণেই জিজ্ঞেস করছি, প্রিয়জনরা সবাই নিরাপদে আছেন তা?

রাশিদ হ্যাঁ ভাইজান। এখনও পর্যন্ত সব ঠিকঠাক এবং আমি আশা করছি, প্রার্থনা করছি, আগামী কয়েক দিন যেন তেমনটাই থাকে। আমি ইংল্যান্ডে রয়েছি। আপনি জানেন, ‘দ্য হান্ড্রেড’ খেলতে এসেছি। কিন্তু আমার মন পড়ে রয়েছে ঘরে, আমার কাছের মানুষদের কাছে। রাতমতো ধ্বংসলালা চলছে। মানুষ কষ্টে আছে। সেটাই একমাত্র মনোযোগ দেওয়ার বিষয় এখন আমাদের শান্তি চাই । আর কিছু না । শুধু শান্তি। আমরা মানুষকে কষ্ট পেতে দেখতে চাই না, জীবনহানি দেখতে চাই না। শিশুদের মৃত্যুর চাই না। আমাদের দেশে আমরা শান্তি চাই। বোরিয়া এটাই আমার দ্বিতীয় প্রশ্ন, রাশিদ। এই পরিস্থিতি আমাদের প্রত্যেককে ভাবাচ্ছে। আফগানিস্তান আপনার দেশ, তাই আপনার ভাবনাটা দ্বিগুণ হয়তো। একটু বলুন এ-বিষয়ে।

রাশিদ ভাইজান, আপনার মাধ্যমে একটা আবেদন আমি পৌঁছে দিতে চাই। আমরা মানুষের অনেক দুর্দশা দেখেছি অনেক দিন ধরে, মানুষের মৃত্যু দেখেছি। শিশুদের মৃত্যু দেখেছি। সহ-আফগানদের দুর্ভোগের মধ্য দিয়ে যেতে করছে। আমি আপনাকে আবেদন করছি, এই বার্তা ছড়িয়ে দিন যে আফগানিস্তানের মানুষের সাহায্যার্থে একজোট এই কষ্ট চোখে দেখা যায় না। আমাদের প্রত্যেকের কাছেই সবচেয়ে জরুরি তোমাদের পাশে দাঁড়ানো। রাশিদ ভাইজান, আমি আবারও বলব, জোর দিয়ে বলব, আমাদের শান্তি চাই। বিশ্বজুড়ে কে না

**আমার টুইটার হ্যান্ডলে দেখতে পাবেন, আফগানিস্তানের জন্য অর্থ সংগ্রহের একটি উদ্যোগে আমরা শামিল হয়েছি। আমার প্রতিষ্ঠান ও যথাসম্ভব সাহায্য করছে। আমি আপনাকে আবেদন করছি, এই বার্তা ছড়িয়ে দিন যে, আফগানিস্তানের মানুষের সাহায্যার্থে একজোট হতে হবে, তাদের যন্ত্রণা লাঘব করতে হবে। সেজন্য অর্থসাহায্য জরুরি।**

দেখেছি। আমাদের তাদের সাহায্য করতে হবে, অন্তত চেষ্টা করতে হবে। যতভাবে সম্ভব। প্রয়োজনীয় যাবতীয় জিনিসপত্র সরবরাহের ব্যবস্থা রাখতে হবে। যতভাবে সম্ভব। প্রয়োজনীয় যাবতীয় জিনিসপ্তর সরবরাহের ব্যবস্থা রাখতে হবে। আমার টুইটার হ্যান্ডলে দেখতে পাবেন, আফগানিস্তানের জন্য অর্থ সংগ্রহের একটি উদ্যোগে আমরা শামিল হয়েছি। আমার প্রতিষ্ঠানও যথাসম্ভব সাহায্য হতে হবে, তাদের যন্ত্রণা লাঘব তরতে হবে। সেজন্য অর্থসাহায্য জরুরি।

বোরিয়া রাশিদ, নিশ্চয়ই আপনার এই বার্তা আমি পৌঁছে দেব। আমি এ-ও বলব যে, আমরা তোমার, তোমাদের পাশে আছি। যেটুকু করা সম্ভব আমাদের পক্ষে, আমরা করব। যা দেখতে পাচ্ছি, তা বেশ অস্বস্তিকর। এসব দৃশ্য আমাদের মনে করিয়ে দিখে, আসলে কী ঘটছে আফগানিস্তানে। মানুষের নিজের জন্মভূমিতে শান্তি চায়, বলুন? মৃত্যু কি কেউ চায়? আমি তাই সব বিশ্বনেতাকে বলব, আমাদের আপঙক্তেয় করে দেবেন না। আফগানিস্তানে শান্তি ফেরাতে পৃথিবীকে একজোট হতে হবে।

বোরিয়া দেশের মানুষের সঙ্গে যোগাযোগ আছে আপনার? ওখানকার পরিস্থিতি কী এমনিতে? রাশিদ হ্যাঁ অবশ্যই যোগাযোগ আছে। তবে যেহেতু আমি ইংল্যান্ডে আছি, ওখানকার পরিস্থিতি নিয়ে আমার মন্তব্য করা ঠিক হবে না। তবে বিগত কয়েক দিন ধরে আমি আমার শোস্যাল মিডিয়া হ্যান্ডেলে যা বলেছি, আবারও সেটাই বলব। এটা পৃথিবীর একজোট হওয়ার সময়, আফগানিস্তানের হাত ছেড়ে দেওয়ার সময় নয়। পৃথিবীর মানুষের একত্র হয়ে মানুষের জীবন বাঁচানো উচিত, মানুষ তার অস্তিত্বের মৌলিক অধিকারটুকু যেন বুঝে নিতে পারে, যেন বঞ্চিত না হয় মানবাধিকার থেকে, সেটা দেখা এখন কর্তব্য। তাড়াতাড়ি আফগানিস্তানে শান্তি ফিরে আসুক। আমরা বিশ্বায়িত দুনিয়ায় রয়েছি, সেখানে আমরা প্রত্যেকে প্রত্যেকের প্রতি দায়িত্বশীল।

বোরিয়া রাশিদ, একথা বলতেই হবে যে, আপনি সাম্প্রতিক সময়ে আফগানিস্তানের অন্যতম সফল একজন মানুষ। আপনি আশার সলতে জ্বালিয়ে রেখেছেন। রাশিদ খানকে আদর্শ করে এগনো উচিত পরবর্তী প্রজন্মের। প্রার্থনা করব, ভবিষ্যৎ যেন এতটাই উজ্জ্বল থাকে আপনার। রাশিদ আপনার এত মরমি কথার জন্য ধন্যবাদ, ভাইজান। ক্রিকেট দুনিয়ার থেকে আমি বিপুল সমর্থন ও ভালবাসা পেয়েছি। এইরকম একটা সময়ে সেটাই আমার পাথেয়। আমি কৃতজ্ঞ। আশা করি, আরও ভাল সময়ে ভালভাবে আমরা আবার কথা বলতে পারব। আশা করছি, শিগাগরহ ভাল সময় ফিরবে। আপাতত একটাই চাহিদা, আফগানিস্তানে শান্তি ফিরুক।

(সৌজন্যে-সংবাদ প্রতিদিন)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# পঞ্জাবে ভোটে দলকে নেতৃত্ব দেবেন ক্যাপটেন হাইকম্যান্ড দাঁড়াল অমরিন্দরের পক্ষেই

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.) : পঞ্জাবের মুখ্যমন্ত্রী অমরিন্দর সিং-এর বিরুদ্ধে ফের বিদ্রোহ শুরু হয়েছিল কংগ্রেসে। কিন্তু দলের হাইকম্যান্ড বুধবার স্পষ্ট জানিয়ে দিল, পঞ্জাবে আগামীবছর বিধানসভা ভোটে তাঁরই নেতৃত্বে কাজ করবেন কংগ্রেসকর্মীরা। হাইকম্যান্ডের তরফে পঞ্জাবের দায়িত্বপ্রাপ্ত নেতা হরিশ রাওয়াত এদিন বলেন, "ক্যাপটেন অমরিন্দর সিং-এর নেতৃত্বে ২০২২ সালের ভোটে লড়াই করবে কংগ্রেস।" কিছুদিন আগে প্রদেশ কংগ্রেস সভাপতি নভজ্যোত সিং সিধু পাকিস্তান ও কাশ্মীর নিয়ে বিতর্কিত মন্তব্য করেন। সেজন্য সিধুর সমালোচনা করেন অমরিন্দর সিং।

এরপরেই দলের মধ্যে ফের দাবি ওঠে, ক্যাপটেনকে মুখ্যমন্ত্রীর পদ থেকে সরাতে হবে। মঙ্গলবার কংগ্রেসের চার মন্ত্রী সহ ২৩ জন বিধায়ক বৈঠক করে অমরিন্দরের অপসারণের দাবি তোলেন। তাঁরা জানান, লিখিতভাবে ওই দাবির কথা হাইকম্যান্ডকে জানাবেন। পঞ্জাবের মন্ত্রী ত্রিপ্ত রাজিন্দর সিং বাজওয়া বলেন, "ক্যাপটেনকে সরাতে না পারলে পঞ্জাবে কংগ্রেস বাঁচবে না।"

বুধবার বাজওয়া এবং অপর তিন মন্ত্রী সুখবিন্দর সিং সারকারিয়া, সুখজিন্দর সিং রণধাওয়া ও চিরঞ্জিত সিং চান্নি দেহরাদুনে দেখা করেন হরিশ রাওয়াতের সঙ্গে। এরপরে তাঁরা সম্ভবত দিল্লিতে কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধীর সঙ্গে দেখা করতে যাবেন। এর আগে কয়েকমাস ধরে অমরিন্দর সিং-এর সঙ্গে সিধুর বিরোধ চলছিল। পরিণামে দু'টি শিবিরে ভাগ হয়ে গিয়েছিল পঞ্জাব প্রদেশ কংগ্রেস। শেষে হাইকম্যান্ড সিধুকে প্রদেশ কংগ্রেস সভাপতির পদে বসিয়ে পরিস্থিতি সামাল দেয়। তখনই রাজ্যের ১০ কংগ্রেস বিধায়ক সিধুকে বলেন, কেউ যেন ক্যাপটেনের অসম্মান না করেন। কেননা আজও তিনি রাজ্যবাসীর কাছে সবচেয়ে বড় নেতা। তাঁদের বক্তব্য, ক্যাপটেন অমরিন্দর সিংয়ের জন্য পঞ্জাবে দল এত ভাল জায়গায় আছে। তাঁকে হতাশ করবেন না। তাতে দলেরই ক্ষতি হবে।

# মমতার পেগাসাস কমিশন: সুপ্রিম কোর্টে হলফনামা দিল নবান্ন

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.) : রাজ্য সরকার পেগাসাসকাণ্ড নিয়ে বিচারবিভাগীয় তদন্ত কমিশনের বিষয়ে বুধবার সুপ্রিম কোর্টে হলফনামা দিয়ে জানিয়ে দিল, নিরাপত্তার স্বার্থেই তদন্ত কমিশন গঠন করা হয়েছে। ফোনে আড়ি পাতা নিয়ে নিরপেক্ষভাবে তদন্ত করতেই এই কমিশন গঠন করা হয়েছে বলে দাবি করল রাজ্য সরকার।

প্রসঙ্গত, পেগাসাসকাণ্ড নিয়ে বিচারবিভাগীয় তদন্ত করতে কমিশন গঠন করেছিল। সেই কমিশনের মাথায় বসানো হয়েছিল দুই অবসরপ্রাপ্ত বিচারপতি এমবি লোকুর এবং বিচারপতি জ্যোতির্ময় ভট্টাচার্যকে। তা নিয়ে সুপ্রিম কোর্টে মামলা দায়ের হয়েছিল। শীর্ষ আদালত রাজ্য সরকারকে বলেছিল, কী কারণে কমিশন সে ব্যাপারে হলফনামা দিয়ে জানাতে। তারই এদিন হলফনামা পেশ করে রাজ্য সরকার।

গত মাসে দিল্লি যাওয়ার দিন নবান্নে সাংবাদিক বৈঠক করে বড় ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সংসদের বাদল অধিবেশন যখন পেগাসাস স্পাইওয়্যার নিয়ে উত্তাল তখন বাংলার মুখ্যমন্ত্রী একটি বিচারবিভাগীয় তদন্ত কমিশন গড়ার কথা ঘোষণা করেছিলেন। কিন্তু তা নিয়েই একটি জনস্বার্থ মামলা দায়ের হয় সুপ্রিম কোর্টে। প্রসঙ্গত, যেদিন মমতা এই কমিশন ঘোষনা করেছিলেন, সেদিনই আইনজ্ঞদের কেউ কেউ এ নিয়ে প্রশ্ন তুলেছিলেন। তাঁদের বক্তব্য, পেগাসাস একটি আন্তর্জাতিক ইস্যু। এখানে রাজ্য সরকারের কোনও এক্তিয়ার নেই কমিশন গঠন করার।

মুখ্যমন্ত্রী বলেছিলেন, রাজ্যে কাদের কাদের ফোনে আড়ি পাতা হয়েছে তা তদন্ত করবে দুই প্রাক্তন বিচারপতির কমিশন। পেগাসাসে কাদের ফোনে আড়ি পাতা হয়েছে তার বিরাট তালিকা নিয়ে হইহই পড়ে গিয়েছিল। তাতে নাম ছিল তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, ভোট কৌশলী প্রশান্ত কিশোরের। সুপ্রিম কোর্টে জনস্বার্থ মামলায় প্রশ্ন তোলা হয়েছে, আন্তর্জাতিক বিষয়ে কোনও রাজ্য সরকার তদন্ত কমিশন গঠন করতে পারে কি না। রাজ্যের এক্তিয়ার নিয়েই এই মামলা দায়ের হয়েছিল। সুপ্রিম কোর্ট এ ব্যাপারে কমিশনকে তদন্ত বন্ধ করার কথা বলেনি। শুধুমাত্র রাজ্যের কাছে হলফনামা চেয়েছিল। এদিন তা শীর্ষ আদালতে জমা দিল নবান্ন।

# ই-ভিসা ছাড়া ভারতে থাকা যাবে না আফগান নাগরিকদের জন্য নির্দেশিকা কেন্দ্রের

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.) : আফগান নাগরিকরা কেবলমাত্র ই-ভিসা নিয়েই ভারতে থাকতে পারবেন বলে বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে স্বরাষ্ট্রমন্ত্রক। বুধবার স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে জারি করা ওই নির্দেশিকায় আরও জানানো হয়েছে, এর আগেও যে আফগান নাগরিকরা ভারতের ভিসা পেয়েছেন, তাঁরা বর্তমানে ভারতে না থাকলেও তাঁদেরও নয়া এই নিয়ম মানতে হবে।

এদিকে, আফগানিস্তান থেকে ভারতীয়দের উদ্ধার করার প্রক্রিয়া জারি রয়েছে। জানা গিয়েছে, মঙ্গলবার গভীর রাতে আফগানিস্তান থেকে ভারতে এসেছেন আরও ৭৮ জন। আইটিবিপি জওয়ানদের ছাওলা ক্যাম্পে তাঁদের চোদ্দদিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। ওই ৭৮ জনের মধ্যে ২৪ জন ভারতীয় এবং ৫৪ জন আফগান নাগরিক রয়েছেন। ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে প্রত্যেকের করোনা পরীক্ষা করানো হয়েছিল। সবারই রিপোর্ট নেগেটিভ এসেছে।

উল্লেখ্য, আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। সেই কারণেই সেই দেশ থেকে নাগরিকদের ফেরাচ্ছে ভারত। ভারতীয়দের পাশাপাশি বহু আফগান নাগরিকও আফগান মুলুক ছেড়ে পালাতে চাইছেন। আফগানদের জন্য ই-ইমার্জেন্সি এক্স-মিস্ক ভিসা প্রক্রিয়া চালু করেছে বিদেশমন্ত্রক। আফগানদের সুবিধা দিতেই এই উদ্যোগ ভারত সরকারের। এছাড়াও ভারতে থাকতে ইচ্ছুক আফগান নাগরিকরা ই-ভিসার জন্য আবেদন করতে পারেন বলে জানানো হয়েছে।

# 'এঁরা শিক্ষক নন, বিজেপি-র ক্যাডার', শিক্ষিকাদের 'আত্মহত্যার চেষ্টা'য় তোপ ব্রাত্য বসুর

কলকাতা, ২৫ আগস্ট (হি. স.) : শিক্ষিকাদের বিক্ষোভে মঙ্গলবার উত্তাল হয়ে উঠেছিল বিকাশ ভবন চত্বর। বুধবার ফেসবুকে মন্ত্রী বিঁধলেন আন্দোলনকারীদের। সেই সঙ্গে তুলে ধরলেন শিক্ষক-শিক্ষিকাদের জন্য রাজ্য সরকার কী কী করেছে। অভিযোগ করেন, 'এরা শিক্ষক নন, বিজেপি-র ক্যাডার'।

বাম সরকারের আমলে পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের অধীনে এসএসকে এবং এমএসকে-র সহায়ক/সহায়িকা, সম্প্রসারক/সম্প্রসারিকারা নামমাত্র সাম্মানিক-এর বিনিময়ে কাজ করতেন। কাজের নিশ্চয়তা, আর্থিক নিরাপত্তা এবং অবসরকালীন সুযোগ সুবিধা বলে কিছু ছিল না। কিন্তু মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল সরকার ১লা ডিসেম্বর, ২০২০ থেকে এসএসকে এবং এমএসকে-গুলিকে বিদ্যালয় শিক্ষা বিভাগের অধীনে এনে একটি সুসংবদ্ধ রূপ দেয়। সহায়ক-সহায়িকাদের সাম্মানিক বাড়িয়ে মাসিক ১০,৩৪০ টাকা এবং সম্প্রসারক-সম্প্রসারিকাদের সাম্মানিক বাড়িয়ে ১৩,৩৯০ টাকা করা হয়েছে। এছাড়াও বাৎসরিক তুবৃদ্ধি বা ইনক্রিমেন্ট চালু করা হয়েছে। প্রত্যেককে স্বাস্থ্যসাথী প্রকল্পের অধীনে নিয়ে আসা হয়েছে। যাঁরা ৬০ বছর বয়সে অবসর নেওয়ার সিদ্ধান্ত জানিয়েছেন, তাঁদের অবসরের সময়ে প্রত্যেকের জন্য ৩ লক্ষ টাকা এককালীন অবসর ভাতা চালু করা হয়েছে। বাকিদের জন্যও এই সুবিধা দানের বিষয়ে অর্থদপ্তরের সঙ্গে আলোচনা চলছে।

৬০ বছর বয়সে অবসর নেওয়ার সিদ্ধান্ত যাঁরা জানিয়েছেন, তাঁদের জন্য ১/২/২১ থেকে প্রভিডেন্ট ফান্ড চালু করা হয়েছে। মহিলাদের জন্য সরকারি নিয়মানুযায়ী মাতৃত্বকালীন ছুটির ব্যবস্থা করা হয়েছে।

এছাড়াও প্রত্যেককের জন্য চিকিৎসা সংক্রান্ত সহ বাৎসরিক ১৮ দিন ক্যাজুয়াল লিভ বা ছুটির অধিকার দেওয়া হয়েছে।" এই বিবরণ তুলে ধরার পরই আন্দোলনকারী শিক্ষিকাদের তুলোধোনা করলেন ব্রাত্য বসু। তাঁর কথায়, "এরপরও যারা আন্দোলন করছেন, তারা শিক্ষক-শিক্ষিকা নন, বিজেপির ক্যাডার।" উল্লেখ্য, চাকরির স্থায়ীকরণ-সহ একাধিক দাবিতে দীর্ঘদিন ধরেই তাঁরা বিক্ষোভ দেখাচ্ছেন। কখনও মুখ্যমন্ত্রীর বাড়ির কাছে, তো কখনও নবান্নে আবার কখনও শিক্ষামন্ত্রীর বাড়ির সামনে বিক্ষোভ দেখিয়েছেন তাঁরা। গ্রেফতারও হয়েছেন। মঙ্গলবার প্রকাশ্যে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেছিলেন ৪ শিক্ষিকা। তাঁদের অভিযোগ ছিল, অনৈতিকভাবে দূরে বদলি করা হচ্ছে শিক্ষিকাদের। এছাড়া একাধিক দাবিও ছিল তাঁদের। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছিলেন শিক্ষামন্ত্রী। হিন্দুস্থান সমাচার/ অশোক

## দীর্ঘ অপেক্ষার পরেও অ্যাম্বুল্যান্স অমিল, রোগীমৃত্যুতে উত্তপ্ত জলপাইগুড়ি সুপার স্পেশ্যালিটি হাসপাতাল

জলপাইগুড়ি, ২৫ আগস্ট (হি. স.) : চার ঘন্টা ধরে অপেক্ষা করেও মেলেনি অ্যাম্বুল্যান্স। অভিযোগ, তার ফলে কার্যত বিনা চিকিৎসায় মৃত্যু হয়েছে রোগীর। এই অভিযোগকে কেন্দ্র করে বুধবার উত্তেজনা ছড়ায় জলপাইগুড়ি সুপার স্পেশ্যালিটি হাসপাতালে। ওয়ার্ড মাস্টারকে ঘেরাও করে বিক্ষোভে শামিল হন নিহতের পরিজনেরা। প্রায় আড়াই ঘণ্টা ধরে আটক করে রাখা হয় তাঁকে। পরে জলপাইগুড়ির কোতয়ালি থানার পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সূত্রের খবর, বেশ কয়েকদিন ধরে জ্বরে ভুগছেন সমীর মুণ্ডা নামে জয়পুর চা বাগানের বাসিন্দা এক যুবক। বুধবার ভোরে জ্বর নিয়ে জলপাইগুড়ি সুপার স্পেশ্যালিটি হাসপাতালে ভরতি হন। করোনা পরীক্ষা করা হয় তাঁর। তাতেই ধরা পড়ে তিনি করোনা আক্রান্ত। সিদ্ধান্ত নেওয়া হয় বিশ্ববাংলা কোভিড হাসপাতালে স্থানান্তরিত করা হবে তাঁকে। অভিযোগ, বুধবার ভোর পাঁচটা থেকে ন'টা পর্যন্ত অ্যাম্বুল্যান্সের অপেক্ষায় বসে থাকে রোগী ও তাঁর পরিজনেরা। দীর্ঘ চার ঘণ্টা পর অ্যাম্বুল্যান্স পান তাঁরা। অ্যাম্বুল্যান্স যখন হাসপাতালেএসে পৌছয় ততক্ষণে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন রোগী। ঘটনায় উত্তেজনা ছড়িয়ে পড়ে হাসপাতাল চত্বরে। হাসপাতাল কর্তৃপক্ষের অব্যবস্থার কারণেই মৃত্যু হয়েছে বলে অভিযোগ রোগীর পরিবারের। হাসপাতালের ওয়ার্ড মাস্টার কুলীন সিনহা ঘিরে তুমুল বিক্ষোভ দেখান মৃত করোনা রোগীর পরিবারের লোকেরা। প্রায় আড়াই ঘণ্টা ধরে আটকে রাখা হয় তাঁকে। এই ঘটনায় হাসপাতাল সুপার এবং উত্তরবঙ্গের জনস্বাস্থ্য বিভাগের দায়িত্বে থাকা ওএসডি ডাঃ সুশান্ত রায়ের বিরুদ্ধে কোতয়ালি থানায় অভিযোগ দায়ের করার সিদ্ধান্ত নেন নিহতের পরিজনেরা। এদিকে, বিক্ষোভকারীদের ভিড়ে হাসপাতালের জরুরি বিভাগে ঢোকার পথ একপ্রকার বন্ধ হয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় জলপাইগুড়ির কোতয়ালি থানার আইসি'র নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী। কয়েক ঘণ্টা পর পরিস্থিতি আয়ত্বে আনা সম্ভব হয়।

## গুলি করে খুন করার চেষ্টা তৃণমূল সমর্থককে, চাঞ্চল্য বসিরহাটের হাসনাবাদে

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : তৃণমূলের এক সমর্থককে গুলি করার ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল বসিরহাটে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার রাতে তৃণমূল সমর্থক উত্তর কোন্নাগর গ্রামের বাসিন্দা ৪৫ বছরের আমির গাজির উপর গুলি চালানো হয়। তার মাথায় ও বুকে গুলি করে দুষ্কৃতীরা বলে অভিযোগ।

এই ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে বসিরহাট মহাকুমার হাসনাবাদ থানার ভেবিয়া গ্রাম পঞ্চায়েতের জল সেরিয়া এলাকায়। জানা যায়, আহত অবস্থায় আমির গাজিকে প্রথমে বসিরহাট জেলা হাসপাতালে ভর্তি করা হয়, তারপর তার অবস্থা গুরুতর হলে তাকে কলকাতায় আর জি কর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। বর্তমানে কলকাতায় সরকারি হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন।

পরিবারের তরফে জানা যায়, মঙ্গলবার আমির গাজিকে জল সেরিয়ায় একজন মোবাইল ফোনে ডেকে নিয়ে যায়। তারপর তার খুব কাছ থেকে প্রথমে বুকে তারপরে মাথায় গুলি করা হয় বলে অভিযোগ।

তবে, কী কারণে এই গুলি করা হয়েছে তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। এর পিছনে কোনো রাজনৈতিক কারণ আছে, না ব্যক্তিগত শত্রুতা, না ব্যবসায়ী বিবাদের জের, সবটাই খতিয়ে দেখছে হাসনাবাদ থানার পুলিশ। অভিযুক্ত দুষ্কৃতীর খোঁজ চালাচ্ছে পুলিশ। এই ঘটনার জেরে এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। তবে, পুলিশের প্রাথমিক অনুমান আমিন গাজির খুব পরিচিত কোনো ব্যক্তি এই ঘটনা ঘটিয়েছে।




ক্রীড়া সাংবাদিক গৌতম কর ভৌমিককে শেষ শ্রদ্ধা জানান সাংবাদিকরা। আগরতলা প্রেস ক্লাবের সামনে তোলা নিজস্ব ছবি ।

## আর্থিক দুরাবস্থা, জার্মানিতে পিৎজা বিক্রি করতে হচ্ছে প্রাক্তন আফগান মন্ত্রীকে

বার্লিন, ২৫ আগস্ট (হি.স.): আগে ছিলেন আফগানিস্তানের মন্ত্রী। এখন তিনি প্রাক্তন, অভাব রয়েছে অর্থের। এতটাই দুরাবস্থা যে জার্মানিতে পিৎজা বিক্রি করতে হচ্ছে আফগানিস্তানের প্রাক্তন মন্ত্রীকে। সৈয়দ আহমেদ শাহ সাদাত ২০১৮ সালে আশরফ ঘানি মন্ত্রিসভায় যোগ দেন। কিন্তু পরবর্তীতে মতানৈক্যের কারণে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। চলে আসেন জার্মানিতে। টাকা ফুরিয়ে যাওয়ায় সেখানে তাঁকে পিৎজা ডেলিভারির কাজ নিতে হয়। পিৎজা ডেলিভারি করেই নিজের ও পরিবারের পেট চালাচ্ছেন সাদাত।

২০১৮ সালে আফগানিস্তানের প্রাক্তন প্রেসিডেন্ট আশরফ ঘানির মন্ত্রিসভায় যোগাযোগ ও প্রযুক্তি মন্ত্রী হিসেবে যোগ দেন সাদাত। দু'বছর আফগানিস্তানে মন্ত্রী হিসেবে দায়িত্ব সামলাবার পর গনির সঙ্গে মতানৈক্যের জেরে তিনি পদত্যাগ করেন। গত বছর ডিসেম্বর থেকে সাদাত জার্মানির লিপজিগে থাকছেন। পেট চালাতে সেখানেই পিৎজা ডেলিভারির কাজ নিতে হয় তাঁকে। অক্সফোর্ডের জোড়া স্নাতকোত্তর ডিগ্রিধারী সাদাত দীর্ঘ দিন বিশ্বের বিভিন্ন প্রান্তের একাধিক বহুজাতিক সংস্থার উচ্চ পদে কাজ করেছেন। এখন প্রশ্ন হল, পিৎজা ডেলিভারির কাজই কেন তাঁকে বেছে নিতে হল, যদিও কোনও কাজই ছোট নয়।

## এবার পুজোয় কাঁটাতার থাকবে উল্টোডাঙায়

কলকাতা,২৫ আগস্ট (হি. স.): বেজে গিয়েছে পুজোর ঘন্টা। বাতাসে পুজো পুজো গন্ধ। পুজো প্যান্ডেল গুলো সারছে খুঁটি পুজোর কাজ। কিন্তু এবার পুজোয় কাঁটাতার থাকবে উল্টোডাঙায়। কারণ এবার উল্টোডাঙা বিধান সঙ্ঘের থিম কাঁটাতার।

করোনা হানায় নাজেহাল শহরবাসী। প্রতিনিয়ত আতঙ্ক দিচ্ছে অদৃশ্য ভাইরাস করোনা। একটা গোটা বছর পেরিয়ে গেলেও পরিবর্তন হয়নি পরিস্থিতির। তারই মাঝে পুজোয় মেতেছে শহর। সেই তালিকায় গা ভাসিয়েছে উল্টোডাঙা বিধান সঙ্ঘও। চলতি পুজোয় উল্টোডাঙা বিধান সঙ্ঘের থিম কাঁটাতার। করোনা আবহে নিয়ম মেনে দূরত্ব বজায় রেখে পুজো পালন করার চেষ্টা করছে উল্টোডাঙা বিধান সঙ্ঘ। ইতিমধ্যেই খুঁটি পুজোর কাজ সেরেছে উল্টোডাঙা বিধান সঙ্ঘ। জোর কদমে চলছে প্যান্ডেল বাঁধার কাজ।হিন্দুস্থান সমাচার/ পায়েল

## আফগান ফেরত ৭৮ জনের কেউ করোনা-আক্রান্ত নন : আইটিবিপি

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.): আফগানিস্তান থেকে ভারতে আসা ৭৮ জনের কেউই করোনাভাইরাসে আক্রান্ত নন। বুধবার এমনটাই জানাল ইন্দো-তিবেতান বর্ডার পুলিশ (আইটিবিপি)। বর্তমানে তাঁরা দিল্লির চাওলা ক্যাম্পে আইটিবিপি-র কোয়ারেন্টাইন ফেসিলিটিতে রয়েছেন। আফগানিস্তান থেকে মঙ্গলবার রাতে ভারতে এসেছেন ৭৮ জন। প্রথমে শোনা যাচ্ছিল, তাঁদের মধ্যে ১৬ জনের শরীরে করোনাভাইরাসের উপস্থিতির প্রমাণ মিলেছে। তবে, আক্রান্ত ১৬ জনই কোভিডের লক্ষণহীন। সাবধানতা অবলম্বনের জন্য আফগানিস্তান থেকে ফেরা ৭৮ জনকেই নিভৃতবাসে রাখা হয়। মঙ্গলবার গভীর রাতেই ৭৮ জনকে চাওলা ক্যাম্পে আইটিবিপি-র কোয়ারেন্টাইন ফেসিলিটিতে নিয়ে যাওয়া হয়। ৭৮ জনের মধ্যে ২৪ জন ভারতীয় নাগরিক, ৫৪ জন আফগান নাগরিক (৫৩ জন পুরুষ, ১৪ জন মহিলা ও ১১টি শিশু)। দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে প্রত্যেকের করোনা-টেস্ট করা হয়, সেই রিপোর্ট নেগেটিভ এসেছে। বুধবার আইটিবিপি জানিয়েছে, আফগান ফেরত ৭৮ জনের মধ্যে কেউ করোনা-আক্রান্ত নন।

## সংক্রমণ বেড়ে ১.৪৭-লক্ষাধিক, আমেরিকায় করোনায় ১,১৩৪ জনের মৃত্যু

ওয়াশিংটন, ২৫ আগস্ট (হি.স.): কোভিড-১৯ ভাইরাসে দৈনিক আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে আমেরিকায়, বিগত ২৪ ঘন্টায় ১.৪৭-লক্ষের বেশি মানুষ কোভিডে আক্রান্ত হয়েছেন। বিগত ২৪ ঘন্টায় আমেরিকায় করোনা কেড়ে নিয়েছে ১,১৩৪ জনের প্রাণ। এই সময়ে নতুন করে সংক্রমিত হয়েছেন ১,৪৭,৬১৯ জন। আমেরিকায় সময় অনুযায়ী, মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত নতুন করে ১,১৩৪ জনের মৃত্যুর পর আমেরিকায় মোট মৃত্যু হয়েছে ৬ লক্ষ ৪৮ হাজার ১৬১ জনের। আমেরিকায় বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত) নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ১,৪৭,৬১৯ জন। এই সময়ে মৃত্যু হয়েছে ১,১৩৪ জনের। ফলে আমেরিকায় মোট করোনা-আক্রান্তের সংখ্যা ৩৮,৯৬৮,৯২৫-এ পৌঁছেছে, মার্কিন মুলুকে ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ৩০,৬১৮,৬৪৪ জন। চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা বেড়ে ৭,৭০২,১২০-তে পৌঁছেছে। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## বিগত ২৪ ঘন্টায় ৬১.৯০-লক্ষের বেশি, ভারতে ৫৯.৫৫-কোটির ঊর্ধ্বে টিকাদান

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.): ভারতে ৫৯.৫৫-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড টিকাকরণের সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় ভারতে ৬১.৯০-লক্ষের বেশি দেশবাসীকে টিকা দেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত মোট ৫৯,৫৫,০৪,৫৯৩ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ৬১,৯০,৯৩০ জনকে।

ভারতে ৫১.১১-কোটির ঊর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। বুধবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৪ আগস্ট সারা দিনে ভারতে ১৭,৯২,৭৫৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৫১,১১,৮৪,৫৪৭-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ১৭,৯২,৭৫৫ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩৭ হাজার ৫৯৩ জন।

## জনসংখ্যা ও আর্থিক অবস্থা বুঝতে ভীষণ জরুরি জাতিভিত্তিক জনগণনা : লালুপ্রসাদ যাদব

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.): জাতি-ভিত্তিক জনগণনা অত্যন্ত জরুরি বলে মন্তব্য করলেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা রাষ্ট্রীয় জনতা দলের সুপ্রিমো লালুপ্রসাদ যাদব। আরজেডি সুপ্রিমোর মতে, জনসংখ্যা ও আর্থিক অবস্থা বুঝতে ভীষণ জরুরি জাতি-ভিত্তিক জনগণনা। জাতি-ভিত্তিক জনগণনা নিয়ে গত সোমবারই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন নীতীশ কুমার, তেজস্বী যাদব, জিতেনরাম মাঁঝি-সহ বিহারের বিভিন্ন দলের নেতারা। জাতি-ভিত্তিক জনগণনা নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বিশদে আলোচনা করেন তাঁরা। বুধবার দিল্লিতে জাতি-ভিত্তিক জনগণনা নিয়ে আরজেডি সুপ্রিমো লালুপ্রসাদ যাদবকে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'আমি যখন সাংসদ ছিলাম, তখন আমি অন্যদের সঙ্গে লোকসভায় এ জন্য লারি করেছি। অরুণ জেটলি আগে লিখিতভাবে আশ্বস্ত করেছিলেন, আমরা ভীষণ আশাবাদী ছিলাম। জনসংখ্যা ও আর্থিক অবস্থা বুঝতে ভীষণ জরুরি জাতি-ভিত্তিক জনগণনা।' হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## পাকিস্তানে আরও একটা খারাপ দিন, অনেকটাই বাড়ল করোনা-সংক্রমণ

ইসলামাবাদ, ২৫ আগস্ট (হি.স.): পাকিস্তানে একধাক্কায় অনেকটাই বাড়ল করোনা-আক্রান্ত রোগীর সংখ্যা, বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪,১৯৯ জন। শতাধিক বেড়েছে মৃত্যুর সংখ্যা, মঙ্গলবার সারাদিনে পাকিস্তানে মৃত্যু হয়েছে ১৪১ জনের। ১৪১ জনের মৃত্যুর পর পাকিস্তানে এযাবত করোনা কেড়ে নিয়েছে ২৫,২২০ জনের প্রাণ এবং মোট আক্রান্তের সংখ্যা ১,১৩৫, ৮৫৮ জন। ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ১,০১৯,৪৩৪ জন।

বুধবার পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪, ১৯৯ জন এবং মৃত্যু হয়েছে ১৪১ জনের। সবমিলিয়ে পাকিস্তানে এখনও পর্যন্ত আক্রান্তের সংখ্যা বেড়ে হল ১,১৩৫,৮৫৮। পাকিস্তানে এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ৯১,২০৪। পাকিস্তানে পজিটিভিটি রেট ৬.৮৩ শতাংশে পৌঁছেছে। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## সংক্রমণ নিয়ন্ত্রণেই, রাশিয়ায় ৮০৯ বেড়ে করোনায় মৃত্যু ১.৭৮-লক্ষাধিক

মস্কো, ২৫ আগস্ট (হি.স.): রাশিয়ায় নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, তবে মৃত্যুর সংখ্যা বৃদ্ধি চিন্তা বাড়াচ্ছে। বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সারাদিনে) রাশিয়ায় মৃত্যু হয়েছে ৮০৯ জনের, এই সংখ্যা যুক্ত হওয়ার পর রাশিয়ায় এখনও পর্যন্ত করোনার বলি হয়েছেন ১, ৭৮,৪২৩ জন।

মৃত্যুর পাশাপাশি আক্রান্তের সংখ্যাও দীর্ঘায়িত হচ্ছে রাশিয়ায়। বিগত ২৪ ঘন্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ১৯,৫৩৬ জন। ফলে রাশিয়ায় মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৬,৮০৪,৯১০। ইতিমধ্যেই রাশিয়ায় করোনার থেকে সেরে উঠেছেন ৬,০৭৩,১৫৭ জন।

## পশ্চিমবঙ্গে উপনির্বাচনের কড়া বিরোধিতা করলেন তথাগত রায়

কলকাতা, ২৫ আগস্ট (হি. স.) : পশ্চিমবঙ্গে বিধানসভায় শূন্য আসন এবং যেগুলোয় ভোট নেওয়া যায়নি, দ্রুত ভোট নেওয়ার দাবি জানিয়েছে তৃণমূল। বুধবার এই দাবির কড়া বিরোধিতা করলেন রাজ্যের প্রাক্তন বিজেপি সভাপতি তথাগত রায়।

তথাগতবাবু এ দিন টুইটে লেখেন, "পশ্চিমবঙ্গে করোনায় মৃত্যু ও সংক্রমণ, দুই-ই বাড়ল ! লোকাল ট্রেন বন্ধ, স্কুল কলেজও তাই। ভ্যাকসিন নিয়ে টানাটানি অব্যাহত। এক কথায়, একটা থমথমে পরিবেশ বিরাজ করছে। এই পরিস্থিতিতে উপনির্বাচন কি করে হবে ? না, না, এই অবস্থাতে কোনো ঝুঁকি নেওয়া মোটেই উচিত নয় !"

টুইটে নীল মুখার্জি নামে এক ব্যক্তি লিখেছেন, "নভেম্বরের মধ্যে উপনির্বাচন করানো সম্ভব না হলে,আমার আপনার কাছে দুটি জিজ্ঞাসা আছে.

১) এই পরিস্থিতিতে 'ভাইপোশ্রী'র মহাভিষেক কি রাজ্যের সামগ্রিক অরাজক অবস্থার আরো শ্রীবৃদ্ধি ঘটাবে না?

২) মুখ্যমন্ত্রী বদলে গেলে তৃণমূলের ভোট পরবর্তী হিংসা মামলায় সিবিআই তদন্তের ক্ষেত্রে কি কিছুটা সুবিধে হবে?" এর জবাবে তথাগতবাবু ওই প্রতিক্রিয়া দেন। এক অবসরপ্রাপ্ত প্রযুক্তিবিদ একই সঙ্গে টুইটে লিখেছেন, "আগামী ছয় মাস নির্বাচনের প্রশ্নই ওঠে না। উল্লেখিত কারণ ছাড়াও সেপ্টেম্বর মাসে প্রতি বছর ভয়ঙ্কর বৃষ্টি ও বন্যা হয়। ১৯৭৮ এর স্মৃতি জ্বলজ্বল করছে। এক মহিলাকে সন্তুষ্ট করতে নির্বাচন কমিশন কোনো অবস্থাতেই যেন বাস্তব পরিস্থিতির কথা ভুলে না যায়। পুর নির্বাচন হচ্ছে না কেন?" হিন্দুস্থান সমাচার/ অশোক

## ইন্ডিয়ান আইডল বিজেতা পওয়ানদীপ উত্তরাখণ্ডের আর্ট, ট্যুরিজম এবং কালচার বিভাগের ব্র্যান্ড অ্যাম্বাসেডর

দেহরাদুন, ২৫ আগস্ট (হি.স.) : এ বছরের বেসরকারি জনপ্রিয় রিয়ালিটি শো ইন্ডিয়ান আইডল বিজেতা পওয়ানদীপ রাজনকে উত্তরাখণ্ডের আর্ট, ট্যুরিজম এবং কালচার বিভাগের ব্র্যান্ড অ্যাম্বাসেডর ঘোষণা করা হল। বুধবার উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুশকার সিং ধামি এই ঘোষণা করেন। এদিন পওয়ানদীপ রাজন মুখ্যমন্ত্রীর সঙ্গে তার দেরাদুনের ভবনে দেখা করেন। এরপর টুইট বার্তায় মুখ্যমন্ত্রী জানান, পওয়ানদীপ দেবভূমির নাম বিশ্ব সংগীত জগতে ছড়িয়ে দিয়েছে এবং এই কারণে আমাদের সরকার তাঁকে রাজ্যের কলা, ভ্রমণ এবং সংস্কৃতি বিভাগের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে ঘোষণা করা হল।

# হরেকরকম  হরেকরকম  হরেকরকম

## বার বার দুধ ফুটিয়ে খাচ্ছেন ? নিজের অজান্তেই করছেন মারাত্মক ক্ষতি



বাড়িতে দুধ এলে প্রথমেই আমরা ফুটিয়ে ঠান্ডা করে ফ্রিজে তুলি। সেটা কাঁচা দুধ হোক বা প্যাকেটের। কাঁচা দুধে নানা রকম ক্ষতিকর ব্যাকটিরিয়া থাকে। ফুটিয়ে নিলে সেগুলি মরে যায় এবং হজমের গোলমাল কম হয়। ফোটানো দুধ একটু বেশি দিন ভাল থাকে। ফ্রিজে রেখে আপনি অনায়াশে তিন থেকে চার দিন চালিয়ে নিতে পারবেন। খবর আনন্দবাজার পত্রিকার। তবে অনেকেই ভুলে যান, প্যাকেটের দুধ "প্যাশ্চারাইজ" করাই থাকে। বা সহজ ভাষায় বললে, যতটা ফুটালে ব্যাকটিরিয়া মরে যায়, ততটা তাপমাত্রা পর্যন্ত ফোটানোই হয়।

তারপরেই বিক্রি করা হয়। বিশেষ করে টেট্রা প্যাকে যে দুধ বিক্রি হয়, সেগুলি ফোটানোর কোনও প্রয়োজন নেই। সিল না খোলা পর্যন্ত আপনি বাইরেই রাখতে পারবেন। খারাপ হওয়ার ভয়ও নেই। কিন্তু সেই দুধ ফুটিয়ে খেলে কি কোনও অসুবিধা রয়েছে? নেই। দুধ ফ্রিজ থেকে বের করে আপনি ফোটাতেই পারেন। তাতে কোনও রকম ক্ষতি হবে না। তবে বিশেষজ্ঞদের মত অনুযায়ী এক দুধ ২-৩ বারের বেশি ফোটানো উচিত নয়। তার মধ্যেই শেষ করে ফেলা ভাল। যেভাবে ফোটাবেন দুধ ফোটানো সহজ মনে হলেও কাজটা ততটা সহজ নয়। খুব বেশি আঁচে দুধ ফুটালে নীচটা ধরে যাবে। তাই মাঝারি আঁচে ধীরে ধীরে দুধ ফোটাতে হবে। এবং পাত্রের পাশে ছোট ছোট বুদবুদ দেখলেই নাড়তে হবে। দুধ ফুটে ওঠা পর্যন্ত নেড়ে যেতে হবে। ফুটে গেলে উপরে যে সর পড়বে সেটা তুলে ফেলতে পারেন। খেলেও কোনও সমস্যা নেই। তবে যাঁদের দুধ খেলে হজমের সমস্যা হয়, তাঁদের এই সর খেলে সেই সমস্যা বাড়তে পারে। তাই সর তুলে রূপচর্চায় ব্যবহার করতে পারেন। দারুণ কাজ দেবে। খুব বেশি আঁচে দুধ ফুটালে দুধের জল শুকিয়ে প্রোটিন গাঢ় হয়ে যায় বেশি। তাতে দুধের স্বাদ এবং রং বদলে যেতে পারে।

## কী করলে বেশিদিন টাটকা থাকবে সবজি



করোনার পর থেকে আমাদের প্রত্যেকেরই স্বভাবে পরিবর্তন হয়েছে। সংক্রমণের ভয়ে বারবার বাজারে যাওয়া আমরা এড়িয়ে চলছি। তাই যখনই বাজারে যাচ্ছি, অনেকটা পরিমাণে সবজি কিনে আনছি। এতে সমসা হচ্ছে প্রচুর। অল্পদিনের মধ্যেই সবজি থেকে তরতাজা ভাব চলে যাচ্ছে। সবজিতে ধরছে পচন। তাতে ভোগান্তিও হচ্ছে। টমেটো, লঙ্কা বের করলেন ফ্রিজ থেকে, অমলেট বানিয়ে খাবেন। দেখলেন, টমেটোয় ট্যাপ ধরেছে, লঙ্কা শুটিয়ে বৃদ্ধা! ভাল লাগে না তখন। তাই আপনার এই সমস্যা মিটতে পারে কিছু নিয়ম যদি আপনি মেনে চলেন। সঠিক প্রণালীতে সবিজ সংরক্ষণ করলে অনেকদিন তা সতেজ থাকতে পারে। কীভাবে —

১. ঠান্ডা জল --- বড় কাচের জারে ঠান্ডা জল নিন। তাতে রাখুন গাজর, সিলেরি, লেটুস, আলু। প্রত্যেক দু'দিন অন্তর জল পালটে ফেলুন।

২. ভিনিগার — একটি বড় কাচের জারে জল নিয়ে তাতে মেশান ভিনিগার। ভাল করে মিশিয়ে নিন। সেই জলে বেরি, আপেল, সবুজ পিঁয়াজ, বেল পেপার, টমেটো, পিয়ার্স ফল রাখুন মিনিট ৫। ভাল জলে ধুয়ে ফ্রিজে রাখুন। অনেকদিন সতেজ থাকবে।

৩. পেপার টাওয়েল — জানলে অবাক হবেন, পেপার টাওয়েল সবজি সতেজও রাখতে পারে। লতাপাতা যুক্ত সবজি, শাক পেপার টাওয়েলে জড়িয়ে রেখে দিন। অনেকদিন সতেজ থাকবে।

৪. ফ্রিজ — সবজি সতেজ রাখতে ডিপ ফ্রিজের সাহায্য নিতে পারেন। একটি কন্টেনারে সবজি ভরে রেখে দিন ডিপ ফ্রিজে। পচন ধরবে না। অনেকদিন পর ফ্রিজ থেকে বের করলে দেখবেন আগের মতোই সতেজ আছে।

৫. শিকড় কাটুন --- টার্নিপ, অ্যাসপারাগাস, সবুজ পিঁয়াজ তাড়াতাড়ি নষ্ট হয়। এই সবজিগুলিকে বাঁচানোর জন্য শিকড় কেটে দিন। জলে রেখে দিন।

আরও পড়ুন: বিড়ালের মলত্যাগে নির্গত কফি বহুমূল্যবান; ছবিতে দেখুন লিস্টে আছে আর কোন খাবার

## ফল তো রোজ খান, কিন্তু মৌসুমী ফল কেন খাবেন জানেন কি?



চলে গেছে মধুমাস জ্যৈষ্ঠ, তবে এখনো বাজার ছেড়ে যায়নি গ্রীষ্মের রসালো ফলগুলো। আম, জাম, কাঁঠাল, লিচু তরমুজ, জামরুল- গ্রীষ্ম কেবল দাবদাহই ছড়ায় না, উপহার দেয় এমন রসালো ফলও, যা ভুলিয়ে দেয় গরমের ক্লান্তি-অবসাদ। ফলমূল কেবল রসনাকেই তৃপ্ত করে না, যোগায় শক্তিও। আয়ুর্বেদের সূত্র হলো, একটি অঞ্চলে কোনো মৌসুমে যে রোগবালাই হয়ে থাকে তার প্রতিষেধক থাকে সেখানে উতন্ন মৌসুমি ফলে।

অর্থাত আপনি যদি মৌসুমি ফল খান তাহলে আপনার দেহে সেই মৌসুমের রোগগুলো প্রতিরোধ করার ক্ষমতা বেড়ে যাবে। আমদানিকৃত ফলের চেয়ে দেশজ সিজনাল ফল অধিক স্বাস্থ্যসম্মতও। কারণ হলো দেশি ফলে ক্ষতিকর কেমিকেল ও প্রিজারভেটিভের অনুপস্থিতি। আর করোনাকালে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে (ইমিউন সিস্টেম) দেশীয় ফল অন্যতম উত হতে পারে।

বাজারে পাকা আম, কাঁঠাল, লিচু, আনারস, তরমুজ, ডেউয়া, লটকন, কালো জাম, গোলাপ জাম, বেতফল, গাব, জামরুল, আতাফল, কাউ, শরীফাসহ নানা ফলের সমাহার। আর এই সব নানান ফলের গন্ধে মৌ মৌ করছে চারদিক।

বিদেশ থেকে আমদানি করা ফলে (অত্যবশ্যকীয় কারণে) কৃত্রিম প্রিজারভেটিভ ব্যবহার করা হয়, যাতে সেগুলো দীর্ঘদিন ভালো থাকে। কারণ আমদানি-রপ্তানি, হোলসেল-রিটেইলের পুরো প্রক্রিয়া শেষে ফলগুলো ভোক্তার প্লেট অব্দি পৌঁছাতে বেশ কিছুদিন সময় লেগে যায়। এই প্রিজারভেটিভ শরীরের জন্যে ক্ষতিকর।

অন্যদিকে, দেশি সিজনাল ফল জোর করে পাকানোর প্রয়োজন যেমন পড়ে না, তেমনি প্রয়োজন হয় না দীর্ঘদিন সংরক্ষণেরও। কাজেই এগুলোতে ক্ষতিকর কেমিকেল ব্যবহার করার দরকার পড়ে না। এ কারণে দেশি ফলের স্বাদগন্ধ অটুট থাকে, ফল থাকে টাটকা ও ফ্রেশ। হজমও হয় দ্রুত। কাজেই যারা কার্বাইড বা অন্যান্য ক্ষতিকর কেমিকেলের ভয়ে ফল খেতে চান না, তাদের জন্যে সহায় হলো দেশি মৌসুমি ফল। অবশ্য সেজন্যে ফলের সিজন পুরোদমে শুরু হওয়া পর্যন্ত অপেক্ষা করা উত্তম।

যে কোন ভাইরাস হলো প্রোটিনযুক্ত অণুজীব, যার কারণে মানুষ মানুষ জ্বর, কাশি, শ্বাসকষ্ট এমনকি মারাত্মক নিউমোনিয়ায় আক্রান্ত হতে পারে। তাই শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য বেশি পরিমাণে অ্যান্টি-অক্সিডেন্টসমৃদ্ধ, ভিটামিন সি সমৃদ্ধ ফল খেতে হবে প্রতিদিন। অ্যান্টি-অক্সিডেন্ট হলো কিছু ভিটামিন, মিনারেল ও এনজাইম, যা শরীরের ক্ষতিকর ফ্রি র্যাডিক্যালের (দেহের কোষ, প্রোটিন ক্ষতি করে এমন কিছু) বিরুদ্ধে লড়াই করে, শরীরের কোষগুলোকে ক্ষতির হাত থেকে বাঁচিয়ে শরীরে জীবাণু সংক্রমণের ঝুঁকি প্রতিরোধ করতে সহায়তা করে। প্রধান অ্যান্টি-অক্সিডেন্টগুলো হলো বিটা ক্যারোটিন, ভিটামিন এ, সি, ই, লাইকোপেন, লুটেইন সেলেনিয়াম ইত্যাদি।

করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে অ্যান্টি-অক্সিডেন্টসমৃদ্ধ যে খাবারগুলো বেশি করে খেতে হবে:

বিটা ক্যারোটিন: উজ্জ্বল রঙের ফল, সবজি। যেমন- গাজর, পালংশাক, আম, ডাল ইত্যাদি।

ভিটামিন এ: গাজর, পালংশাক, মিষ্টি আলু, মিষ্টিকুমড়া, জাম্বুরা, ডিম, কলিজা, দুধজাতীয় খাবার।

ভিটামিন ই: কাঠবাদাম, চিনাবাদাম, পেস্তাবাদম, বাদাম তেল, বিচি জাতীয় ও ভেজিটেবল অয়েল, জলপাইয়ের আচার, সবুজ শাকসবজি ইত্যাদি।

ভিটামিন সি: আমলকী, লেবু, সবুজ মরিচ, করলা ইত্যাদি।

কেবল দেহের স্বাস্থ্যের জন্যেই না, সিজনাল ফল আপনার পকেটের স্বাস্থ্যের জন্যেও ভালো! কারণ দেশজ বলে এগুলো তুলনামূলক সস্তা। এক কেজি আপেল কিনতে আপনি যে টাকা ব্যয় করবেন তা দিয়ে আপনি তিন কেজি আম, বা চার কেজি আমড়া কিংবা পাঁচ কেজি ওজনের পাকা কাঁঠাল কিনতে পারবেন অনায়াসে। দেশি ফলে অধিক পুষ্টি মেলে! দেশি ফল দামে সস্তা বলে নাক সিঁটকাবেন না যেন! দেশজ ফলগুলো পুষ্টিগুণে দামী বিদেশি ফলের চেয়ে কম তো নয়ই, বরং অনেকক্ষেত্রেই ভালো।

উদাহরণস্বরূপ বলা যায়, আমলকীর কথা। কমলার চেয়ে ২০ গুণ এবং আপেলের চেয়ে ১২০ গুণ বেশি ভিটামিন সি আছে আমলকীতে। ছোট্ট একটি আমলকীতে যে পরিমাণ ভিটামিন সি আছে তা আপনি আস্ত দুটি কমলাতেও পাবেন না!

আম-এ অবাক করার মতোই এর পুষ্টিগুণ। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর পাশাপাশি ক্যান্সার প্রতিরোধেও আম কার্যকরী। এতে থাকা বেশ কয়েক ধরণের অ্যান্টিঅক্সিডেন্ট লিউকেমিয়া এবং ব্রেস্ট, কোলন ও প্রোস্টেট ক্যান্সার থেকে দেহকে সুরক্ষা দেয়।

জাতীয় ফল কাঁঠালকে আমরা বলতে পারি ফলের মহারাজ! কারণ এটি পৃথিবীর সবচেয়ে পুষ্টিকর ফলগুলোর একটি। এই ফল একাধারে বলকারক, রোগ প্রতিরোধক এবং ফর্সাকারক। আপেল আঙ্গুর কমলায় আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা যতখানি বাড়বে তার চেয়ে বহুগুণে বাড়বে কাঁঠাল খেলে। প্রতিদিন ৮/১০ কোষ কাঁঠাল দুইবেলা খেলে সারাবছর আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা থাকবে অটুট। বাড়তি পাওনা হবে উজ্জ্বল মসৃণ ত্বক।

বাজারে এখনো জাম পাওয়া যাচ্ছে। খুবই পুষ্টিকর এই ফল। এর বিচি ডায়বেটিসের জন্যে ভালো। আয়ুর্বেদে ডায়বেটিসের ওষুধের মূল উপাদান হচ্ছে জামের বিচি। কেবল আম-কাঁঠালই না, খেতে হবে সব ধরণের মৌসুমি ফল। গ্রীষ্মকালে দেশে আরও যেসব ফল উতন্ন হয়- জামরুল, সফেদা, তরমুজ, বাঙ্গি, লিচু, ডেউয়া বা বনকাঁঠাল, আতা ইত্যাদি। এগুলোর কিছু কিছু আপনি এখনো বাজারে পাবেন।

বর্ষার অত্যন্ত পুষ্টিকর ফল জাম্বুরা বা বাতাবীলেবু। স্বগোত্রীয় কমলা বা মাল্টাকে আমরা যতটা গুরুত্ব দেই তার সিকিভাগও দেই না জাম্বুরাকে। কারো কারো ধারণা হলো জাম্বুরা গরীবের ফল! কিন্তু পুষ্টিগুণে কমলা-মাল্টার চেয়েও অনেক বেশি উপকারি জাম্বুরা। বিশেষত যারা ঠান্ডার সমস্যায় বেশি ভোগেন তারা সিজনে প্রতিদিন অর্ধেক জাম্বুরা খেলে বেশ উপকার পাবেন। পুষ্টিবিদদের মতে, একজন পূর্ণবয়স্ক মানুষের দৈনিক ২০০ গ্রাম ফল খাওয়া উচিত। বিদেশি ফল দিয়ে এই চাহিদা মেটানো বেশ কঠিন ও ব্যয়বহুল। কিন্তু আমরা যদি মৌসুমি দেশজ ফল পর্যাপ্ত খাই তাহলে ফলের চাহিদা যেমন পূরণ হবে, তেমনি হবে অর্থের সাশ্রয়ও।

## উত্তর ভারতের জনপ্রিয় এই স্ট্রিট ফুড বানান এবার বাড়িতেই !



ভারতীয় প্যানকেকের একটি নরম তুলতুলে সুস্বাদু রেসিপি হল এই মুঙ্গলেট বা মুড ডাল চিলা। ভারতের জনপ্রিয় স্ট্রিট ফুড হিসেবে দারুণ জনপ্রিয় এই মুঙ্গলেট আপনি ডায়েটিং করার সময়ও খেতে পারেন। প্রোটিন-সমৃদ্ধ এই খাবার যাঁরা ওজন ঝরানোর সেরা রেসিপি খুঁজছেন, তাঁদের জন্যও বেশ ভাল। অন্যদিকে, স্ট্রিট ফুড খেতে যদি পছন্দ করেন তাহলে এই রেসিপি বাড়িতেও বানিয়ে নিতে পারবেন চটজলদি। পেঁয়াজ, টমেটো, ক্যাপসিকামের মতো শাকসবজি দিয়ে তৈরি মুঙ্গলেট বা ডান চিলা ব্রেকফাস্ট বা স্ন্যাকসের জন্য পারফেক্ট স্বাস্থ্যকর খাবার। শিশু ও প্রবীণদের জন্যও রেসিপি মেনে ডাল চিলা বানিয়ে দিতে পারবেন। এখন দেখে নেওয়া যাক, এই সুস্বাদু মুঙ্গলেট কীভাবে বানাবেন

কী কী লাগবে

এক কাপ হলুদ মুগ জাল, আধ কাপ ক্যাপসিকাম, ২ টেবিলস্পুন ধনে পাতা, ১/৪ টেবিলস্পুন ড্রাই ম্যাঙ্গো পাউডার, ২ টেবিলস্পুন বাটার, আধকাপ পেঁয়াজ, ১/২ টমেটো, একটি কাঁচা লংকা কুচি, ২ চিমটে হিং, স্বাদমতো নুন

কীভাবে করবেন জেনে নিন

প্রথমে ৪-৫ ঘণ্টা জলের মধ্যে মুগ ডাল ভিজিয়ে রাখতে হবে। সারারাত রাখলে আরও ভাল। রান্না করার আগে জল ঝরিয়ে ব্লেন্ডারে ভাল করে ব্লেন্ড করে নিন। ব্লেন্ড করার পর থকথকে পেস্ট তৈরি হবে। এবার অল্প একটু জল দিয়ে আবার একবার ব্লেন্ড করুন। পেস্টটি কতকটা ধোসার ব্যাটারের থেকে আরও একটু গাঢ় ব্যাটার বানান। এবার ডালের পেস্টটি একটি পাত্রের মধ্যে আলাদা করে রাখুন। এরপর তাতে নুন, হিং, ড্রাই ম্যাঙ্গো পাউডার দিন। ছোট ছোট করে কাটা পেঁয়াজ, টমেটো, ক্যাপসিকাম, কাঁচা লংকা ও ধনে পাতা কুচি দিয়ে ভাল করে বাটারের সঙ্গে মিশিয়ে নিন। কয়েকমিনিট সব উপকরণগুলি একসঙ্গে ফেটিয়ে নিন। যেমনভাবে বেসন ফেটিয়ে নিতে হয়, ঠিক সেইভাবেই এই ডালের বাটারটি ফেটিয়ে নিতে হবে। এবার একটি ছোট সসপ্যানে বাটার গরম করতে দিন। প্যানের মধ্যে হাফ ব্যাটার নিয়ে পুরো প্যানে ছড়িয়ে দিন। কয়েক মিনিট রান্না করুন। ছোট প্যান হলে চিলার স্তর বেশ মোটা হওয়া উচিত। একপিঠ রান্না হলে অপর পিঠটি উল্টে আরও কয়েক মিনিট রান্না করুন। মুচমুচে হয়ে গেলে ফের আরও মুঙ্গলেট বানান। কেচাপ, তেঁতুলের চাটনি, মিন্ট চাটনি বা কাসুন্দি দিয়ে গরম গরম মুঙ্গলেট বা ডাল চিলা পরিবেশন করতে পারেন।

## বন্ধুদের জন্য বাড়িতেই বানিয়ে ফেলুন ফ্রুট অ্যান্ড নাট কেক



আজ বন্ধু দিবস। হঠাতপ্ল্যান করেছেন বাড়িতে কিছু বন্ধুকে ডাকবেন। সে ভাল কথা। কিন্তু বাড়িতে কাউকে ডাকলে তো ভাল কিছু খাওয়াতে হয়। তার উপর আজ আবার একটা বিশেষ দিন। কী করবেন ভাবছেন? কুছ পরোয়া নেহি। নিজেই বানিয়ে ফেলুন কেক। তার জন্য আপনাকে কেক এক্সপার্ট হতে হবে না। বাড়িতে উপস্থিত খাদ্য সামগ্রী দিয়েই বানিয়ে ফেলতে পারেন ফ্রুট অ্যান্ড নাট কেক!

এই কেকে ক্রিম দরকার নেই। অতিরিক্ত ক্রিম আবার শরীরের জন্যে ভাল নয়। ক্রিম ছাড়াই তৈরি করতে পারেন।

কেক বানানোর প্রণালী — ২ কাপ ময়দা ২ চা চামচ বেকিং পাউডার আধ চা চামচ বেকিং সোডা

এক চিমটি নুন ১ কাপ চিনি ১টি ডিম ২টি ডিমের সাদা অংশ আধ চা চামচ ভ্যানিলা এক্সট্র্যাক্ট অর্ধেক কাপের একটু বেশি সাদা তেল ইস্ট

আপেল ও ড্রাই ফ্রুটস কেক বানানোর পদ্ধতি — প্রথমে এক কাপ উষ্ণ জলে ১ চা চামচ ইস্ট মিশিয়ে অপেক্ষা করুন ২০ মিনিট।

একটি মিক্সিং বোলে দু-কাপ ২ কাপ ময়দা নিন। তাতে দিন ২ চা চামচ বেকিং পাউডার, আধ চা চামচ বেকিং সোডা, এক চিমটি নুন ও এক কাপ চিনি। ভাল করে মেশান।

অন্য একটি বাটিতে নিন একটি গোটা ডিম, ২টি ডিমের সাদা অংশ, আধ চা চামচ ভ্যানিলা এক্সট্র্যাক্ট, অর্ধেক কাপের একটু বেশি সাদা তেল এবং ইস্ট। তারপর ময়দার মিশ্রণটি ঢেলে দিন এই বাটিতে। ভাল করে মেশাতে থাকুন। দেখবেন যেন দলা পাকিয়ে না যায়।

এর পর একটি গোটা আপেল নিন। ছোট ছোট টুকরো কাটুন। এক কাপ টুকরো করা কিশমিশ নিন। টুকরো করে কাটা কাঠবাদাম, আমন্ড, কাজুবাদাম নিয়ে মিশিয়ে দিন ভালো করে।

একটি পাত্র নিন। ভালো করে সাদা তেল কিংবা মাখন লাগান তাতে। মিশ্রণটি ঢেলে দিন তাতে। ওভেন প্রি-হিট করুন। ৩৫০ ডিগ্রি ফ্যারেনহাইটে ৫০-৬০ মিনিট রাখুন।

ওভেন থেকে বের করে দেখুন কেক ফুলে উঠেছে। একটি টুথপিক বা কাঁটা চামচ ঢুকিয়ে দেখুন তার গায়ে কেক লেগে আছে কিনা। যদি না থাকে জানবেন আপনার 'বন্ধু দিবস'-এর স্পেশ্যাল কেক তৈরি। গরম গরম কফির সঙ্গে সার্ভ করুন।




আগামী দিনের আন্দোলন কর্মসূচি ঘোষণা করেন চাকুরিচ্যুত ১০৩২৩-এর কয়েকজন সদস্য। ছবি ঃ নিজস্ব

# করোনা-সংক্রমণ ও মৃত্যু বাড়ল ভারতে, সক্রিয় রোগী বেড়ে ০.৯৯ শতাংশ

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.): বিগত কিছু দিন ধরে ভারতে নিয়ন্ত্রণেই ছিল দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, মৃত্যুর সংখ্যাও কমছিল। কিন্তু, বিগত ২৪ ঘন্টায় ভারতে একধাক্কায় অনেকটাই বাড়ল নতুন সংক্রমণ ও মৃত্যুর সংখ্যা। মঙ্গলবার সারাদিনে ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩৭ হাজার ৫৯৩ জন, এই সময়ে কোভিডে মৃত্যু হয়েছে ৬৪৮ জনের। শুধুমাত্র কেরলেই বিগত ২৪ ঘন্টায় আক্রান্ত হয়েছেন ২৪, ২৯৬ জন ও মৃত্যু হয়েছে ১৭৩ জনের। মঙ্গলবার সারাদিনে ভারতে সুস্থ হয়েছেন ৩৪,১৬৯ জন, ফলে ভারতে এই মুহূর্তে সুস্থতার হার ৯৭.৬৭ শতাংশ। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৩,২২,৩২৭ জন, বিগত ২৪ ঘন্টায় সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে ২,৭৭৬ জন। বিগত ২৪ ঘন্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৭,৯২,৭৫৫।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে ৩৭,৫৯৩ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ২৫ লক্ষ ১২ হাজার ৩৬৬ জন। ভারতে ৫৯.৫৫-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত মোট ৫৯,৫৫,০৪,৫৯৩ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (মঙ্গলবার সারাদিনে) টিকা দেওয়া হয়েছে ৬১,৯০,৯৩০ জনকে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ৬৪৮ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৩৫,৭৫৮ জন (১.৩৪ শতাংশ)। ভারতে সুস্থতার সংখ্যা ফের বাড়ল, মঙ্গলবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৩৪,১৬৯ জন। ফলে বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,১৭,৫৪,২৮১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.৬৭ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৫৯ কোটি ৫৫ লক্ষ ০৪ হাজার ৫৯৩ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে।

## বাংলাদেশকে মোদীর উপহারের ৪০টি অ্যাম্বুলেন্স পৌঁছেছে পেট্রাপোলে

ঢাকা, ২৫ আগস্ট (হি.স.) : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপহারের ৪০টি অ্যাম্বুলেন্স এখন পেট্রাপোলে এসেছে। আগামীকাল বৃহস্পতিবার এসব অ্যাম্বুলেন্স ঢাকায় আসবে। বুধবার এ তথ্য জানিয়েছে ঢাকার ভারতীয় হাইকমিশন। ভারতীয় হাইকমিশন জানায়, উপহারের ৪০টি অ্যাম্বুলেন্স এখন পেট্রাপোলে এসেছে। বেনাপোল স্থল শুল্ক চেকপোস্টে ছাড়পত্র পাওয়ার পর এগুলো বৃহস্পতিবার ঢাকার উদ্দেশে রওনা হবে। অ্যাম্বুলেন্সগুলো কোভিড মহামারি মোকাবিলায় বাংলাদেশ সরকারের ব্যাপক প্রচেষ্টাকে সমর্থন করার উদ্দেশ্যে দেওয়া হয়েছে। এ উপহার বাংলাদেশের ভ্রাতৃত্বপূর্ণ জনগণের সহায়তার জন্য ভারতের দীর্ঘমেয়াদি অঙ্গীকারের প্রতিফলন। চলতি বছর ২৬-২৭ মার্চ ভারতের প্রধানমন্ত্রী বাংলাদেশ সফরকালে স্বাস্থ্যসেবা উন্নয়নের জন্য, বিশেষ করে বাংলাদেশে করোনা মোকাবিলার যৌথ প্রচেষ্টায়, বাংলাদেশ সরকারকে ১০৯ টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স উপহার দেওয়ার ঘোষণা করেছিলেন। সেই প্রতিশ্রুতি পূরণে দ্বিতীয় ধাপে ৪০টি অ্যাম্বুলেন্স এখন আসছে।

এর আগে প্রথম দফায় গত ১৭ আগস্ট ৩১টি অ্যাম্বুলেন্স বাংলাদেশ সরকারের কাছে হস্তান্তর করা হয়েছে। আর বাকি ৩৮টি অ্যাম্বুলেন্স সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে ঢাকায় পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে।

## রাজ্যের শিক্ষক সমাজ অসুরক্ষিত ও অপমানিত, ব্রাত্য বসুর মন্তব্যের পাল্টা দিলেন দিলীপ ঘোষ

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : শিক্ষিকারা বিষ খেয়ে আত্মহত্যা করতে যাচ্ছেন। যারা শিক্ষা ব্যবস্থা চালিয়ে নিয়ে যাচ্ছেন আমাদের ভবিষ্যত প্রজন্মকে তৈরি করছেন সেই শিক্ষক-শিক্ষিকারা নিজেদেরকে অসুরক্ষিত ও অপমানিত মনে করেন। বিষ খেতে বাধ্য হয়েছেন তারা। পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থা কিছু নেই বলে অভিযোগ তুললেন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। বুধবার দলীয় দফতরে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, পশ্চিমবঙ্গে নৈরাজ্য চলছে। আইন ব্যবস্থা বলেও কিছু নেই। এর চেয়ে দুর্ভাগ্য এবং দুঃখজনক ঘটনা কিছু হতে পারে না। শিক্ষকদের প্রাণ বাঁচানো এবং সম্মান বাঁচানোর এই সরকারের দায়িত্ব হওয়া উচিত।

শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুর মন্তব্য প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেন, আমাদের নেতারা হাসপাতালে গিয়েছিল তাদের ঢুকতে দেওয়া হয়নি। তারা শিক্ষা বিভাগে চাকরি করতেন। তারা যখন মৃত্যু পথযাত্রী তখন রাজনীতির রং লাগাচ্ছে। আমি ঘোষণা করছি আমি তাদের চিনি না আমাদের পার্টির সাথে যুক্ত নয়। বিজেপি দাঁড়ানোর আগে থেকে উনারা চাকরিতে আছেন। ব্রাত্য বসুর মতো একজন মন্ত্রীর এইটুকু মানবিকতা আশা করতে পারি না। তাদের একটু সমবেদনা জানান। কত নিচে নামলে মানুষ এই ধরনের বক্তব্য করতে পারেন বলে কটাক্ষ করেন দিলীপ ঘোষ।

## প্রায় দু-কোটি টাকার ড্রাগস সহ করিমগঞ্জে আটক দুই

করিমগঞ্জ (অসম), ২৫ আগস্ট (হি.স.) : ড্রাগস-বিরোধী অভিযানে আরও এক সাফল্য পেয়েছে অসম পুলিশ। করিমগঞ্জে প্রায় দুই কোটি টাকার ড্রাগস সহ দুই মাদক পাচারকারীকে পুলিশ আটক করেছে। ধৃতদের করিমগঞ্জ জেলার পাথারকান্দি থানার অন্তর্গত দেওবাড়ি গ্রামের বাসিন্দা আহমেদ বলে শনাক্ত করেছে পুলিশ।

করিমগঞ্জ পুলিশের অ্যান্টি-ড্রাগস ব্রাঞ্চের ইনচার্জ মণিরুল ইসলাম জানান, ইসলাম উদ্দিন এবং সাব্বির আহমেদের হেফাজত থেকে মোট ৪০ হাজার নেশার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে।

এদিকে গতকাল মঙ্গলবার সন্ধ্যায় গুয়াহাটিতেও ড্রাগস বিরোধী অভিযানে বমাল চার মাদক কারবারিকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের গান্ধীবস্তি এবং খারঘুলি এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের সেলিম আহমেদ (৩৮), রোণাকপ্রতীম মজুমদার (৩৭), ইদ্রিস আলি (৩০) এবং সুশীল বড়ো (৫২) বলে পরিচয় পাওয়া গেছে। তাদের হেফাজত থেকে পাঁচ গ্রাম সন্দেহজনক হেরোইন, ২৩০টি প্লাস্টিকের খালি কৌটো, পাঁচটি সাবানের বাকসো, ৪২টি মোবাইল ফোনের হ্যান্ডসেট বাজেয়াপ্ত করেছে গুয়াহাটি পুলিশ।

## কুলটিতে বাস থেকে উদ্ধার প্রচুর বোমা, আন্তঃরাজ্য পরিষেবার নিরাপত্তা নিয়ে প্রশ্ন

আসানসোল, ২৫ আগস্ট (হি.স.): আসানসোলের কুলটিতে যাত্রীবোঝাই বাস থেকে প্রচুর পরিমানে বোমা উদ্ধার করলেন পানাগড় সেনাছাউনির গোয়েন্দারা ও কুলটি থানার পুলিশ। বাসের ভিতরে ব্যাগ থেকে উদ্ধার হয়েছে মোট ৩০টি তাজা বোমা। প্রতিটি বোমার মূল্য প্রায় ১০০০ টাকা। ব্যাগে থাকা চিরকুট অনুসারে, বোমা ঝাড়খণ্ডে সফি মহম্মদ ভাই নামে কোনও ব্যক্তির কাছে পাঠানো হচ্ছিল। কলকাতার দুই ব্যক্তির নামও লেখা রয়েছে ওই চিরকুটে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, কলকাতা থেকে ঝাড়খণ্ডে পাঠানো হচ্ছিল বোমা। বাসটি কলকাতার বাবুঘাট থেকে বিহারের গয়া অভিমুখে যাচ্ছিল বলে জানা গিয়েছে।

সেনাবাহিনীর গোয়েন্দাদের কাছে খবর আসে কলকাতা থেকে ভিন রাজ্যে বিপুল পরিমাণে বোমা সরবরাহ করা হচ্ছে। এরপর মঙ্গলবার রাতে অভিযান শুরু হয়। প্রথমে কাঁকসা পুলিশের সহযোগিতা নিয়ে পানাগড়ে ওই বাসটিকে থামানোর চেষ্টা করেন সেনাবাহিনীর গোয়েন্দারা। কিন্তু, বাসটি দ্রুত গতিতে ছুটতে থাকে। তখন সেনাবাহিনী কুলটি থানার পুলিশকে খবর দেয়। কুলটি থানার পুলিশ দু’নম্বর জাতীয় সড়কের উপরে ডুবুরডিহি চেকপোস্টের কাছে নাকা চেকিং শুরু করে। সেই নাকাতে বাসটি আটকে পড়ে। পুলিশ ও সেনাবাহিনীর গোয়েন্দারা বাসের মধ্যে তল্লাশি চালিয়ে একটি কালো ব্যাগে ৩০টি বোমা উদ্ধার করেনা। ব্যাগের মধ্যে বোমার দাম লেখা একটি কাগজ পাওয়া যায়। চালক ও খালাসিকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু হয়েছে। বাসটিতে ১৮ জন যাত্রী ছিলেন। বাকি যাত্রীদের অন্য গাড়িতে করে গন্তব্যে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হয়েছে। ঘটনার পরই আন্তঃরাজ্য বাস পরিষেবার নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

## ২ সেপ্টেম্বর থেকে ষষ্ঠ-অষ্টম শ্রেণীর জন্য স্কুল খুলছে গুজরাটে, চলবে অনলাইন ক্লাসও

আহমেদাবাদ, ২৫ আগস্ট (হি.স.): আগামী ২ সেপ্টেম্বর থেকে স্কুল খুলছে গুজরাটে। ২ সেপ্টেম্বর থেকে গুজরাটের স্কুলে শুরু হবে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর পঠনপাঠন, ৫০ শতাংশ ছাত্র-ছাত্রী নিয়ে। বুধবার মন্ত্রিসভার বৈঠকে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত স্কুল খোলার সিদ্ধান্ত নিয়েছেন গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রূপানি। এদিন গান্ধীনগরে গুজরাটের শিক্ষামন্ত্রী ভুপিন্দরসিনহ চুদাসামা জানিয়েছেন, আগামী ২ সেপ্টেম্বর থেকে ষষ্ঠ-অষ্টম শ্রেণী পর্যন্ত স্কুল খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে, অনলাইন ক্লাস আগের মতোই চলবে।

শিক্ষামন্ত্রী জানিয়েছেন, গুজরাটে এই মুহূর্তে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীতে পাঠরত ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৩২ লক্ষ। গুজরাটের সাম্প্রতিক সময়ে করোনাভাইরাসের সংক্রমণ অনেকটাই কমেছে, তাই স্কুল খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিমধ্যেই গুজরাটে ৫০ শতাংশ ছাত্র-ছাত্রী নিয়ে চলছে নবম থেকে একাদশ শ্রেণীর ক্লাস। শিক্ষামন্ত্রী জানিয়েছেন, সমস্ত ছাত্র-ছাত্রী, শিক্ষক, অশিক্ষক কর্মী-সকলকেই মাস্ক পরতে হবে। বজায় রাখতে হবে সামাজিক দূরত্ব। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## এই নিয়ে তৃতীয়বার গরহাজির, পরমবীরকে জরিমানা চান্ডিভাল তদন্ত কমিশনের

মুম্বই, ২৫ আগস্ট (হি.স.): এই নিয়ে তৃতীয়বার বিচারপতি চান্ডিভাল তদন্ত কমিশনের হাজিরা এড়িয়ে গেলেন মুম্বইয়ের প্রাক্তন পুলিশ কমিশনার পরমবীর সিং। তাই বুধবার পরমবীর সিংকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে বিচারপতি চান্ডিভাল তদন্ত কমিশন। বারবার হাজিরা এড়িয়ে যাওয়ায় পরমবীর সিংয়ের বিরুদ্ধে পরোয়ানা জারি করার জন্য অনুরোধ করেছেন মহারাষ্ট্রের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী অনিল দেশমুখের আইনজীবী। পরবর্তী শুনানির দিন ঠিক হয়েছে আগামী ৩০ আগস্ট।

মহারাষ্ট্রের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী অনিল দেশমুখের বিরুদ্ধে অভিযোগের তদন্তের জন্য গঠিত হয়েছে বিচারপতি চান্ডিভাল তদন্ত কমিশন। এর আগেও দু”বার হাজিরা এড়িয়ে গিয়েছিলেন পরমবীর সিং। বুধবার তৃতীয়বারের জন্য পরমবীর সিং হাজিরা এড়িয়ে যান। তাই তাঁকে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি পরোয়ানা জারি করার জন্য অনুরোধ করেছেন দেশমুখের আইনজীবী।

## বিহারে লকডাউনের বিধিনিষেধ শেষ, খুলছে ধর্মীয় স্থান ও শিক্ষা প্রতিষ্ঠান

পাটনা, ২৫ আগস্ট (হি.স.): বিহারে সমাপ্ত হল লকডাউনের বিধিনিষেধ। বিহারে খুলে দেওয়া হচ্ছে দোকান, শপিং মল, পার্ক, গার্ডেন ও ধর্মীয় স্থান। পাশাপাশি বিশ্ববিদ্যালয়, কলেজ ও প্রযুক্তিগত শিক্ষা প্রতিষ্ঠান, স্কুল ও কোচিং সেন্টারও পুনরায় খুলে দেওয়া হচ্ছে। বুধবার বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার টুইট করে জানিয়েছেন, ’বিহারের কোভিড পরিস্থিতি পর্যালোচনা করার পর, দোকান, শপিং মল, পার্ক, গার্ডেন ও ধর্মীয় স্থান স্বাভাবিকভাবে খোলার অনুমতি দেওয়া হচ্ছে। বিশ্ববিদ্যালয়, কলেজ ও প্রযুক্তিগত শিক্ষা প্রতিষ্ঠান, স্কুল ও কোচিং সেন্টারও পুনরায় খোলার অনুমতি দেওয়া হচ্ছে।’ বিহারে করোনাভাইরাসের সংক্রমণ লাগাতার কমছে। বুধবার মুখ্যমন্ত্রী নীতীশ কুমার আনলক-৬-এর নতুন গাইডলাইন নিয়ে টুইট করেন। এদিনই ক্রাইসিস ম্যানেজমেন্ট গ্রুপের সঙ্গে কোভিড-পরিস্থিতি নিয়ে বৈঠক করেন নীতীশ কুমার। তারপর টুইট করে তিনি জানান, বিহারে খুলে দেওয়া হবে সমস্ত ধর্মীয় স্থান। খুলবে দোকান, শপিং মল, সমস্ত ধরনের শিক্ষা প্রতিষ্ঠান।

## বদগাম-বারামুল্লার মধ্যে ট্রেন পরিষেবা স্বাভাবিক, বন্ধ ছিল এনকাউন্টারের জন্য

শ্রীনগর, ২৫ আগস্ট (হি.স.): জম্মু ও কাশ্মীরের বদগাম ও বারামুল্লার মধ্যে স্বাভাবিক হল ট্রেন পরিষেবা। বুধবার সকাল থেকে শুরু হয়েছে ট্রেন পরিষেবা, মঙ্গলবার বারামুল্লা জেলার সোপোরে এনকাউন্টারের কারণে বন্ধ ছিল ট্রেন পরিষেবা। নিরাপত্তাজনিত কারণে ট্রেন পরিষেবা বন্ধ রাখা হয়েছিল। সরকারিভাবে জানানো হয়েছে, বুধবার বদগাম ও বারামুল্লার মধ্যে স্বাভাবিক হয়েছে ট্রেন পরিষেবা।

একইসঙ্গে জানানো হয়েছে, দক্ষিণ কাশ্মীরে শ্রীনগর-অনন্তনাগ-কাজিগুন্দ থেকে জম্মু রিজিওনের বানিহালে ট্রেন পরিষেবা স্বাভাবিকই রয়েছে। এই রেল পরিষেবার ক্ষেত্রে কোনও বিঘ্ন হয়নি। ট্রেন পরিষেবা স্বাভাবিক হওয়ার পর কিছুটা স্বস্তি পেয়েছেন কাশ্মীরের মানুষজন।

## জোর কদমে প্যান্ডেল বাঁধার কাজ চলছে ৬৬ পল্লীতে

কলকাতা, ২৫ আগস্ট (হি. স.): ক্যালেন্ডার জানান দিচ্ছে হাতে আর বেশি দিক নেই। কারণ আর অল্প কয়েকদিনের মধ্যেই মর্তে আগমন ঘটবে মা দুর্গার। আর তাই জোর কদমে চলছে প্যান্ডেল বাঁধার কাজ। সেই তালিকা থেকে বাঁধ নেই ৬৬ পল্লীও। জোর কদমে সেখানেও চলছে প্যান্ডেল বাঁধার কাজ।

সম্প্রতি ঋতাভরী চক্রবর্তী অভিনীত ”” ব্রহ্মা জানেন গোপন কম্মটি”” ছবিতে ফুটে উঠেছিল মহিলা পুরোহিতের গল্প। আর এবার সেই গল্পের আঙ্গিকেই কিন্তু সাজছে ৬৬ পল্লীর পুজো মণ্ডপ। সমাজের তথাকথিত কিছু মানুষের কুসংস্কারকে বুড়ো আঙুল দেখিয়ে চলতি বছর মায়ের আরাধনা হতে চলেছে চার মায়ের হাত ধরে। ৭১ তম বর্ষে ৬৬ পল্লিতে নন্দিনী, রুমা, সেমন্তী এবং পৌলমী এই চার মহিলা পুরোহিতের হাতে হবে মা দুর্গার পুজো। ইতিমধ্যেই ৬৬ পল্লি পুজো কমিটি সেরেছে খুঁটিপুজোর কাজ। বর্তমানে সেখানে জোর কদলে চলছে প্যান্ডেল বাঁধার কাজ।

## বিষ খেয়ে আত্মহত্যা করতে যাওয়া শিক্ষিকাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিচ্ছে সরকার

কলকাতা, ২৫ আগস্ট (হি. স.) : বিষ খেয়ে আত্মহত্যা করতে যাওয়া শিক্ষিকাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক সিদ্ধান্ত নিতে চায় সরকার। পাঁচ শিক্ষিকাকে বরখাস্তের পথে হাঁটতে পারে শিক্ষা দফতর। আপাতত হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় রয়েছেন পাঁচ শিক্ষিকা।

সরকারের বক্তব্য, নাটক করে বেতন বৃদ্ধির নামে সরকারের ভাবমূর্তী নষ্টের জন্য আন্দোলন করছেন পার্শশিক্ষক ও শিশুশিক্ষকরা। এর মাঝেই কখনও মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে, কখনও বিধানসভায়, কখনও আদি গঙ্গার পচা জলে নেমে আন্দোলনের নামে নাটক করছেন শিক্ষক ঐক্য মঞ্চের আন্দোলনকারীরা। মঙ্গলবার যার মাত্রা ছাড়িয়ে যায়। গত সপ্তাহে নবান্নে ১৪৪ ধারা ভেঙে কিছু শিক্ষক-শিক্ষিকা আন্দোলন করেন, যার ফলে তাঁদের উত্তরবঙ্গের একাধিক জায়গায় বদলি করা হয়। যার প্রতিবাদে মঙ্গলবার বিকাশ ভবনে শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করতে এলে দেখা পাননি তারা। আর তখনই আন্দোলনের নামে বিকাশ ভবনের বাইরে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি করে বিষ খেয়ে আত্মহত্যা করার চেষ্টা করেন পাঁচ শিক্ষিকা।

বিষ পান করা শিক্ষিকা অণিমা নাথ বলেন, ”শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আমাদের বদলি করেছেন। আমরা দক্ষিণ ২৪ পরগনা জেলায় থাকি। অথচ আমাদের বদলি করা হয়েছে কোচবিহারে।” ছবি চাকী নামের এক শিক্ষিকাও বিকাশ ভবনের ওই আন্দোলনে ছিলেন। তিনি বলেন, ”আমাদের যা বয়স, তাতে আমাদের অত দূরে গিয়ে চাকরি করা সম্ভব নয়। তাই সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এসেছি।” কিন্তু এইধরনের প্রতিবাদের নিদান দেখে মোটেই খুশি নয় রাজ্য সরকার। শিক্ষক হল সমাজের মূলস্তম্ভ, তাঁদের কাছ থেকে এই আচরণ ভালোভাবে মেনে নেবে না শিক্ষা দফতর। ফোন বন্ধ রয়েছে শিক্ষক ঐক্য মঞ্চের নেতা মইদুল ইসলামের। সূত্রের খবর, ওই শিক্ষিকাদের তিনজন আরজি কর এবং দু’জন এনআরএস হাসপাতালে ভর্তি। এই অবস্থায় সংগঠন তাঁদের সাহায্যার্থে কী ব্যবস্থা নেবে, তা নিয়ে সন্দেহ রয়েছে। ওই সংগঠনের সদস্যদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ করতে পারে সরকার।

## কেন্দ্রীয় প্রকল্পের কাজ খতিয়ে দেখতে রাজ্যে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি দল

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারি প্রকল্পের কাজ কেমন চলছে, তা জানতে রাজ্যে আসছে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি দল। কেন্দ্রের নরেন্দ্র মোদী সরকারের কেন্দ্রীয় প্রতিনিধি দলের সফরকে যথেষ্ট গুরুত্ব দিয়ে দেখছে নবান্ন। প্রশাসন সূত্রে খবর, মূলত গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত পরিষেবার সঙ্গে যুক্ত বিষয়গুলি নিয়ে কেন্দ্রের যে সমস্ত প্রকল্প রয়েছে, তা রাজ্যে সঠিক ভাবে এগিয়েছে কি না, তা-ই খতিয়ে দেখবেন কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদস্যরা।

বুধবার কেন্দ্রীয় প্রতিনিধিরা কলকাতায় পৌছচ্ছে। প্রথমেই তাদের যাওয়ার কথা দক্ষিণ ২৪ পরগনার সাগরদ্বীপে। মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন এই দ্বীপে আগামী জানুয়ারি মাসে বসবে গঙ্গাসাগর মেলা। তার আগে সেখানে গ্রামোন্নয়নের ক্ষেত্রে জনস্বাস্থ্য ও কারিগরি দফতর কী কী বিষয়ে কাজ করেছে, তা দেখবে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি দলটি।

রাজ্য প্রশাসন সূত্রের খবর, জনস্বাস্থ্য কারিগরি দফতরের কাজের পাশাপাশিই দেখা হবে গ্রামীণ রাস্তা নির্মাণ, পরিশ্রুত পানীয় জল, গ্রামীণ স্থানীয় প্রশাসনের পরিকাঠামো ঠিকঠাক ভাবে গড়া হয়েছে কি না। সে ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ সঠিকভাবে ব্যবহার করা হয়েছে কি না, সে দিকেই নজর দেবেন প্রতিনিধি দলের সদস্যরা।

বুধবার সরেজমিনে ওই বিষয়গুলির উপর আলোকপাত করার পর বৃহস্পতিবার নবান্নে রাজ্যের শীর্ষ আমলাদের সঙ্গে বৈঠকেও বসতে পারেন কেন্দ্রীয় প্রতিনিধিরা। সূত্রের অনুমান, কেন্দ্রীয় প্রতিনিধিরা বৈঠক করতে পারেন রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী, পঞ্চায়েত সচিব এম ভি রাও এবং জনস্বাস্থ্য কারিগরি দফতরের সচিব সুরেন্দ্র গুপ্তর সঙ্গে।

## কোভিডের সময়ে উপনির্বাচন করাতে চাওয়া ঠিক নয়, মত দিলীপ ঘোষের

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : ”মুখ্যমন্ত্রী থাকার জন্য উনি পাগল হয়ে যাচ্ছেন, তাই কোভিড বাড়লেও নির্বাচন চাইছেন।” মমতা বন্দ্যোপাধ্যায়কে নিয়ে বুধবার এমনই মন্তব্য করলেন দিলীপ ঘোষ। এদিন সকালে প্রাতঃভ্রমণে বেরিয়ে এমন মন্তব্য করেন তিনি। তাঁর দাবি, এই কোভিডের সময়ে উপনির্বাচন করাতে চাওয়া ঠিক নয়। কেবল নিজের স্বার্থসিদ্ধির জন্যই রাজ্যবাসীকে ঝুঁকিতে ফেলতে চাইছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যের পাঁচ কেন্দ্রে কোচবিহারের দিনহাটা, উত্তর চব্বিশ পরগনার খড়দহ, নদিয়ার শান্তিপুর, দক্ষিণ চব্বিশ পরগনার গোঁসাবা এবং কলকাতার ভবানীপুর আসনে উপনির্বাচন ও দুটি আসনে মুর্শিদাবাদের সামশেরগঞ্জ এবং জঙ্গিপুর কেন্দ্রে নির্বাচন বাকি রয়েছে। গত সপ্তাহেই চার জেলা ও কলকাতার পুরসভা সূত্রে জানা গিয়েছিল, এই সাত বিধানসভায় কোভিড প্রায় শূন্য। ইতিমধ্যেই নির্বাচন কমিশন সমস্ত রাজনৈতিক দলের থেকে কোভিড পরিস্থিতিতে কী ভাবে ভোট সম্ভব সে ব্যাপারে পরামর্শ চেয়েছে। সেই প্রসঙ্গে মমতা বলেন, ”নির্বাচন কমিশন আমাদের মতামত চেয়েছে। ৩০ আগস্টের মধ্যে সব তথ্য-সহ আমরা মতামত কমিশনকে জানিয়ে দেব। আমাদের রাজ্যে কোভিডগ্রাফ একদমই নিচের দিকে।” প্রসঙ্গত, মমতা বন্দ্যোপাধ্যায় নন্দীগ্রামে ভোটে জিততে পারেননি। যদিও তা নিয়ে হাইকোর্টে মামলা চলছে। তবে ছ”মাসের মধ্যে থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে অন্য কেন্দ্র থেকে জিততে হবে। ভবানীপুরে তিনি যে দাঁড়াবেন তাও ঠিক হয়ে গিয়েছে। তবে এই উপনির্বাচন নিয়ে বিজেপি অবশ্য ধারাবাহিক ভাবে একটাই কথা বলছে। তা হল, যদি বাংলায় কোভিড শূন্য হয়ে গিয়ে থাকে তাহলে তাঁদের রাজনৈতিক কর্মসূচি করতে দেওয়া হচ্ছে না কেন? লোকাল ট্রেনই বা কেন চালানো হচ্ছে না, সেই প্রশ্নও তুলছে বিজেপি শিবির।

## যত দ্রুত প্রত্যাহার প্রক্রিয়া শেষ হবে ততই ভালো : বাইডেন

ওয়াশিংটন, ২৫ আগস্ট (হি.স.): আগামী ৩১ আগস্টের মধ্যে আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের জন আমেরিকাকে রীতিমতো হুঁশিয়ারি দিয়েছে তালিবান। আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনও মনে করছেন, যত দ্রুত প্রত্যাহার প্রক্রিয়া শেষ হবে ততই ভালো। জো বাইডেন জানিয়েছেন, ৩১ আগস্টের মধ্যে ফিরিয়ে আনার প্রক্রিয়া শেষ করার প্রচেষ্টায় আমরা। আফগানিস্তানের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে হোয়াইট হাউসে প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, ’গত ১৪ আগস্ট থেকে এযাবৎ প্রায় ৭০,৭০০ জনকে আফগানিস্তান থেকে ফিরিয়ে আনার ক্ষেত্রে সাহায্য করেছে আমেরিকা। জুলাই মাসের শেষ থেকে প্রায় ৭৫, ৯০০ জনকে অন্যত্র নিয়ে যাওয়া হয়েছে।’ প্রেসিডেন্ট জো বাইডেন আরও জানিয়েছেন, ’৩১ আগস্টের মধ্যে ফিরিয়ে আনার প্রক্রিয়া শেষ করার গতিতে রয়েছি আমরা। যত দ্রুত শেষ হবে ততই ভালো। তবে, ৩১ আগস্টের মধ্যে শেষ করা নির্ভর করছে তালিবানের সহযোগিতার উপর, বিমানবন্দরে প্রবেশে অনুমতি দেওয়া ও কাজে বাধা না দেওয়ার উপর।’ বাইডেনের কথায়, ’জি৭ নেতারা, ইউরোপিয়ান ইউনিয়ন, ন্যাটো, রাষ্ট্রপুঞ্জ তালেবানদের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গিতে ঐক্যবদ্ধ থাকতে সম্মত হয়েছে। কাজের ভিত্তিতে আমরা তাদের (তালিবান) বিচার করব।’

## নারায়ণ রাণেকে নোটিশ নাসিক পুলিশের, ২ সেপ্টেম্বর হাজিরার নির্দেশ

নাসিক, ২৫ আগস্ট (হি.স.): কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা নারায়ণ রাণেকে এবার নোটিশ ধরাল নাসিক পুলিশ। আগামী ২ সেপ্টেম্বর থানায় হাজিরা দিতে বলা হয়েছে কেন্দ্রীয় মন্ত্রীকে। গত সোমবার মহারাষ্ট্রের সিন্ধুদুর্গে বিজেপি-র ‘জন আশীর্বাদ যাত্রা’ চলাকালীন উদ্ধবকে ”চড় মারার” হুমকি দেন নারায়ণ। তিনি দাবি করেন, স্বাধীনতা দিবসের বক্তৃতায় স্বাধীনতার সাল ভুলে গিয়েছিলেন উদ্ধব। উদ্ধবকে চড় মারার ”হুমকি” দেওয়ায় মহারাষ্ট্রের পুণে ও নাসিকে কেন্দ্রীয় মন্ত্রীর বিরুদ্ধে দায়ের হয় এফআইআর। এদিকে, মঙ্গলবারই মহারাষ্ট্রের রত্নাগিরিতে নারায়ণকে গ্রেফতার করেছিল মহারাষ্ট্র পুলিশ। প্রায় ৮ ঘণ্টা হাজতবাসের পরে তিনি জামিনও পেয়ে যান। এবার নাসিক পুলিশ নারায়ণ রাণেকে নোটিশ ধরাল। বুধবার সকালে নাসিক পুলিশ সূত্রে জানা গিয়েছে, এফআইআর দায়ের হওয়ার ঘটনায় কেন্দ্রীয় মন্ত্রী নারায়ণ রাণেকে নোটিশ পাঠানো হয়েছে ও তাঁকে ২ সেপ্টেম্বর থানায় হাজিরা দিতে বলা হয়েছে।হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## উত্তরাখণ্ডের গ্রামে হড়পা বান, জলে ঢুকে পড়ল বহু বাড়িতে

দেহরাদূন, ২৫ আগস্ট (হি.স.): হড়পা বানে ব্যাপক ক্ষয়ক্ষতি হল উত্তরাখণ্ডের দেহরাদূনের উপকণ্ঠে খাবাদওয়ালা গ্রামের সাতলা দেবী মন্দিরের কাছে। হড়পা বানে জল ঢুকে পড়েছে বহু বাড়িতে, বিভিন্ন স্থানে ভেঙে পরে বিদ্যুতের খুঁটি ও গাছ। মঙ্গলবার রাতের মেঘভাঙা বৃষ্টির পর হড়পা বানে ভেসে যায় মোটরবাইকও। যদিও, প্রাণহানির কোনও ঘটনা ঘটেনি। বুধবার সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতে পৌঁছন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, সঙ্গে ছিলেন মন্ত্রী গণেশ যোশীও। ক্ষতিগ্রস্তদের হাতে ত্রাণ সামগ্রী পৌঁছে দেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি ভবিষ্যতে এই এলাকায় প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষয়ক্ষতি রোধের জন্য জেলাশাসককে একটি অ্যাকশন প্ল্যান তৈরি করতে বলেছেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার রাতে প্রবল বৃষ্টি হয় দেহরাদূনে। রিসপানা ও বিন্দল নদীর জলস্তর বেড়েছে।

## শিক্ষক দিবসের আগে স্কুল শিক্ষকদের টিকা দেওয়ার চেষ্টা করুন, রাজ্যের কাছে আর্জি মনসুখের

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.): আগামী ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবস, খুব বেশি দিন আর বাকি নেই। এই সময়ের মধ্যে দেশের সমস্ত স্কুল শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন দেওয়ার জন্য রাজ্যগুলির কাছে অনুরোধ জানালেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডব্য। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন, চলতি মাসে অতিরিক্ত ২ কোটিরও বেশি ভ্যাকসিনের ডোজ উপলব্ধ করা হচ্ছে। বুধবার টুইট করে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডব্য জানিয়েছেন, ’প্রতিটি রাজ্যে টিকা উপলব্ধ করার যে পরিকল্পনা রয়েছে, চলতি মাসে অতিরিক্ত ২ কোটিরও বেশি ভ্যাকসিনের ডোজ উপলব্ধ করা হচ্ছে। আমরা সমস্ত রাজ্যের কাছে অনুরোধ করছি, ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবসের প্রাক্কালে সমস্ত স্কুলের শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন দেওয়ার চেষ্টা করুন।’



আজ বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ের বায়োটেকনোলজি দপ্তরের আর্থিক সহায়তায় যে কলেজ বায়ো-টেক ক্লাব প্রকল্পটি চলছে এর কর্মসূচির অংশ হিসেবে বৃক্ষরোপন অনুষ্ঠান করা হয়। সে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন উপমুখ্যমন্ত্রী যিষ্ণু দেববর্মন। তিনি কলেজ বায়োটেক ক্লাবের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করেন। বায়োটেক ক্লাবের শিক্ষার্থীরা কলা পাতায় মাশরুম চাষের নতুন পদ্ধতি সফলভাবে গবেষণা করেছে এবং দেখা যাচ্ছে যে, খড় ব্যবহারের প্রচলিত পদ্ধতির চেয়ে এর উৎপাদন বেশি।ইতিমধ্যেই ত্রিপুরা বায়োটেকনোলজি কাউন্সিল হরিশনগরগ্রামে মাশরুম হেমলেট প্রকল্প বাস্তবায়িত করছে। সব মিলিয়ে এক দারুণ প্রয়াস। এছাড়া বায়ো টেক ক্লাবের নিউজলেটারও চালু করা হয়েছে। সফল গবেষণার জন্য বায়ো টেক ক্লাবের সকল সদস্যকে অভিনন্দন জানিয়েছেন উপমুখ্যমন্ত্রী।

# প্রমোদনগর সিনিয়র মাদ্রাসার উন্নয়নে বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৫ আগস্ট।।** বুধবার দুপুর ১ ঘটিকার সময় প্রমোদনগর সিনিয়র মাদ্রাসার সার্বিক উন্নয়নের স্বার্থে মাদ্রাসা এস এম সি ও উন্নয়ন কমিটির যৌথ উদ্যোগে এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন অল ত্রিপুরা মাদ্রাসার টিচার্স এসোসিয়েশন রাজ্য কমিটির সভাপতি আব্দুল আলিম, সহ সভাপতি শাহ আলম, বিশালগড় বিভাগীয় কমিটির সভাপতি মহরম আলী, সোনামুড়া বিভাগীয় কমিটির কোষাধ্যক্ষ মাওলানা আজিজুর রহমান, এসএম সি কমিটির চেয়ারম্যান খলিল মিয়া, উন্নয়ন কমিটির চেয়ারম্যান দুলাল মিয়া, মাদ্রাসার প্রধান শিক্ষক মাওলানা জাকির হোসাইন সহ অন্যান্য শিক্ষক- কর্মীরা। অতিথিদেরকে প্রথমে ব্যজ ও মাল্যদানের মধ্য দিয়ে বরণ করে নেওয়া হয়।

মাদ্রাসার প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠরত ছাত্র-ছাত্রীদের মধ্যে লেখা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এতে নয়জনকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করার জন্য বিভিন্ন সামগ্রী দিয়ে পুরস্কৃত করেন অতিথিরা। তারা হলেন আহমদ হোসেন, সাব্বির হোসেন, কুলসুম বিবি, হালিমা বেগম, সাব্বির আহমেদ, সাইদুল হোসেন, ফাতিমা খাতুন, সাইদুল ইসলাম, লিজা আক্তার। মাদ্রাসা উন্নয়ন কমিটির চেয়ারম্যান দুলাল মিয়া সাহেব নিজ উদ্যোগে হোস্টেলে অধ্যায়নরত ছাত্রদের মধ্যে মাস্ক বিতরণ করেন। সকাল ১১টার সময় বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চক্ষু চিকিৎসক ডা: নিবেদিতা

মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের চক্ষু পরীক্ষা করেন। এতে ৯১ জন ছাত্রছাত্রীর মধ্যে ৭০ জন ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। পরীক্ষা শেষে চিকিৎসক কয়েক জন ছাত্রছাত্রীকে সমস্যা থাকার কারণে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে পরীক্ষা করার জন্য পরামর্শ প্রদান করেন। এদিনের সভায় প্রমোদনগর সিনিয়র মাদ্রাসা কমিটির পক্ষ থেকে ৭ দফা দাবি সনদ এসএম সি কমিটির চেয়ারম্যান খলিল মিয়া, উন্নয়ন কমিটির চেয়ারম্যান দুলাল মিয়া সংগঠনের রাজ্য নেতৃত্বদের হাতে তুলে দেওয়া হয়। রাজ্য নেতৃত্ব আব্দুল আলিম এবং শাহ আলম বলেন প্রমোদনগর সিনিয়র মাদ্রাসার সার্বিক উন্নয়নের স্বার্থে আমাদের কাছে দেওয়া দাবি গুলো পূরণের ক্ষেত্রে আন্তরিকতার সাথে উদ্যোগ গ্রহণ করা হবে বলে জানিয়েছেন তারা। বক্তব্য রাখতে গিয়ে তারা বলেন প্রমোদনগর সিনিয়র মাদ্রাসা রাজ্যের মধ্যে একটি ঐতিহ্যবাহী মাদরাসা। এই মাদ্রাসার উন্নয়নে যা যা সহযোগিতা প্রয়োজন সবগুলি সংগঠন নেতৃত্বরা করার জন্য উদ্যোগ গ্রহণ করবেন বলে জানিয়েছেন তারা। এই মাদ্রাসা আমাদের জন্য একটি গর্ব। পঠন পাঠন সহ বিভিন্ন কার্যাদি আমরা বিভিন্ন সময় গর্বের সাথে আলোচনা করে থাকি। ভবিষ্যতে যাতে আরও সুন্দরভাবে মাদ্রাসার কার্যাদি এগিয়ে নিয়ে যাওয়া হয় তার জন্য কমিটি ও প্রধান শিক্ষককে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য পরামর্শ দিয়েছেন তারা। মাদ্রাসার সার্বিক পরিস্থিতি দেখে অত্যন্ত খুশি প্রকাশ করেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# আগরতলায় নতুন ৪টি সিটিবাস পরিষেবা চালুর উদ্যোগ নিয়েছে পরিবহণ দপ্তর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** রেলযাত্রী ও বিমানযাত্রীদের সুবিধার্থে আগরতলায় নতুন ৪টি সিটিবাস পরিষেবা চালু করার পরিকল্পনা নিয়েছে পরিবহণ দপ্তর। আজ সন্ধ্যায় সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে পরিবহণ দপ্তরের প্রধান সচিব শ্রীরাম তরণীকান্তি এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, রাজ্যে বিমান ও রেল চলাচলের সময়সূচির প্রতি লক্ষ্য রেখেই ৪টি রুটে এই সিটিবাস পরিষেবা চালু করা হবে। এই ৪টি রুট হলো আগরতলা রেলস্টেশন- নাগেরজলা- বড়জলা হয়ে বিমানবন্দর। দ্বিতীয় রুটটি হলো আগরতলা রেলস্টেশন- নাগেরজলা- চন্দ্রপুর- জিবি- সচিবালয় হয়ে বিমানবন্দর। ত'তীয় রুটটি হলো আগরতলা রেল স্টেশন- নাগেরজলা- রাধানগর- সচিবালয় হয়ে বিমানবন্দর এবং চতুর্থ রুটটি হলো চন্দ্রপুর থেকে বিমানবন্দর। বিমানযাত্রী এবং রেলযাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য এই পরিষেবা চালুর উদ্যোগ নিয়েছে দপ্তর।

সাংবাদিক সম্মেলনে প্রধান সচিব শ্রীরাম তরণীকান্তি আরও জানান, মার্টসিটির অধীনে যে বাসস্টপগুলি তৈরি করা হয়েছে এরমধ্যে কিছু বাসস্টপে বিমানবন্দর রুটের বাসগুলি দাঁড়াবে। তিনি জানান, রাজ্যে বর্তমানে দৈনন্দিন গড়ে ১৫টি বিমান উঠানামা করে এবং ১২টি বিভিন্ন ট্রেন আসা যাওয়া করে। নতুন ৪টি সিটিবাস পরিষেবা চালু হলে বিমানযাত্রী ও রেলযাত্রীদের গন্তব্যস্থলে আসা যাওয়া করতে সুবিধা হবে। প্রধান সচিব আরও জানান, রাজ্যে বর্তমানে ৬৮টি বাস পরিষেবা বিভিন্ন রুটে চালু রয়েছে। এরমধ্যে টিআরটিসির বাস পরিষেবা রয়েছে ৩০টি ও ত্রিপুরা আরবান ট্রান্সপোর্ট কোম্পানির ২৬টি এবং অন্যান্য বাস পরিষেবা রয়েছে ১২টি। ৬৮টি বাস পরিষেবার মধ্যে ৪টি বাস বিশেষ পরিষেবা দিচ্ছে। এরমধ্যে ২টি বাস সচিবালয়ে ও ২টি বাস বিমানবন্দরে পরিষেবা দিচ্ছে। রাজ্যের বিভিন্ন স্থানের যাত্রীদের সুবিধার্থে নতুন ৪টি সিটিবাসের সময়সূচি আগরতলা রেলস্টেশন সহ রাজ্যের প্রতিটি রেলস্টেশনে লাগানো থাকবে। তাছাড়াও আখাউড়া চেকপোস্ট থেকে নরসিংগড়, জম্পইজলা- চন্দ্রপুর সহ অন্যান্য রুটে বাস পরিষেবা চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে। এই বিষয়ে শীঘই টেণ্ডার প্রক্রিয়া শুরু হবে।

## অভিযোগ

● প্রথম পাতার পর

মাঠে তার মৃতদেহ পরে থাকতে দেখে স্থানীয় লোকজনরা।ঘটনাস্থলে আসে সিধাই থানার পুলিশ।কী ভাবে হতে পারে এই মৃত্যু এবিষয়ে এখনো কোন সুস্পষ্ট বক্তব্য পাওয়া যায়নি।

## সংখ্যা

● প্রথম পাতার পর

হয়ে মারা গেছেন।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিনে আরও জানা গিয়েছে, আবারও পশ্চিম জেলা করোনা সংক্রমণে শীর্ষস্থান দখলে রেখেছে। গত ২৪ ঘণ্টায় নতুন করে পশ্চিম জেলায় ৬৩ জন, দক্ষিণ জেলায় ২১ জন, গোমতি জেলায় ১১ জন, ধলাই জেলায় ৬ জন, সিপাহিজলা জেলায় ৬ জন, উত্তর ত্রিপুরা জেলায় ৪ জন, উনকোটি জেলায় ১১ জন এবং খোয়াই জেলায় ২ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

# ওবিসি মোর্চার বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৫ আগস্ট।।** আর কে পুর মন্ডল ওবিসি মোর্চার কার্য্যকারীনি বৈঠক অনুষ্ঠিতহয় উদয়পুর তেপানিয়া ইকো পার্ক সংলগ্ন বন দপ্তরের বাংলো এলাকায় , আজ উদয়পুর টেপানিয়া ইকোপার্কের হলঘড়ে আর কে পুর মন্ডল ওবিসি মোর্চার কার্য্যকারীনি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন মাননীয় কৃষক ও কৃষক কল্যাণ দপ্তর, পরিবহন ও পর্যটন দপ্তরের মন্ত্রী প্রনজিতসিংহ রায় , ওবিসি মোর্চার প্রদেশ সভাপতি সমীর রঞ্জন ঘোষ ওবিসি করপোরেশনের চেয়ারম্যান তাপস মজুমদার , গোমতী জেলা ওবিসি মোর্চা সভাপতি উমাকান্ত বিশ্বাস , আর কে পুর মন্ডল সভাপতি প্রবীর দাস এবং মন্ডলের কার্যকর্তা বৃন্দ। সভায় সংগঠন সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়।

# খিলপাড়া স্কুলে দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি,উদয়পুর, ২৫শে আগস্ট।।** করোনা আবহে স্কুল বন্ধের সুযোগে উদয়পুর পালাটানা ও টি পি সির পক্ষ থেকে সি এস আর প্রকল্পে খিলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে দেওয়া সিলিং পাখা ও লাইট চুরির ঘটনায় কৌতূহল সৃষ্টি হয়েছে গোটা খিলপাড়া এলাকায়। স্কুল থেকে সিলিং ফ্যান এবং লাইট চুরি হয়ে যাওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা খিলপাড়া এলাকায়। চুরির ঘটনায় প্রাথমিকভাবে সন্দেহজনক ভাবে এক যুববকে আটক করে থানায় নিয়ে আসে রাধাকিশোরপুর থানার পুলিশ। ঘটনা, উদয়পুর রাধাকিশোরপুর থানাধীন খিলপাড়া এলাকায়।

সংবাদ সূত্রে জানা যায় , গত কয়েক মাস আগে ওটিপিসি পালাটানা থেকে সি এস আর প্রকল্পে খিলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে দেওয়া ৯টি বৈদ্যুতিক সিলিং ফ্যান ও লাইট চুরি হয়ে যায়। এই নিয়ে রাধাকিশোরপুর থানায় খিলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় থেকে অভিযোগও জানানো হয়েছিলো। এরই মধ্যে গত কদিন আগে স্থানীয় এক যুবক একটি কম্পিউটার দোকানে চুরি যাওয়া বৈদ্যুতিক পাখা বিক্রি করতে গেলে তা স্থানীয় এক ব্যক্তির নজরে আসে, পাখিটি দেখে স্থানীয় ব্যক্তির সন্দেহ হয়।

এই ঘটনাটি প্রকাশ্যে আসতেই বুধবার খিলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এস এম সি কমিটির এক বৈঠক বসে। সেই বৈঠকের সিদ্ধান্তক্রমে বিষয়টি রাধাকিশোরপুর থানার পুলিশকে অবগত করলে রাধাকিশোরপুর থানার এস আই দেবব্রত সিনহা ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করে প্রাথমিকভাবে সন্দেহ জনক ভাবে ঐ যুবককে আটক করে থানায় নিয়ে যান। এই ঘটনায় স্থানীয় আরও কিছু লোক জড়িত থাকতে পারে বলে স্থানীয়রা অভিমত ব্যক্ত করেন।এটা সত্যি কথা পালাটানা ও টি পি সি খিলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে বিগত কয়েক বৎসর ধরে বিরাট অংকের টাকা খরচ করে স্কুলটিকে সার্বিক উন্নয়নের চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে।এলাকা বাসি অভিমত ব্যক্ত করেন। দাবি উঠেছে সংশ্লিষ্ট ঘটনায় পুলিশি সঠিক তদন্ত করে অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করলে এই ধরনের চুরির ঘটনা খুব কম সংঘটিত হবে বলে সংশ্লিষ্ট মহল মনে করছে।

## কোভিড বিধি

● প্রথম পাতার পর

আছেন। কিন্ত, করোনা পরিস্থিতি অনুযায়ী এই মুহুর্তে বিশেষ চিন্তিত হওয়ার কোন প্রয়োজন নেই। তাছাড়া, কোভিড বিধি সঠিকভাবে পালন করা হলে কোন ধরনের অঘটন ঘটার কোন সম্ভাবনা নেই বলে মনে করছে শিক্ষা দফতর। এক্ষেত্রে, শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে বিশেষ খেয়াল রাখতে হবে।

## অর্থমন্ত্রী

● প্রথম পাতার পর

এছাড়া মহিলা পরিচালিত স্ব-সহায়ক গোষ্ঠির সাথেও কেন্দ্রীয় অর্থ মন্ত্রী আলোচন সারবেন। ওইদিনই দুপুরে তিনি দিল্লির উদ্দেশ্যে রওয়ানা দেবেন।

কেন্দ্রীয় অর্থ মন্ত্রীর ত্রিপুরা সফরে ধারণা করা হচ্ছে, রাজ্যের পাওনা নিয়ে ত্রিপুরার অর্থ দফতর সোচ্চার হবে। বিশেষ করে পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ মেনে অর্থ বরাদ্দ ও জিএসটি খাতে বকেয়া আদায়ের বিষয়ে ত্রিপুরা প্রশাসন কেন্দ্রীয় অর্থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন।

## বিশালগড়ে

● প্রথম পাতার পর

চল্লিশের ব্যক্তি বিকাশ দেবনাথ।তার বাড়ি বিশালগড়ের সরকার টিলা এলাকায়।

স্থানীয় পথচলতি লোকেরা দেখতে পেয়ে তড়িঘড়ি খবর দেন বিশালগড় অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীদেরকে।তারা ঘটনাস্থলে ছুটে এসে আহত বিকাশ দেবনাথকে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে যায়। তার শরীরের বেশ কিছু জায়গায় আঘাত প্রাপ্ত হয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকরা।

প্রতিনিয়ত বিশালগড় সহ বিভিন্ন জায়গায় ঘটে চলেছে দূর্ঘটনা ট্রাফিক দপ্তরের খামখেয়ালিপনায় কারণেই ঘটে চলেছে দূর্ঘটনা।

## ভারী বর্ষণে

● প্রথম পাতার পর

চলছে। ইতিমধ্যে উদ্ধার কার্যে কর্মীদের মোতায়েন করা হয়েছে। তিনি বলেন, প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থদের সমস্ত রকম সহায়তা করবে ত্রিপুরা সরকার। বিলোনিয়ার বিধায়ক অরুন চন্দ্র ভৌমিক জানিয়েছেন, ভারী বর্ষণে চারিদিকে জলমগ্ন হওয়ায় বহু মানুষ বাড়িঘরে বন্দী অবস্থায় রয়েছেন। এমন ২৮২ জনকে প্রশাসনের তরফে রান্না করা খাবার বিলি করা হয়েছে। বিলোনিয়া মহকুমা শাসক জানিয়েছেন, বিভিন্ন এলাকা থেকে জল নামতে শুরু করেছে। ফলে, তিনটি ত্রাণ শিবির খোলা হলেও একটি ত্রাণ শিবিরে এক পরিবারের ৪ জন আশ্রয় নিয়েছেন। এছাড়াও ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ চলছে। তিনি বলেন, ভারী বর্ষণে ক্ষতিগ্রস্তদের প্রশাসনের তরফে সমস্ত সহায়তা দেওয়া হবে।

## গণহারে

● প্রথম পাতার পর

আসে। তাও আবার ১.৫০০ টাকা গাড়ি ভাড়া করে। পরে পুষ্প রানী মলসমের রক্তের নমুনায় ম্যালেরিয়া রোগের জীবাণু ধরা পড়ে বলে জানা যায় হাসপাতাল সূত্রে। রাস্তা খারাপ থাকার কারণে কোনো যানবাহন নুনাছড়া এলাকায় যাওয়া আসা করে না।

এই অবস্থায় আরও বেশ কয়েকজন জনজাতি অংশের মানুষজন ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়ে নিজ নিজ ঘরে কাতরাচ্ছে বিনা চিকিৎসায়। ওইসব ম্যালেরিয়া জ্বরে আক্রান্ত রোগীরা অর্থের অভাবে তেলিয়ামুড়াতে এসে চিকিৎসা পরিষেবাও নিতে পারছে না বলে অভিযোগ। নুনাছড়া এডিসি ভিলেজের প্রজা বাহাদুর মলসম পাড়াতে ম্যালেরিয়া জ্বরের প্রাদুর্ভাব চলতে থাকলে ও মুঙ্গিয়াকামী স্বাস্থ্য প্রশাসন বেখবর। এই অবস্থায় প্রজা বাহাদুর মলসম পাড়া এলাকাতে যদি অতি দ্রুত স্বাস্থ্য শিবির করানো না হয় তবে অবস্থা বেগতিক আকার নিতে পারে বলে আশঙ্কা।

এখন দেখার বিষয় তেলিয়ামুরা মহকুমা স্বাস্থ্য দপ্তর কি ধরনের পদক্ষেপ গ্রহণ করে প্রজা বাহাদুর মলসম পাড়ায় স্বাস্থ্য শিবির করা হয়। ওই এলাকার মানুষদের আরও অভিযোগ ওই এলাকায় একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র থাকলেও প্রতিনিয়ত স্বাস্থ্য কেন্দ্র খোলা থাকেনা। ফলে সামান্য সর্দি কাশি জ্বর রোগে আক্রান্ত হলে বিনা চিকিৎসায় থাকতে হয় ওই এলাকার জনজাতি অংশের মানুষদের।

## বাজেয়াপ্ত

● প্রথম পাতার পর

ইন্দ্রজিৎ দেববর্মা এবং তেলিয়ামুড়া থানার পুলিশ গাড়ি চেকিং এ বসে। গাড়ি চেকিং করার সময় হরিয়ানার একটি গাড়ি যার নম্বর এইচ আর ৩৮ জেড৩৮ ১৪৫৩ আসতে দেখে গাড়িটিকে প্রথমে দাঁড় করিয়ে কাগজপত্র চেক করে। এস আই ইন্দ্রজিৎ দেববর্মার সন্দেহ হয় গাড়িতে অবৈধ কিছু থাকতে পারে। পরে খবর দেওয়া হয় তেলিয়ামুড়া পুলিশ আধিকারিক সোনা চরন জমাতিয়া এবং তেলিয়ামুড়া থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান মহকুমা পুলিশ আধিকারিক এবং তেলিয়ামুড়া থানার পুলিশ। গাড়িটিকে আটক করে গাড়িতে তল্লাশি চালিয়ে ১৫৫ কেজি শুকনো গাঁজা পাওয়া যায়। যার বাজার মূল্য প্রায় ৫ লাখ টাকা। গ্রেপ্তার করা হয় গাড়ির চালক রাজেশ কুমারকে। তার বাড়ি হরিয়ানার ফিরিদাবাদ। এ ব্যাপারে এনডিপিএস ধারায় তেলিয়ামুড়া থানায় সুনির্দিষ্ট মামলা গৃহীত হয়েছে। এধরনের অভিযান অব্যাহত থাকবে বলে পুলিশ ও ট্রাফিক পুলিশের তরফ থেকে জানানো হয়েছে।

## বিশালগড়ে

● আটের পাতার পর

কে নিয়ে শুরু হচ্ছে দিয়া বাতি স্কিম। এই প্রকল্পের মাধ্যমে একজন সরকারি আধিকারিক হবেন এরকম একটি শিশুর অভিভাবক ও পরামর্শদাতা। ওই আধিকারিকদের দায়িত্ব হবে শিশুটির সার্বিক বিকাশের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ব্যবস্থা করা। প্রতি সপ্তাহের একদিন এক ঘন্টা সময় বদলে দেওয়ার একটি শিশুর জীবনের গতিপথ। সময় এসেছে হাত বাড়ানোর যাতে একটি ফুলের কলি অকালে নষ্ট না হয়। অনুষ্ঠানে আলোচনা করেন সমাজসেবী অঞ্জন পুরকায়স্থ তিনি বলেন সিপাহীজলা জেলা ১৯৪১ জন শিশু রয়েছে। তাদেরকে যাতে এক বছর পর হারিয়ে না যায় সেদিকে নজর রাখার জন্য তিনি আবেদন রাখেন সমাজ কল্যাণ দপ্তর এর কাছে। আলোচনা করেন সিপাহীজলা জেলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দত্ত দাস। অনুষ্ঠানে দিয়া বাতি প্রকল্প উদ্ধোধন করে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা। তিনি বলেন বিভিন্নভাবে অবহেলিত এবং বিভিন্ন স্কিম এ যারা আসছে না সহযোগিতা পাচ্ছে না যাতে করে সরকারের সুযোগ পায় সরকারি আধিকারিকের এগিয়ে এসেছেন ভালো কাজ। তাদের জন্য কাজ করোন।

আমাদের কেন্দ্রীয় সরকার রাজ্য সরকার বলুন সর্বভারতীয় ত্রিপুরা স্কিম চালু হয়েছে। মহিলারা যারা চাকরি পাচ্ছে না স্বনির্ভর করে তোলার জন্য মুখ্যমন্ত্রী স্বনির্ভর স্কিম চালু করেছেন। সকলকে সহযোগিতা করার জন্য। সান্তনা চাকমা বলেন প্রত্যেক শিশুর সাথে একজন করে আধিকারিক তদারকি করবেন কর্মকর্তারা যাতে সন্তান ভেবে কাজ করেন। সমাজ কল্যাণ দপ্তর এর দেওয়া সে সুযোগ প্রথমবার পেয়েছেন আপনাদের সহযোগিতা ছাড়া ওই বড় করে তুলতে হলে প্রথম শিক্ষাক্ষেত্র হল তার পরিবার। পরিবার থেকেই প্রথম শুরু সে শিক্ষা। রাজ্য বা দেশের জন্য যাতে কাজ করতে পারেন এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা বানাতে পারেন প্রতিটি শিশু আত্মনির্ভর মানসিকতা সম্পন্ন হয়ে উঠতে হবে। অভিভাবকরা নজর রাখবেন। বেটি বাঁচাও বেটি পড়াও উপলক্ষে রাজ্য ভিত্তিক লগু এবং স্লোগান প্রতিযোগিতায় বিভিন্ন বিভাগে প্রথম দ্বিতীয় তৃতীয় প্রতিযোগীদের হাতে আর্থিকভাবে পুরস্কার তুলে দেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা। দিয়া বাতি প্রকল্পে সিপাহীজলা জেলার বিভিন্ন লাইন দপ্তরে আধিকারিকরা বুধবার কর্মসূচিতে উপস্থিত ছিলেন। দিয়া বাতি প্রকল্পে ষষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ এ পড়ুয়া

## বিপন্ন

● আটের পাতার পর

এক বৎসর বয়স থেকে তার মাতা পদ্ম লক্ষ্মী দেববর্মা কোলে পিঠে করে তাকে বড় করে তোলে। তার মা তথা পদ্মলক্ষ্মী দেববর্মা তেলিয়ামুড়া এবং মানিক বাজারে সবজি বিক্রি করে সংসারের ভরণপোষণ করে আসছে। এ সবজি বিক্রি করলে তার ছেলেকে দশম শ্রেণী পর্যন্ত পড়াশোনা করার পর টেস্ট পরীক্ষায় অনুত্তীর্ণ হয়। এরপর থেকেই নাকি মানসিকভাবে ভেঙ্গে পড়ে। শুরু করে নেশা দ্রব্য ব্যবহার করতে থাকে। এক সময় নেশায় মৃত ভিশণ দেববর্মা নেওয়া শুরু করে ড্রাকস। একদিকে আত্মিক সংকট অন্যদিকে ড্রাকসের নেশায় মানসিকভাবে ভেঙ্গে পড়ে। প্রতিনিয়তই দুশ্চিন্তা এবং তেলিয়ামুড়া থানায় মামলা ও ফোন যোগে পুলিশের তলব থাকার কারণে আরো বেশি আতঙ্কগ্রস্ত হয়ে পড়ে ভিশন দেববর্মা। কয়েকদিন চুপচাপ খাওয়া-দাওয়া ছেড়ে দিয়েছিল নিঃসঙ্গ অবস্থায় বসে থাকা ভিশণ মৃত্যু কোলে ঢলে পড়ে চলতি মাসের ২১ তারিখ। তার মা তথা পদ্মর লক্ষ্মীর দেববর্মা আর্থিকভাবে দুর্বল থাকায় তার শ্রাদ্ব শান্তির জন্য হাত বাড়িয়ে দিয়ে দিল তিপ্রা মথা। বুধবার সন্ধ্যায় তিপ্রা মথাটুচ এবং খোয়াই জেলটচচ এর পক্ষ থেকে আর্থিক ভাবে সাহায্য করে মৃত ভিশনের পদ্মলক্ষী দেববর্মার হাতে।

## উদয়পুরে

● আটের পাতার পর

সামগ্রী বিতরণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।উদয়পুর বিভাগের ব্যবসায়ী সংঘের সদস্যদের বাজারে কালোবাজারি নিয়ন্ত্রণে অগ্রণী ভূমিকা পালন করার কথা বলেন। উদয়পুর বিভাগের ব্যবসায়ী সংঘের সদস্যরা মন্ত্রীকে কালোবাজারি সম্পর্কে আশ্বস্ত করেন। খাদ্য দপ্তর,ক্রীড়া দপ্তরের জেলার আধিকারিকদের সাথে বৈঠক শেষে সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বিস্তৃত তথ্য তুলে ধরেন।এরপর খাদ্য মন্ত্রী মনোজ কান্তি দেব উদয়পুর শহরের সোনামুড়া ভিলেজ ও খিলপাড়া এক নং রেশনশপ ঘুরে দেখেন এবং ভোক্তাদের সাথে রেশনে প্যাকেট জাত আটা সরবরাহ সম্পর্কে মতামত গ্রহন করেন।

## কিশোর

● প্রথম পাতার পর

কুড়ি লাখ টাকার সোনার বিস্কুটের রহস্য। তারপর গত ২/৮/২১ ইং কলমচৌড়া থানায় আবু কালাম পাঁচ জনের বিরুদ্ধে মামলা রুজু করেন।অপহৃত ফয়সাল আহমদের পিতা ও মাতা নিজ ছেলে কে বাংলাদেশ থেকে উদ্ধারের জন্য সোনামুড়া পুলিশ প্রশাসক এবং মহকুমা শাসকের নিকট প্রার্থনা করেন। অবশেষে উপ মুখ্য মান্ত্রি এবং ভারত সরকারের পররাষ্ট্র মান্ত্রানালয়ে সমস্থ ঘটনার বিবরন জানিয়ে ফয়সাল কে ফিরিয়ে আনার জন্য আবেদন পএ জমা দেন।পুলিশ প্রশাসন, মহকুমা প্রশাসক,পর রাষ্ট্র মান্ত্রনালয়ের যৌত প্রচেষ্টা বাংলাদেশ সরকারের বরাবরে চিঠি এবং ম্যাজেজ পাঠিয়ে উ দ্ধার করার জন্য দীর্ঘ ২৫দিন প্রতীক্ষার অবশান ঘটিয়ে ,আজ কলসীমুড়া নগর ২০৬৯পিলার দিয়ে ফয়সাল আহমেদ কে বাংলাদেশ সরকারের বি ডি জি বি আধিকারিক গন কলমচৌড়া থানা এবং বি এস এফের হাতে তুলে দেন।তখন দুপুর আড়াইটা কলমচৌড়া থানার ও,সি,বিষ্ণুপদ ভৌমিক এবং শেওড়া তলী বি এস এফ কে স্পের কোম্পানি কুমাআন্দার এ কে পান্ত ফ্লেগ মিটিংয়ে র মাধ্যমে ফয়সাল আহমেদ কে তাদের হাতে বুঝিয়ে দিয়েছেন,সঙে ছিলেন বাগবের পঞ্চায়েত উপপ্রধান মানিক মিয়া এবং কলসীমুড়া উপপ্রধান গ্যায়াস উদ্দিন ও ফয়সালের পিতা।সুস্থ ও সবল ভাবে নিজ বাড়িতে ফিরে আসছে,এই সংবাদে গোটা এলাকায় খুশী এবং বর্তমান প্রশাসনকেও অভিনন্দন এবং ধন্যবাদ জানিয়েছেন সাধারণ নাগরিক।

## সভা সম্পন্ন

● প্রথম পাতার পর

দেববর্মণের জন্মজয়ন্তী বড় আকারে আয়োজনের উদ্যোগের কথা বলেন। তাঁর মতে এখন থেকেই এর পরিকল্পনা নেওয়া দরকার। এক্ষেত্রে অনুষ্ঠানে খ্যাতনামা শিল্পীদের আমন্ত্রণের বিষয়টি দেখার জন্যও তিনি সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দেন তিনি। এদিনের সভায় মুখ্যসচিব ত্রিপুরা পূর্ণ রাজ্য প্রাপ্তির ৫০তম বর্ষ উদযাপনের জন্য তথ্য ও সংস্কৃতি দপ্তর কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে অবহিত হন। এই দিবসটিকে বড় আকারে পালন করার জন্য এখন থেকেই পরিকল্পনা নিতে তিনি পরামর্শ দেন। এই দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের অঙ্গ হিসেবে ট্যুরিজম ফেস্ট, প্রদর্শনী, হাফম্যারাথন আয়োজন সহ স্ট্যাম্প রিলিজ, উজ্জয়ন্ত প্রাসাদে গ্যালারী, নির্দিষ্ট জায়গায় স্মৃতিস্তম্ভ তৈরি বা শিলান্যাসের মতো অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণের বিষয় সভার আলোচনায় উঠে আসে।

সভায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব প্রশান্ত কুমার গোয়েল রাজ্যে 'আজাদি কা অমৃত মহোৎসব' পালনের অঙ্গ হিসেবে তথ্য ও সংস্কৃতি দপ্তর কর্তৃক গৃহিত বিভিন্ন কর্মসূচিগুলি সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, আজাদি কা অমৃত মহোৎসব একটি দু''বছরের স্মারক উদ্যোগ। চলতি বছরের ১২ মার্চ থেকে ত্রিপুরায় এই কর্মসূচির সূচনা হয়েছে। ইতিমধ্যেই ত্রিপুরায় এই মহোৎসব পালনের অঙ্গ হিসেবে স্বাধীনতা সংগ্রামীদের উপর প্রদর্শনী, যোগা প্রদর্শন সহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। সভায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব আজাদি কা অমৃত মহোৎসব পালনের মূল পাচটি থীমের বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন এবং রাজ্যে এই কর্মসূচির সফল বাস্তবায়নে তিনি সমস্ত দপ্তরের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, ত্রিপুরা ২০২২ সালে পূর্ণরাজ্য দিবসের ৫০ বছর পূর্তি পালন করবে। এই দিবসটি পালনে তথ্য ও সংস্কৃতি দপ্তর কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন কর্মসূচি সম্পর্কেও তিনি সভায় অবহিত করেন।

# বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তালিকায় শীর্ষে ভারত

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.) : বুধবার তৃতীয় তৃতীয় টেস্টে মাঠে নামার আগেই টিম ইন্ডিয়ার ড্রেসিংরুমে পৌঁছে গেল সুখবর। বর্তমানে চ্যাম্পিয়নশিপের তালিকার শীর্ষে কোহলি অ্যান্ড কোং। লর্ডসের মাটিতে ইংল্যান্ডকে হারানোর জের। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের তালিকায় শীর্ষস্থানে উঠে গেল ভারত। ১৪ পয়েন্ট নিয়ে শীর্ষস্থানে রয়েছে বিরাট ব্রিগেড। ইংল্যান্ড বনাম ভারতের সিরিজ দিয়েই শুরু হয়েছে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ। ভারতের ইংল্যান্ড সফরে প্রথম ম্যাচ বৃষ্টির কারণে ড্র হয়। সেই ম্যাচ থেকে দুই দল পায় ৪ পয়েন্ট করে। কিন্তু স্লো ওভার রেটের কারণে সেখান থেকে দুই দলেরই ২ পয়েন্ট করে কাটা যায়। এরপর লর্ডস টেস্টে ইংল্যান্ডকে ১৫১ রানে হারায় ভারত। সেখান থেকে ১২ পয়েন্ট পায়। মোট ১৪ পয়েন্ট নিয়ে শীর্ষে উঠে যায় ভারত। তালিকায় ভারতের পরেই আছে পাকিস্তান। তাদের সংগ্রহ ১২ পয়েন্ট। সম্প্রতি ওয়েস্ট ইন্ডিজকে ১০৯ রানে হারিয়ে দ্বিতীয় স্থানে উঠে আসে বাবর আজমরা। তৃতীয় স্থানে আছে ওয়েস্ট ইন্ডিজ। পাকিস্তানের মত তাদেরও সংগ্রহ ১২ পয়েন্ট। চতুর্থ স্থানে রয়েছে ইংল্যান্ড। মোট পয়েন্ট ২। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের নিয়ম অনুযায়ী জয়ী দল পাবে ১২ পয়েন্ট। ড্র হলে ৪ পয়েন্ট ও ম্যাচ টাই হলে পাবে ৬ পয়েন্ট।

বিশেষজ্ঞদের মতে টেস্ট চ্যাম্পিয়ন হতে গেলে ভারতকে ব্যাটিংয়ে ধারাবাহিকতা দেখাতে হবে। ইংল্যান্ড সফরে ব্যাটিং ব্যর্থতায় ভুগেছে ভারত। টপ অর্ডার রান পেলেও ব্যর্থ হচ্ছে মিল অর্ডার। ফলে টেল এন্ডারদের উপর রান করার দায়িত্ব এসে পড়ছে। লর্ড টেস্টেও টেল এন্ডারদের লড়াইয়ে ভর করে ম্যাচ জেতে ভারত। কিন্তু টপ অর্ডার ধারাবাহিকভাবে রানে না ফিরলে চ্যাম্পিয়নশিপে ভুগতে হতে পারে ভারতকে।

# ফের বাইরে অশ্বিন, টানা ব্যর্থ পূজারাকে রেখেই দল গড়ল ভারত

লন্ডন, ২৫ আগস্ট (হি.স.) : অনেক জল্পনা চললেও শেষ অবধি রবিচন্দ্রন অশ্বিনকে প্রথম একাদশে নেওয়া হল না। লর্ডসে যে দল নিয়ে অসাধারণ জয় এসেছে, সেই একই দল নিয়ে লিডসে সিরিজের তৃতীয় টেস্টে খেলতে নামল ভারত। ইশান্ত শর্মা, মহম্মদ শামি, জশপ্রীত বুমরা, মহম্মদ সিরাজ-এই চার পেসারের সঙ্গে জাদেজাকেই স্পিনার অলরাউন্ডার হিসেবে রাখা হল।

বুধবার লিডসে টসে জিতে প্রথম ব্যাট করার সিদ্ধান্ত নেন বিরাট কোহলি। ব্যাট করতে নেমে শূন্য রানে জেমস অ্যান্ডারসনের বলে আউট হয়ে যান লোকেশ রাহুল। লিডসে হেডিংলে টেস্টে লর্ডসের একাদশই অপরিবর্তিত রাখল ভারত। ভারত অধিনায়ক কোহলি জানিয়ে দিলেন, একাদশে কোনও পরিবর্তন হচ্ছে না। অর্থাত, রবিচন্দ্রন অশ্বিন এবং সূর্যকুমার যাদবদের হতাশ হতে হচ্ছে। বেজে গেল ভারত বনাম ইংল্যান্ড তৃতীয় টেস্ট ম্যাচের দামামা। টসের পর তিনি জানিয়েছেন, দলের উইনিং কম্বিনেশন ভাঙতে চাইছেন না। সেকারণে এই টেস্ট ম্যাচেও রবিচন্দ্র অশ্বিনের কোনও জায়গা হয়নি। বিরাট কোহলি বললেন, ''উইকেটটা দেখে মনে হচ্ছে অত্যন্ত শক্ত। সেকারণে খুব দ্রুতই স্কোরবোর্ডে রান উঠবে।'' এই প্রসঙ্গে আপনাদের জানিয়ে রাখি, গত ফেব্রুয়ারি মাসে চেন্নাই টেস্টের পর এই প্রথমবার টসে জিতলেন বিরাট কোহলি।

ভারতের প্রথম একাদশ: রোহিত শর্মা, কেএল রাহুল, চেতেশ্বর পূজারা, বিরাট কোহলি, অজিঙ্কা রাহানে, ঋষভ পন্থ, রবীন্দ্র জাদেজা, ইশান্ত শর্মা, জসপ্রীত বুমরা, মহম্মদ শামি, মহম্মদ সিরাজ।

# এমবাপেকে ভাঙিয়ে আনতে বিরাট অর্থের প্রস্তাব রিয়াল মাদ্রিদের

মাদ্রিদ, ২৫ আগস্ট (হি.স.) : প্যারিস সাঁ জাঁ থেকে কিলিয়ান এমবাপেকে নিতে বিরাট অঙ্কের প্রস্তাব দিল রিয়াল মাদ্রিদ। সূত্রের খবর, ১৬০ মিলিয়ন ইউরোর (ভারতীয় মুদ্রায় ১৩৯৫ কোটি টাকা) প্রস্তাব পাঠানো হয়েছে পিএসজি-র কাছে। তবে পিএসজি-র তরফে এই প্রস্তাব ফিরিয়ে দেওয়া হয়েছে। জানা গিয়েছে, আরও বেশি অঙ্ক চাইছে লিয়োনেল মেসির ক্লাব।

পিএসজি সূত্রের খবর, রিয়াল যদি অর্থ বাড়িয়ে ২০০ মিলিয়ন ইউরো করে তবেই তারা পরবর্তী স্তরে আলাপ-আলোচনা নিয়ে যাবে। কিন্তু রিয়াল তাতে রাজি নয়। ফলে দর কষাকষি অব্যাহত।

আগামী ৩১ আগস্ট এ বছরের মতো ট্রান্সফার উইন্ডো শেষ হয়ে যাচ্ছে। মাদ্রিদের ঘনিষ্ঠ কর্তারা জানিয়েছেন, এমবাপের সঙ্গে চুক্তি এই মুহূর্তে কঠিন। কিন্তু আশা ছাড়ছেন না তাঁরা। আগামী বছর পর্যন্ত পিএসজি-র সঙ্গে চুক্তি রয়েছে এমবাপের। কিন্তু ফ্রান্সের তারকা ফুটবলার নিজেই চাইছেন মাদ্রিদে যেতে। কারণ, ছোটবেলা থেকেই মাদ্রিদে খেলা তাঁর স্বপ্ন। ক্রিশ্চিয়ানো রোনাল্ডোকে দেখে তাঁর এই স্বপ্ন তৈরি হয়েছিল। রোনাল্ডো রিয়াল ছেড়ে দিলেও এমবাপের স্বপ্ন শেষ হয়নি। আগামী মরসুমে ফ্রি ট্রান্সফারে রিয়ালে যোগ দিতে পারেন এমবাপে।

পিএসজি-র তরফে চুক্তি পুনর্নবীকরণের একাধিক প্রস্তাব এলেও প্রতিটিই ফিরিয়ে দিয়েছেন এমবাপে। অনেকে ভেবেছিলেন মেসি আসায় নিজের মন বদলাবেন এমবাপে। কিন্তু ফরাসি ফুটবলার অস্তিত্ব সঙ্কটে ভুগছেন বলে জানা গিয়েছে।

# অজিদের বিরুদ্ধে ঐতিহাসিক দিন রাতের টেস্টে অধিনায়ক মিতালি

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.) : ভারতীয় মহিলা ক্রিকেট দল প্রথমবার দিন রাতের টেস্ট খেলতে নামবে। সেপ্টেম্বরের সেই ম্যাচে ভারতীয় দলের অধিনায়ক থাকছেন মিতালি রাজ। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে একটি দিন রাতের টেস্ট খেলবে ভারত। এক দিনের ক্রিকেটেও অধিনায়ক মিতালি। অস্ট্রেলিয়া সফরের দল ঘোষণা করে বিসিসিআই। টি-২০ সিরিজে অধিনায়ক থাকছেন হরমনপ্রীত কৌর। পারথের মাঠে দিন রাতের টেস্ট খেলবে ভারত। ৩০ সেপ্টেম্বর থেকে শুরু হবে সেই টেস্ট। ইংল্যান্ড সফরে যে ভারতীয় দল গিয়েছিল তার থেকে খুব বেশি পরিবর্তন করা হয়নি। টেস্ট এবং এক দিনের ক্রিকেটের দলে ফিরেছেন স্নেহ রামা। বাঁহাতি স্পিনার রাজেশ্বরী গায়কোয়াড় দলে ফিরেছেন। বাদ গিয়েছেন প্রিয়া পুনিয়া এবং ইন্দ্রানী রায়।

# আইএসএলে খেলবে ইস্ট বেঙ্গল : ঘোষণা মমতার

কলকাতা,২৫ আগস্ট (হি. স.) : অবশেষে কাটল জট। এবার আইএসএলে খেলবে ইস্ট বেঙ্গল। বুধবার নবান্ন থেকে সাংবাদিক সম্মেলন করে ইস্ট বেঙ্গলে আইএসএল খেলার ঘোষণা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই প্রসঙ্গে এদিন মুখ্যমন্ত্রী আরও বলেন, """ইস্টবেঙ্গল এবং শ্রী সিমেন্টের যে সমস্যা চলছিল তা আপাতত মিটে গেছে। যে সমস্যাগুলি রয়েছে সেগুলি নিয়ে পড়ে আলোচনা হবে। আপাতত লাল-হলুদের ইনভেস্টর হিসেবেই থাকছে হরিমোহন বাঙুরের সংস্থা। আগামী আইএসএলে খেলছে ইস্টবেঙ্গল """। আইএসএলে ইস্টবেঙ্গলের খেলা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছিল। দুদিন আগে আমিও কিছুটা রেগে গিয়েছিলাম। তারপরই ওঁদের কাছে আবেদন জানাই শেষমুহূর্তে সরে দাঁড়ালে ইস্টবেঙ্গলের কী করে হবে ? কারণ এতে কোটি কোটি সমর্থকের আবেগ জড়িয়ে রয়েছে। আমরা সবাই চাই, মোহনবাগানও খেলুক, ইস্টবেঙ্গলও খেলুক, আগামিদিনে মহামেডানও খেলুক। এজন্যই আবেদন জানিয়েছিলাম

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# লিডসে ভারতের ব্যাটিং বিপর্যয়, অ্যান্ডারসনদের দাপটে ৭৮ রানেই শেষ ভারতের প্রথম ইনিংস

লিডস, ২৫ আগস্ট (হি.স.) : এডিলেডে ৩৬ রানে গুটিয়ে গিয়েছিল ভারত। বছর পেরোনোর আগেই সেই তিক্ত স্মৃতি ফের একবার ফিরে এল। লিডসে ভারত প্রথম ইনিংসে অলআউট ৭৮ রানে। তাসের ঘরের মত ভেঙে পড়ল ভারতের ইনিংস।

লর্ডসে ঐতিহাসিক জয়ের পরে লজ্জাজনক কান্ড ঘটাল ভারতের ব্যাটিং লাইনআপ। প্রথম টেস্টে ড্রয়ের পর, লর্ডসের দ্বিতীয় টেস্টে দুরন্ত জয় পেয়েছিল ভারতীয় দল। ১৫১ রানে জিতেছিল টিম ইন্ডিয়া। কিন্তু লিডসে তৃতীয় টেস্টের প্রথম দিনেই বিপাকে বিরাট কোহলি অ্যান্ড কোং। ইংরেজ বোলারদের দাপটে মাত্র ৭৮ রানেই শেষ হয়ে গেল ভারতের প্রথম ইনিংস। ব্যাট হাতে ব্যর্থ রোহিত, কেএল রাহুল, ভারত অধিনায়ক বিরাট কোহলি-সহ সমস্ত তারকাই।

বুধবার টস জিতে প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেন ভারত অধিনায়ক বিরাট কোহলি। কিন্তু শুরুতেই ধস নামে ভারতের ইনিংসে। সৌজন্য জেমস অ্যান্ডারসন। তবে শুধু অ্যান্ডারসন নন, অন্যান্য ইংরেজ বোলার যেমন-ওলি রবিনসন, স্যাম কুরান, কিংবা ক্রেগ ওভারটনরা। বলতে গেলে তাঁদের আগুনে বোলিংয়ের সামনেই কোনও ভারতীয় ব্যাটসম্যানই বেশিক্ষণ ক্রিজে টিকতে পারেননি।

এদিন প্রথম ওভারেই আউট হন লর্ডস টেস্টের শতরানকারী কেএল রাহুল। শূন্য রানেই অ্যান্ডারসনের বলে আউট হন তিনি। এরপর পালা চেতেশ্বর পূজারার। চলতি সিরিজে একেবারেই রানের মধ্যে না থাকা পূজারাও একইভাবে অ্যান্ডারসনের বলে আউট হন। তাঁর সংগ্রহ মাত্র ১ রান। এরপর ক্রিজে আসেন ভারত অধিনায়ক বিরাট কোহলি। শুরুটা ভাল করলেও কিছুক্ষণ পরই অ্যান্ডারসনের সুইংয়ের শিকার হন ভারতীয় ব্যাটিংয়ের অন্যতম স্তম্ভ কোহলি (৭)। মাত্র ২১ রানে তিন উইকেট হারিয়ে দিশেহারা ভারতীয় দল।

এরপর রাহানে এবং রোহিত জুটি ধীরে ধীরে দলের রান এগিয়ে নিয়ে যেতে থাকেন। কিন্তু চতুর্থ উইকেটে ৩৫ রান যোগ করার পরই আউট হয়ে যান রাহানে (১৮)। তাঁকে আউট করেন রবিনসন। এরপর কোনও ভারতীয় ব্যাটসম্যানই বেশিক্ষণ ক্রিজে থাকেননি। ব্যক্তিগত ১৯ রান করে বাজে শট খেলে আউট হন রোহিতও। অ্যান্ডারসন আর উইকেট না পেলেও কুরান, রবিনসন এবং ওভারটনের সৌজন্য মাত্র ৭৮ রানেই শেষ হয়ে ভারতের প্রথম ইনিংস।

হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# ফের এনকাউন্টার, এবার গোয়ালপাড়ায় পুলিশের গুলিতে আহত কুখ্যাত অপরাধী অমর থাপা

গোয়ালপাড়া (অসম), ২৫ আগস্ট (হি.স.) : অসম পুলিশের আবারও এনকাউন্টার। এবার গুলিবিদ্ধ হয়েছে কুখ্যাত অপরাধী মাদক কারবারি, অপহরণকারী অমর থাপা। ঘটনা গোয়ালপাড়া জেলার অন্তর্গত রংজুলির বেলপাড়ায় সংঘটিত হয়েছে। মোস্ট ওয়ান্টেড অমর থাপা পুলিশের হাতে আটক হলে তার হেফাজত থেকে একটি ৯ এমএম পিস্তল, তিন রাউন্ড সক্রিয় গুলি এবং ৪০০টি নেশার ট্যাবলেট উদ্ধার হয়েছে। অমরের অপর দুই সাঁকরেদকেও পুলিশ আটক করেছে।

আজ বুধবার ঘটনার খবর জানিয়ে গোয়ালপাড়ার অতিরিক্ত পুলিশ সুপার মৃণাল ডেকা জানান, গতকাল রাতে অমর থাপা তার গ্যাঙের সঙ্গে কোনও এক ব্যক্তিকে অপহরণের ছক কষছিল। গোপন তথ্যের ভিত্তিতে তাঁর নেতৃত্বে পুলিশের দল অভিযান চালিয়েছিল। অভিযানের সময় অন্যরা পালিয়ে গেলেও তিনজনকে আটক করা হয়। এরা অমর থাপা, সমীরণ রাভা এবং দ্বীপজ্যোতি রাভা। কিন্তু জল খাবে বলে সুযোগসন্ধানী অমর পুলিশের হাত থেকে নিজেকে ছাড়িয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। তখন বাধ্য হয়ে পুলিশ তার পায়ে গুলি করে তাকে রোখা হয়। রাতেই তাকে গোয়ালপাড়া অসামরিক হাসপাতালে ভরতি করা হয়।

অতিরিক্ত পুলিশ সুপার মৃণাল ডেকা জানান, অমর থাপা বহু অপরাধের সঙ্গে জড়িত। ১৫ দিন আগে সে গোয়ালপাড়া জেলা কারাগার থেকে বেরিয়েছে।

# আগামী ১৫-২০ বছরের মধ্যে ভারতেও বসতে পারে অলিম্পিকের আসর, ইঙ্গিতপূর্ণ মন্তব্য আন্তর্জাতিক অলিম্পিক কমিটির প্রধানের

নয়াদিল্লি, ২৫ আগস্ট (হি.স.) : টোকিও অলিম্পিকের পর এবার সামনে ২০২৪ সালে প্যারিস অলিম্পিক। এরপর ২০২৮ সালে লস অ্যাঞ্জেলস এবং ২০৩২ সালে তা আয়োজিত হবে ব্রিসবেনে। কিন্তু ২০৩৬, ২০৪০ এবং এমনকী তারপরেও অলিম্পিক টুর্নামেন্টের আয়োজন করতে চায় ভারত। সম্প্রতি এমন কথাই জানালেন আন্তর্জাতিক অলিম্পিক কমিটির প্রেসিডেন্ট থমাস বাক।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটি ঘোষণা করেছে, ২০৩২ সালে ব্রিসবেন শহরে অলিম্পিকের আসর বসতে চলেছে। তবে ২০৩৬ এবং ২০৪০ সালে অলিম্পিকের আয়োজন করার জন্য যে সকল দেশ ইচ্ছা প্রকাশ করেছে, সেই তালিকাটা জানিয়ে দিলেন আইওসি প্রধান। সূত্রের খবর এই তালিকায় ভারত, ইন্দোনেশিয়া, জার্মানি এবং কাতার রয়েছে।

সম্প্রতি অলিম্পিকের আসরে যথেচ্ছ অর্থ ব্যয়, আগেও বিতর্কের কেন্দ্রবিন্দুতে উঠে এসেছে। টোকিও গেমসেও যথেচ্ছ অর্থ ব্যয়ের জন্য বিভিন্ন মহল থেকে প্রতিবাদের সুর শোনা গিয়েছিল। ঠিক এমন সময় এই মন্তব্য করলেন থমাস বাক।

এদিকে, ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের সাধারণ সচিব রাজীব মেহতা এক সাক্ষাতকারে এই প্রসঙ্গে মন্তব্য করেছেন, আগামীদিনে ভারত এই টুর্নামেন্ট আয়োজন করার জন্য মুখিয়ে রয়েছে। তিনি বললেন, ''টোকিও অলিম্পিক শুরু হওয়ার আগে ভিডিও কনফারেন্সের মাধ্যমে একটা বৈঠকের আয়োজন করা হয়েছিল। সেই বৈঠকেই ২০৩৬ সাল কিংবা তারপরে ভারতে অলিম্পিকের আয়োজন করার ইচ্ছা প্রকাশ করা হয়েছে।'' অলিম্পিকের পাশাপাশি ২০৩০ সালে এশিয়ান গেমস এবং ২০২৬ সালে যুব অলিম্পিক গেমস আয়োজনের ব্যাপারেও ভারত ইচ্ছাপ্রকাশ করেছে। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# ইউএস ওপেন থেকে সরে গেলেন সেরিনা উইলিয়ামস

ওয়াশিংটন, ২৫ আগস্ট (হি.স.) : হ্যামস্ট্রিংয়ে চোটে কাবু আন্তর্জাতিক টেনিস তারকা সেরিনা উইলিয়ামস। এই কারণে এবার ইউএস ওপেন থেকে সরে দাঁড়ালেন সেরিনা।

এবারও মার্গারেট কোর্টের বিশ্বরেকর্ড স্পর্শ করা হল না সেরিনা উইলিয়ামসের। কারণ হ্যামস্ট্রিংয়ের চোটে কাবু হওয়ার জন্য আসন্ন ইউএস ওপেন থেকে সরে দাঁড়ালেন উইম্বলডন চ্যাম্পিয়ন সেরিনা। ২৩টি গ্র্যান্ড স্ল্যামের মালকিন সেরিনা আর একটি খেতাব জিতলেই ছুঁয়ে ফেলবেন মার্গারেট কোর্টের ২৪টি গ্র্যান্ড স্ল্যাম জয়ের বিশ্বরেকর্ড। কিন্তু গত উইম্বলডন থেকে চোট তাঁর সঙ্গী। তাই শেষ পর্যন্ত সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিতে বাধ্য হলেন।

ইউএস ওপেন থেকে সরে দাঁড়ানোর ব্যাপারে সেরিনা ইনস্টাগ্রামে লিখেছেন, ''আমার ডাক্তার ও পরিবারের সঙ্গে কথা বলার পর ইউএস ওপেন থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিলাম। কারণ হ্যামস্ট্রিংয়ে চোট পাওয়ার পর আমার বিশ্রাম প্রয়োজন। নিউ ইয়র্ক আমার খুবই পছন্দের শহর। তবে এ বার সেখানে থাকতে পারব না।''

প্রথম সেটে শুরুতে বেলারুশের প্রতিপক্ষের সার্ভিস ব্রেক করে ৩-১ গেমে এগিয়ে গিয়েছিলেন সেরিনাই।

কিন্তু এরপরই হঠাত বাঁ পায়ের গোড়ালি বাজে ভাবে মচকে গিয়েছিল। চিকিতসার জন্য কোর্ট ছেড়ে বেরিয়ে যেতে বাধ্য হয়েছিলেন। ফলে চোখের জলে সেন্টার কোর্টকে বিদায় জানিয়েছিলেন। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# আগামীকাল বৃহস্পতিবার থেকেই দল গঠনের কাজে নেমে পড়বে এসসি ইস্টবেঙ্গল

কলকাতা, ২৫ আগস্ট (হি.স.) : দীর্ঘ প্রতীক্ষার অবসান। অবশেষে আইএসএল-এ খেলছে এসসি ইস্টবেঙ্গল। বুধবার নবান্নে ক্লাব ও শ্রী সিমেন্টের সঙ্গে বৈঠকের পর এ কথা জানিয়ে দেওয়া হয়। দল গঠনের জন্য বেশি সময় নেই। তাই আগামীকাল বৃহস্পতিবার থেকেই দল গঠনের কাজ শুরু করে দেবে এসসি ইস্টবেঙ্গল।

বুধবার এসসি ইস্টবেঙ্গলের এক কর্তা বলেন, "আমরা তৈরি ছিলাম। চুক্তি সই হলেই দল গঠনের কাজে যাতে নেমে পড়া যায়। তবে চুক্তি সই না হলেও এ বছর আমরা খেলছি। তাই বৃহস্পতিবার থেকেই দল তৈরির কাজ আমরা শুরু করে দেব। বিস্তারিত কিছু এখনই বলা যাবে না।''

ইস্টবেঙ্গল ক্লাবও তৈরি রয়েছে ফুটবলারদের তালিকা নিয়ে। শ্রী সিমেন্ট কর্তৃপক্ষ যদি কোনও সাহায্য চায় তবে তা করতে রাজি রয়েছে লাল-হলুদ ক্লাব। নবান্ন থেকে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক সেরে এসে দেবব্রত সরকার বলেন, "আমাদের তরফ থেকেও দল তৈরি রয়েছে। তবে দলগঠনের দায়িত্ব বিনিয়োগকারীদের। ওঁরা যদি আমাদের থেকে কোনও রকম সাহায্য চান, আমরা প্রস্তুত আছি। প্রয়োজনে প্রাক্তন ফুটবলারদের পরামর্শও নিতে পারেন ওঁরা।''

হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

**The Executive Engineer, Water Resource Division no-II, Khadya Bhawan (Third Floor), Pandit Neheru Complex, Gurkhabasti, Po-Kunjaban, Agartala, PIN-799006**, invites **e-RFP** against press NIEOI No . **01/EE/WRD-11/2021-22** * Dated **23-08-2021** on behalf of the "GOVERNOR OF TRIPURA" for appointment of consultants of national repute, to execute Consultancy Services of the proposed project consisting of preparation of Detailed Project Report (DPR) for "Construction of Sluice Gate with vertical steel shutter at Battali • in Sonamura-Agartala N.H. over Kachicherra under Melaghar MC during the year 2020-21".
This is an invitation for **e-Request For Proposal ( RFP)** open to Consultancy firms who have experience in the consultancy work of similar nature of works including water front Development and consider themselves capable to undertake consultancy work for the projects. Last date of e-bidding document downloading & Uploading is 23-09-2021 upto 3.00 P.M. in website **https://tripuratenders.gov.in.**
For more details kindly visit: **https://tripuratenders.gov.in vide tender I.D:- 2021_CEWR_22209_1 or contact with the 0/0 the bid inviting authority Ph No: 7005447625/9436121525**

**Ex Ave Engineer:"**
**Water source Division no-II**
**Khadya Bhawan (Third Floor),**
**Pandit Neheru Complex, Gurkhabasti**
**PO-Kunjaban, Agartala, PIN-799006**

**ICA-C-1888/2021-22**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: e-PT-33/EE/RDAD/ 2021-22 Dt. 24/08/2021**
On behalf of the Governor of Tripura, the Executive Engineer, RD Agartala Division, Government of Tripura invites item wise separate e-tender (two bid) from the eligible bidders up to 3 PM of 06/09/2021 for the following works: "Finalization/approval of rate and empanelment of vendors for Manufacturing, Supplying and installation including fitting fixing in position precast RCC Citizen Information Board (CIB) along with display of all prescribed information as per standard design template of MoRD at work site for Individual and Community Work under Mahatma Gandhi NREGA (details are at Annexure-D, E & F of concerned DNIT) in different Block areas under West Tripura District" as given below:
(1) At Belbari R D Block: Estimated cost: Rs. 20.00 lakh.
(2) Iirania R D Block : Estimated cost: Rs. 30.00 lakh
(3) Old Agartala R D Block: Estimated cost: Rs. 20.00 lakh.
(4) Mandwi R D Block : Estimated cost: Rs. 50.00 lakh
(5) Dukli R D Block: Estimated cost: Rs. 50.00 lakh.
(6) Bamutia R D Block : Estimated cost: Rs. 50.00 lakh
(7) Mohanpur R D Block: Estimated cost: Rs. 50.00 lakh.
(8) Hezamara R D Block : Estimated cost: Rs. 50.00 lakh
(9) Lefunga R D Block : Estimated cost: Rs. 30.00 lakh
Bid shall be uploaded in two-bid system - (i) Technical bid and (ii) Financial bid. Technical bids shall be opened first and after completion of technical evaluation, price/financial bids in respect of technically acceptable offers only shall be opened. For details, visit website https://tripuratenders.gov.in for concerned DNIT and contact at 0381 2325988. Any subsequent corrigendum/Memorandum will be available in the website only.

**Executive Engineer**
**RD Agartala Division**
**Gurkhabasti, Agartala**

**ICA-C-1891/2021-22**



বুধবার গন্ডাছড়ায় বামপন্থী যুব সংগঠনগুলির তরফ থেকে চাকুরী কোথায় প্রশ্ন তুলে মিছিল সংগঠিত করা হয়েছে। ছবি নিজস্ব।

# কমলাসাগরে ওএনজিসির গাড়ি এবং আধিকারীকদের আটকে রাখল পাওনাদাররা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** বিশালগড় মহাকুমার কমলাসাগর বিধানসভা কেন্দ্রের নতুন কলোনি এলাকায় স্থানীয় জনগণের বকেয়া টাকা মিটিয়ে না দিয়ে ওএনজিসির কর্মকর্তারা তল্পিতল্পা গুটিয়ে চলে যাওয়ার চেষ্টা শুরু করেছেন। বুধবার স্থানীয় জনগণ তাদেরকে আটকে রেখেছেন। ওএনজিসির ডিলিং সাইডের জায়গার বকেয়া টাকা না দিয়ে চলে যাওয়ার সময় গাড়িসহ অফিসারদের আটক করে আন্দোলনে নামল এলাকার জনগণ। ঘটনা কমলাসাগর নতুনকলোনি এলাকায়। অভিযোগ দীর্ঘ সাড়ে চার বছর যাবৎ জনগণের জায়গার টাকা না দিয়ে প্রতারণা করে আসছে ওএনজিসি কর্তৃপক্ষ। তাদের দাবি বকেয়া টাকা পরিশোধ না করলে গাড়িসহ অফিসারদের যেতে দেওয়া হবে না। জানা যায় ২০০৮ সালে কমলাসাগর নতুন কলোনি এলাকায় ওএনজিসি পক্ষ থেকে ডিলিং করার জন্য আসে।পরবর্তী সময়ে ওই এলাকার ৭ জন লোকের কাছ থেকে জায়গা চেয়ে নেওয়া হয় এবং প্রতিমাসে টাকা দেয়া হবে বলে প্রতিশ্রুতি দেওয়া হয়। যথারীতি গত ৯ বছর যাবত টাকা দিয়ে আসলেও সাড়ে চার বছর যাবৎ কাউকে সেই জায়গার টাকা দেওয়া হচ্ছে না। আর সেই টাকা না দিয়ে ওএনজিসি কর্তৃপক্ষ বুধবার সকাল বেলা তাদের সমস্ত জিনিসপত্র নিয়ে সেখান থেকে চলে যাওয়ার সময় এলাকার জনগণ জড়ো হয়ে তাদের আটক করে এবং মূল গেটের সামনে বাঁশ দিয়ে বেড়া দিয়ে আন্দোলন করতে থাকে। তাদের বক্তব্য সকলের বকেয়া টাকা পরিশোধ করে যেতে হবে।নতুবা তাদের আটক করে রাখা হবে। তানিয়ে দীর্ঘক্ষন আন্দোলনরত থাকলেও কর্তৃপক্ষের কোনো হেলদোল নেই। যদিও সমস্ত গাড়ি সহ অফিসারদের জনগণ আটক করে রেখেছে সকাল থেকেই।

# বিশালগড়ে রাজ্যের প্রথম দিয়া বাতি প্রকল্পের উদ্বোধন করলেন সমাজকল্যাণ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৫ আগস্ট।।** বুধবার সকাল ১১ টায় রাজ্যের মধ্যে প্রথম সিপাহীজলা জেলা দিয়া বাতি প্রকল্পের উদ্বোধন করেন বিশালগড় ছায়ানট হলে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা হাত ধরে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, উপস্থিত ছিলেন জেলা পরিষদের সহ সভাধিপতি পিন্টু আইস, সিপাহীজলা জেলাশাসক বিশ্বশ্রী বি এছাড়াও ছিলেন সমাজসেবী অঞ্জন পুরকায়স্থ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন সিপাহীজলা জেলা সমাজ কল্যাণ দপ্তর আধিকারিক ডা: চন্দ্রানী বিশ্বাস। এছাড়া সিপাহীজলা জেলাশাসক বিশ্বশ্রী বি আলোচনা করতে গিয়ে তিনি বলেন বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির শিকার হয়ে বহু প্রতিভাবান মেধাবী শিশু পূর্ণরূপে বিকশিত হওয়ার আগেই ঝরে যায়।

এ ধরনের শিশুদের জন্য ত্রিপুরা সরকারের অধীন সিপাহীজলা জেলা প্রশাসন এবং জেলা শিশু সুরক্ষা ইউনিট সমাজ কল্যাণ সমাজ শিক্ষা দপ্তর সিপাহীজলা জেলা নিয়ে এসেছে এক অভিনব প্রকল্প যার নাম দেওয়া হয়েছে দিয়া বাতি। রাজ্যের মধ্যে এ প্রকল্পটি সিপাহীজলা জেলায় শুরু হয়েছে প্রথম। সিপাহীজলা জেলা শিশু সুরক্ষা ইউনিটের এক সমীক্ষায় দেখা গেছে এই জেলায় এই ধরনের ১৯৪১ জন শিশু রয়েছে। যাদের মধ্যে অনাথ কিংবা একজন অভিভাবক থাকা শিশু আর্থিকভাবে অনগ্রসর, শিশু ভিন্ন ভাবে অক্ষম শিশু অভিভাবক দ্বারা পরিত্যক্ত, শিশু একজন অভিভাবক জেলে রয়েছে এরকম শিশু রয়েছে। যাদের সমাজ কল্যাণ সমাজ শিক্ষা দপ্তর এর মাধ্যমে বিভিন্ন সাহায্য করা হচ্ছে। কিন্তু এদের মধ্যে কিছু শিশু রয়েছে সমাজ কল্যাণ সমাজ শিক্ষা দপ্তর থেকে কোন স্কিমের সাহায্য পাওয়ার যোগ্য নয়।

ঠিক সেইসব পিছিয়ে পড়া শিশুদের ☞ ৬ এর পাতায় দেখুন

# উদয়পুরে খাদ্য ও ক্রীড়া দপ্তরের কাজকর্মের পর্যালোচনা করলেন মন্ত্রী মনোজ কান্তি দেব

**নিজস্ব প্রতিনিধি,উদয়পুর, ২৫ শে আগস্ট।।** আজ গোমতি জেলা ভিত্তিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। আজ খাদ্য ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী মনোজ কান্তি দেবের পৌরহিত্যে গোমতী জেলা শাসকের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয় গোমতী জেলা ভিত্তিক এক পর্যালোচনা বৈঠক। আজকের এই পর্যালোচনা বৈঠকে ত্রিপুরার খাদ্য ও ক্রীড়া মন্ত্রী মনোজ কান্তি দেব ছাড়াও উপস্থিত ছিলেন গোমতী জেলা সভাধিপতি স্বপন অধিকারী, ৩২ মাতাবাড়ি কেন্দ্রের বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, অমরপুরের বিধায়ক রঞ্জিৎ দাস, ৩০ বাগমা বিধান সভা কেন্দ্রের বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক বুবর্টো মোহন ত্রিপুরা, বিধায়ক সিন্ধু চন্দ্র জমাতিয়া, গোমতী জেলা শাসক রাভেল হেমেন্দ্র কুমার সহ খাদ্য দপ্তরের তাপস মজুমদার, সুকান্ত দে ও ক্রীড়া দপ্তরের গোমতী জেলার আধিকারিক বৃন্দ, উদয়পুর মহকুমা শাসক অনিরুদ্ধ রায়, অমরপুর ও করবুকের মহকুমা শাসক। গোমতী জেলার খাদ্য ও ক্রীড়া দপ্তরের আধিকারিকদের নিয়ে বৈঠক করে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় যেমন- ওয়ন নেশান ওয়ান রেশন কার্ড, প্রধান মন্ত্রী গরিব কল্যাণ অনযোজনা, মুখ্যমন্ত্রী রিলিফ প্যাকেজ, ধান ক্রয়ে গোমতি জেলার মধ্যে উদয়পুর মহকুমার রেকর্ড ধান ক্রয়, উদয়পুর মহকুমায় গত তিন বছরে ৫০০০নতুন রেশন কার্ড প্রদান, ৮২২১জনকে নাফসা কার্ড বিতরণ সহ বিভিন্ন সাফল্যের খতিয়ান তুলে ধরা হয়, এই সভাতে রেশন সপ ডিলার এসোসিয়েশনর এক প্রতিনিধি দল খাদ্য মন্ত্রীকে সংবর্ধনা জ্ঞাপন করেন এবং ডিলারদের কমিশন বৃদ্ধি সহ বিভিন্ন দাবি সনদ পেশ করেন। ক্রীড়া দপ্তরের আধিকারিকরা সুইমিং পুল উন্নয়ন, মাল্টি জিম ব্যবস্থা, ক্রীড়া শিক্ষক নিয়োগ ও ক্রীড়া ☞ ৬ এর পাতায় দেখুন

# গবাদী পশু পাচার রোধে পুলিশ আইনানুগ কঠোর ব্যবস্থা নিচ্ছে না বলে অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২৫ আগস্ট।।** গরু পাচার রোধে পুলিশ আইনানুগ কঠোর ব্যবস্থা নিচ্ছে না বলে অভিযোগ উঠেছে। পানিসাগর থানায় গরুর গাড়ি আটক করে তুলে দেওয়ার পরও পুলিশ আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করেনি। তাতে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অবৈধ ভাবে পাচার হওয়া গরু সহ দুটি গাড়ি আটক করে পুলিশের হাঁতে তুলে দিলেও সামান্য অর্থ রাশি জরিমানা হিসাবে আদায় করে গরু সহ গাড়ি গুলো থানা থেকে ছেড়ে দেওয়া হয়। মঙ্গলবার সারা দিন দুটি গরুর গাড়ি আটককে কেন্দ্র করে নাটক চলে পানিসাগর থানায়।

সন্ধ্যা হতেই গরু সহ গাড়ি ছেড়ে দেওয়া হয়। এ ধরনের কর্মকান্ডে আবারও কলঙ্কিত পানিসাগর থানা। নগদ নারায়ণে যে হাবু-ডুবু খান থানা বাবুরাএটা কোন নতুন গল্প নয়। পানিসাগর থানা থেকে বছর দু এক আগে থানার বড় বাবু বিভাষ রঞ্জন দাস গাঁজা আটক করে প্রায় কয়েক লক্ষাধিক টাকার গাঁজা লুকিয়ে রাখার অভিযোগে বদলি হয়েছিলেন তা সকলেরই জানা। বর্তমান পানিসাগর থানার সাব ইন্সপেক্টর বি কে ত্রিপুরা অবৈধ বিলাতী মদ আটক করে কয়েক লক্ষাধিক টাকার মদ অনত্র সরিয়ে দেন। পানিসাগর থানার পুলিশ এতোটাই নিষ্ক্রিয় যে থানার উলটো দিকের হোটেল গুলিতেই চলছে অবাদে দেশি ও বিলাতী মদ বিক্রি। সেই হোটেল গুলিতে প্রকাশ্যেই দিনের আলোতে লোকজনরা বসে সুরা পান করছে।

এমনকি কয়েকজন পুলিশ কর্মীও নিয়মিত সেই হোটেল গুলিতে গিয়ে সুরা পান করে বলে অভিযোগ।নাম প্রকাশে অনিচ্ছুক পানিসাগর থানায় কর্মরত এক পুলিশ কর্মী প্রতিবেদককে জানিয়েছেন পানিসাগর থানায় কাগজে কলমে বড়বাবু সৌগত চাকমা হলেও থানা পরিচালনার দায়িত্ব নিজের কাধেই নিয়ে রেখেছেন দ্বিতীয় বড় বাবু বি কে ত্রিপুরা। থানার বড় বাবু সৌগত চাকমা নেহাতই একজন ভালো মানুষ।তিনি এই সমস্ত কোন ঘটনার সাথে জড়িত না হলেও সব কিছু দেখে শুনেও বিকে ত্রিপুরাকে কোন ভাবেই নিয়ন্ত্রণে রাখতে পারছেন না। পানিসাগর থানার অন্তর্গত রামনগর এলাকায় দীর্ঘ দিন ধরে সাপ্তাহিক মঙ্গলবারে গরু বাজার বসে। প্রথমে এই গরু বাজারে গ্রামের এবং আশপাশ গ্রামের কৃষিজীবী অংশের মানুষ গরু কেনা বেচা করলেও বাজারটি ধীরে ধীরে অনেকটাই বড় হয়ে যায়। এখন অনেক দূর দূর থেকে গরু পাইকাররা আসে এই রামনগর বাজারে। এই বাজার থেকেই গরু কিনে নিয়ে বাংলাদেশে পাচার করছে। পুলিশ প্রশাসন সহ সংশ্লিষ্ট মহল সকলেই অবগত থাকলেও কোন এক অজ্ঞাত কারনে কোন পদক্ষেপ গ্রহন করছে না। পানিসাগর থানার সামনে দিয়ে গরুর গাড়ি অবৈধ ভাবে গেলেও পুলিশ অন্ধ ধৃতরাষ্ট্র। খবর নিয়ে যানা যায় ২ টি গাড়ির মধ্যে একটি গাড়ি নিয়ম মেনে কাগজ পত্র দেখে ছাড়া হলেও ১২ টি গরু থাকা আরেকটি গাড়ি বিকে বাবু এমনিতেই ছেড়ে দেন। সন্ধ্যায় এই খবর ছড়িয়ে পড়তেই সাংবাদিকরা পানিসাগর থানায় ছুটে যায়। প্রকৃত তথ্য আড়াল করে থানা থেকে সাংবাদিকদের বিভ্রান্ত করার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ।

দীর্ঘদিন ধরে চলে আসা গরু পাচার বানিজ্য এবং সীমান্ত সুরক্ষা বাহিনীর জাওয়াদের ভুমিকা সম্পর্কে বলতে গিয়ে পানিসাগর বি এস এফ হেডকোয়াটারের ডি আই জি রাজিব দুয়া বলেন বেআইনিভাবে করব নিয়ে যাওয়ার চেষ্টা করছিল।পানিসাগর থানার পুলিশবাবু দের এহেনো কার্যকলাপে সাধারন মানুষ পুলিশের উপর থেকে আস্তা হারাচ্ছেন।দাবি উঠছে পানিসাগর থানার পুলিশ বাবুদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক।

## ক্রীড়া সাংবাদিক গৌতম কর ভৌমিকের জীবনাবসান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** রাজ্যের বরিষ্ঠ ক্রীড়া সাংবাদিক গৌতম কর ভৌমিকের জীবনাবসান হয়েছে। বুধবার বিকালে তিনি ধলেশ্বরস্থিত নিজ বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি মৃত্যুকালে স্ত্রী, একমাত্র পুত্র সহ অনেক আত্মীয়-স্বজন এবং গুণমুগ্ধদের রেখে গেছেন।

এদিকে, বিকেলে আগরতলা প্রেসক্লাবের সামনে মরদেহ আনা হলে সর্বভারতীয় জার্নালিস্ট ইউনিয়নের জেনারেল সেক্রেটারি প্রণব সরকার সহ অনেকেই পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। ইউনিয়নের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার চিরশান্তি কামনা করে, শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হচ্ছে। ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন গৌতম কর ভৌমিক।

তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, শিক্ষামন্ত্রী রতন লাল নাথ সহ বিশিষ্ট ব্যক্তিরা।

## নেশায় আসক্ত হয়ে বহু যুবকের জীবন বিপন্ন

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৫ আগস্ট।।** বর্তমান সমাজ ব্যবস্থাকে একাংশ রাজনীতিক মদতসম্পন্ন মানুষেরা এ পর্যায়ে নিয়ে গেছে যুব সমাজকে তার হাল যুবসমাজকে ধরতে হয়েছে।

তিপ্রা মথা উপজাতি অংশের মানুষের স্বার্থে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে।এক সর্বস্বান্ত বৃদ্ধ মায়ের ছেলের শ্রাদ্ধ শান্তি করার জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন।

এদিকে নেশার কবলে ভাসছে গোটা যুব সমাজ। নেশার কবলে পড়ে মৃত্যুর কোলে ঢলে পড়ছে একাংশ যুবক। তার মৃত্যু একবার বাস্তব চিত্রে উদাহরণ হিসেবে রেখে দিয়ে গেল ড্রাকস সেবন আদতে কতটুক ভয়ানক। মৃত যুবকের নাম ভিশন দেববর্মা। পিতা মৃত অশোক দেববর্মা। মাতা পদ্ম লক্ষ্মী দেববর্মা। বাড়ি তেলিয়ামুড়া থানাধীন মানিকবাজারের গুরুচরণ পাড়া এলাকায়। মৃত ভিশণ দেববর্মার বয়স যখন এক বছর ছিল তখন মারা যায় তার পিতা অশোক দেববর্মা। ☞ ৬ এর পাতায় দেখুন

# দুই পরিবারের মারপিটে গুরুতর আহত তিনজন

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৫ আগস্ট।।** গৃহপালিত পশু হাঁস পালন নিয়ে বিবাদের জেরে দুই পরিবারের মধ্যে তুমুল বাকবিতন্দায় পরে মারপিটে গুরুতর আহত হয়েছেন তিনজন। ঘটনা উদয়পুর কাকড়াবন থানার অন্তর্গত উদয়পুর শালগড়া পশ্চিম পাড়া এলাকায়। আহত তিন জন বর্তমানে টেপানিয়া স্থিত গোমতী জেলা হাসপাতালে চিকিৎসাধীন। সংবাদ সূত্রে জানা যায়, বুধবার শালগড়া পশ্চিমপাড়া এলাকার বাসিন্দা মফিজ মিঞার গৃহপালিত দশটি হাঁস বাড়ির পাশে আলী আশব মিঞার ধানের জমিতে গেলে আলীআশব মিঞা ১০ টি হাঁস মেরে মাটিতে পুঁতে দেয়। মফিজ মিঞার স্ত্রী আলেকা বিবি এই ঘটনা দেখতে পেয়ে জিজ্ঞাসাবাদ করতে গেলে আলী আশব ও তার দুই ছেলে বিল্লাল মিঞা এবং কামাল হোসেন লাঠি নিয়ে এলোপাথাড়ি মারধর শুরু করে বলে অভিযোগ করেন হাঁসের মালিক মফিজ মিঞা। আলেকা বিবি কে বাঁচাতে গিয়ে আহত হয় মনেরা বেগম। দুই পক্ষের মার পিঠে গুরুতর আহত হয় মফিজ মিয়া, স্ত্রী আলেকা বিবি ও মনেরা বেগম। মারপিটের ঘটনায় মফিজ মিয়া উদয়পুর আর.কে পুর মহিলা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন আলি আসব মিয়া এবং তার দুই পুত্র বিল্লাল মিয়া ও কামাল হোসেনের বিরুদ্ধে। কামাল হোসেন ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীতে কর্মরত। সংবাদ লেখা পর্যন্ত আসামি গ্রেফতারের কোন খবর নেই। এই ঘটনায় শালগড়া পশ্চিম পাড়া এলাকায় ছি: ছি: রব উঠেছে।

# নকল কোভিশিল্ড টিকা এবং রেমদেসিভির মায়ানমারে পাচারকালে ধৃত তিন মণিপুরে

ইম্ফল, ২৫ আগস্ট (হি. স.) : নকল কোভিশিল্ড টিকা এবং রেমদেসিভির মায়ানমারে পাচারের সময় মণিপুর পুলিশ তিনজনকে গ্রেফতার করেছে। মণিপুর পরিবার কল্যাণ দফতরের অধিকর্তা লক্ষ্মী দেবী থিংবাইজামের মতে উদ্ধার হওয়া কোভিশিল্ড টিকা ব্যাচ নম্বর ভারতে সিরাম ইনস্টিটিউট উতাদিত টিকার সাথে মিলছে না। তাই, ওই টিকা নকল বলেই প্রমাণিত হয়েছে।

গোপন সূত্রের খবরের ভিত্তিতে সিংজামেই পুলিশ এবং এনএবি-পিএস যৌথ অভিযানে নেমে ২ নম্বর জাতীয় সড়কে হেইজিংগাং সুপার মার্কেটের নিকটবর্তী কাঞ্চিপুর এলাকায় তল্লাশি শুরু করেন। ওই সময় করোনা আক্রান্তের চিকিতায় ব্যবহৃত ঔষুধ একটি গাড়ি থেকে উদ্ধার করেছে পুলিশ। গাড়িটি খুবই সন্দেহজনক অবস্থায় যাচ্ছিল। গাড়ি থেকে মোরেহ এলাকার বাসিন্দা মহম্মদ ফিরোজ খান(৩০) এবং ইমরান খান(২২)-কে পুলিশ আটক করেছে। দুই বাক্সে ওই ঔষুধ পরিবহন করা হচ্ছিল। প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, ওই ঔষুধ মায়ানমার পাচার করা হচ্ছিল। ধৃত দুই জনকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ বিহারের বাসিন্দা শুভম কুমার আনন্দ(২৩)-কে গ্রেফতার করতে সক্ষম হয়েছে। তার কাছ থেকে ১০০ বোতল কোভিশিল্ড টিকা, ৪৮ প্যাকেট রেমডেশিভির, ল্যাফিলাইজদ পাউডার, সিম কার্ড সহ দুইটি মোবাইল উদ্ধার হয়েছে। উদ্ধার হওয়া সামগ্রীর সঠিক কাগজ দেখাতে পারেনি তারা। তাই, তিনজনকেই পুলিশ গ্রেফতার করেছে। ধৃত শুভম কুমারের বক্তব্য অনুসারে ওই সমস্ত সামগ্রী গত ১৯ আগস্ট ইম্ফল বিমানবন্দর থেকে তারা সংগ্রহ করেছে। মোরেহ এলাকার গুটুর নির্দেশে দিল্লি থেকে বিমানে ওই চিকিতা সামগ্রী আনা হয়েছে। পুলিশ ধৃত তিনজনকেই আদালতে সোপর্দ করেছে। আদালত তাদের শুক্রবার পর্যন্ত পুলিশ রিমান্ডে পাঠিয়েছে।

# খোয়াই মহকুমা শাসকের নিকট চার দফা দাবিতে ডেপুটেশন চাকুরিচ্যুত শিক্ষকদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৫ আগস্ট।।** খোয়াই মহকুমা শাসকের নিকট চার দফা দাবিতে ডেপুটেশন প্রদান চাকুরিচ্যুত শিক্ষকের। কোভিড ১৯ মহামারীর জন্য ভারত সরকারের ঘোষিত লকডাউন চলাকালীন সময়ে বিভিন্ন ঋণের কিস্তি প্রদান সাময়িক কালের জন্য বন্ধ। এই বন্ধ কিস্তির উপর কোন ধরনের জরিমানা না করার নির্দেশ প্রদান করা হয়েছে। এই পরিস্থিতিতে রাজ্যের অর্থ দপ্তরের নিয়ন্ত্রণাধীন ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের বিভিন্ন শাখার অমানবিক সিদ্ধান্তের প্রতিবাদে অনড় ১০৩২৩ শিক্ষক সংগঠন। এই অমানবিক সিদ্ধান্তে তারা খুবই মর্মাহত। আমরা ১০৩২৩ চাকরিচ্যুত শিক্ষক সংগঠন রাজ্য কমিটির কর্মসূচির অঙ্গ হিসেবে বুধবার দুপুরে চার দফা দাবিতে ১০৩২৩ শিক্ষক সংগঠন বিভাগীয় কমিটির উদ্যোগে স্মারকলিপি প্রদান করা হয়। দাবিগুলো হলো যতদিন পর্যন্ত স্থায়ী বিকল্প চাকরির বন্দোবস্ত হচ্ছে ততদিন পর্যন্ত ঋণের মাসিক কিস্তি বন্ধ রাখা, চাকরিচ্যুত শিক্ষকদের হয়রানি অতি দ্রুত বন্ধ রাখতে হবে, ১০৩২৩ শিক্ষকদের প্রতি প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী স্থায়ী চাকরির ব্যবস্থা করতে হবে, প্রয়াতঃ শিক্ষক পরিবারের সদস্যকে ডাই ইন হার্নেস প্রকল্পে সরকারি চাকুরির ব্যবস্থা করতে হবে। এই চার দফা দাবিতে। আমরা ১০৩২৩ শিক্ষক সংগঠনের খোয়াই মহকুমা কমিটির উদ্যোগে, দেবাসিশ সরকার, রানা দাস, বিতন দেববর্মা সহ ৫জনের প্রতিনিধিদল স্মারকলিপি প্রদান করেন মহকুমা শাসকের নিকট। মহকুমা শাসক আশ্বস্ত করেন অতিশীঘ্রই উপর মহলে কাগজ প্রেরণ করে সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন।

# অচৈতন্য অবস্থায় মহিলা উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর,২৫ আগস্ট।।** গোমতী জেলার উদয়পুর অমরপুর সড়কের পাশ থেকে অচৈতন্য অবস্থায় পড়ে থাকা এক মহিলাকে উদ্ধার করে চিকিৎসার জন্য অমরপুর হাসপাতালে নিয়ে যায় দমকল বাহিনীর জওয়ানরা।

অমরপুর উদয়পুর সড়কের পাশ থেকে এক অজ্ঞান পরিচয় মহিলাকে উদ্ধার করে দমকলকর্মীরা মহকুমা হাসপাতালে নিয়ে যায় চিকিৎসার জন্য। ঘটনাটি ঘটে মঙ্গলবার অমরপুর উদয়পুর সড়কের পাশে। জানা যায় ,ওই মহিলা অজ্ঞান হয়ে রাস্তায় পড়েছিল।খবর পেয়ে অমরপুর দমকল কর্মীরা ঘটনাস্থলে ছুটে গিয়ে উদ্ধার করে অজ্ঞান মহিলাকে অমরপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসেন। বর্তমানে মহিলার চিকিৎসা চলছে। প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক অমরপুর মহকুমা হাসপাতালে ছুটে গিয়ে মহিলার শারীরিক অসুস্থতার খোঁজ খবর নেন। কিন্তু মহিলার নাম ও পরিচয় পাওয়া যায়নি। এ ব্যাপারে এক দমকল কর্মী জানান, তাদের কাছে ফোন আসে। ঐ ফোনের সূত্র ধরেই ঘটনাস্থলে গিয়ে তারা দেখতে পায় অজ্ঞান অবস্থায় ওই মহিলা রাস্তার পাশে পড়ে আছে। বর্তমানে অজ্ঞাত পরিচয় ওই মহিলা অমরপুর হাসপাতালে চিকিৎসাধীন। চিকিৎসকরা তাকে সুস্থ করে তোলার জন্য যাবতীয় চেষ্টা চালিয়ে যাচ্ছেন।


ছাব্বিশ দিন পর বাংলাদেশ থেকে কমলচৌড়ায় ফিরে আসল অপহৃত কিশোর। ছবি নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।